পৃথিবীর উৎপত্তি ও ক্রমবিকাশের ইতিহাস

শ্রীখগেন্দ্রনাথ ভৌমিক

'উপাধিঃ ব্যাধিরেবচ'—এই রকম একটা কথা আছে। উপাধি আপনাকে গ্রাস করেছে—সুতরাং আপনি উপাধিগ্রস্ত অর্থাৎ ব্যাধিগ্রস্ত। কিন্তু বই পড়ে চমক লেগেছে—ভেবেছি, এই যুগেও কি এমন সরস গবেষণা সম্ভব? দূর থেকে আপনার গভীর পাণ্ডিত্যকে, আপনার অচল নিষ্ঠাকে অভিনন্দন জানাই।

ডঃ মুরারি মোহন সেন

শ্রীখগেন্দ্র নাথ ভৌমিক বিরচিত 'পদবীর উৎপত্তি ও ক্রমবিকাশের ইতিহাস' একখানি অতিশয় মূল্যবান গবেষণাধর্মী পুস্তক।... গ্রন্থকার একটি অত্যন্ত শ্রমসাধ্য অভিনব সমাজতাত্ত্বিক অনুসন্ধান ও গবেষণার কাজের সূত্রপাত করলেন তাঁর এই গ্রন্থখানি প্রণয়নের দ্বারা। এজন্য তাঁকে আমার আন্তরিক অভিনন্দন ও সাধুবাদ জানাই। যতদূর আমার জানা, ঠিক এই বিষয়ে ইতঃপূর্বে এত ব্যাপক ও অনুশীলনের ফলাফল গ্রথিত করে এমন পূর্ণাঙ্গ বই লেখা হয়নি। সেই হিসাবে শ্রীযুত ভৌমিক মহাশয়কে এক্ষেত্রে পথিকৃত মনে করা যেতে পারে। কাজেই অন্যাবিধ কৃতিত্ব—গৌরবের সঙ্গে সঙ্গে পথিকৃত্তোর গৌরবও তাঁর প্রাপ্য।

নারায়ণ চৌধুরী

পদবীর উৎপত্তি ও ক্রমবিকাশের ইতিহাস

শ্রীখগেন্দ্রনাথ ভৌমিক

[সংগৃহীত পদবীসমূহ পশ্চিমবঙ্গ ও বাঙ্গালাদেশ ছাড়াও অন্ধ্র, আসাম, উড়িষ্যা, উত্তরপ্রদেশ, কনৌজ, কেরালা, গুজরাট, ছোটনাগপুর, তামিলনাড়ু, দিল্লী, নেপাল, বিহার, মহারাষ্ট্র, মহীশূর, মধ্যপ্রদেশ, রাজস্থান, সাঁওতাল-পরগণা, সিংভূম ও হরিয়ানায় বসবাসকারী কতিপয় জাতির লোকদের দ্বারা ব্যবহৃত ।]

সংকলন কাল ইং ১৯৭৫-১৯৮২

প্রকাশক : 'মিত্রলোকে'র পক্ষে
শ্রীনিশিকান্ত মজুমদার
৫২, কুমারপাড়া লেন,
কলিকাতা-৭০০০৪২

প্রচ্ছদ-শিল্পী : শ্রীহরিপদ দাস

মুদ্রক : শ্রীবংশীধর সিংহ
বাণী মুদ্রণ
১২, নরেন সেন স্কোয়ার
কলিকাতা-৭০০০০৯

বাঁধাই : মাতৃ বুক বাইডিং ওয়ার্ক'স
৪১নং শ্রীগোপাল মল্লিক লেন
কলিকাতা-৭০০০১২

প্রথম সংকলন : অক্ষয়তৃতীয়া, ১৩৮৯

পরিবেশক : দীপালী বুক হাউস
১২/১বি, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট,
কলিকাতা-৭০০০৭৩

মূল্য : গ্রাহকমূল্য—২০ টাকা
সাধারণ মূল্য—৩০ টাকা

উৎসর্গ

*

যাঁরা সমাজ-চিন্তায় পূর্বগামী পথিক

*

হিন্দুজাতির ক্ষয়িষ্ণুতারোধে যুগ যুগ ধরে যাঁরা
সতর্কবাণী উচ্চারণ করেছেন

*

সেই সব জীবিত ও মৃত, জানা ও অজানা মনীষিবৃন্দের
উদ্দেশে
শ্রদ্ধাঞ্জলি

* * *

গ্রন্থকার

ভূমিকা

বাঙালী হিন্দুর নামের দুটি অংশ থাকে : একটি ব্যক্তিগত নাম, অপরটি বংশগত নাম। দ্বিতীয়টি শেষে বসে এবং তাকে উপনাম বলা যায়। এই উপনামটি বংশকে চিহ্নিত করে। কিন্তু তার উৎপত্তি নানাভাবে ঘটেছে। কোথাও পূর্বপুরুষের অতীতের বৃত্তি অনুসারে, কোথাও সরকার প্রদত্ত খেতাব অনুসারে, কোথাও শিক্ষাগত যোগ্যতাসূচক উপাধি অনুসারে। বর্তমানকালে বৃত্তিসূচক উপনাম ব্যক্তি বিশেষের পেশা সূচিত করে না; কারণ অর্থনৈতিক বিন্যাসের পরিবর্তন হেতু পৈতৃক পেশা সাধারণত উত্তরপুরুষ ত্যাগ করে। আবার দেখা যায় একই উপনাম বিভিন্ন বৃত্তিসূচক জাতির মানুষ ব্যবহার করে। এইভাবে উপনামের জটিলতা অত্যন্ত বৃদ্ধি পেয়ে গেছে।

আলোচ্য গ্রন্থের লেখক শ্রীখগেন্দ্র নাথ ভৌমিক এই জটিল বিষয় সম্বন্ধে একটি পূর্ণাঙ্গ আলোচনা করেছেন। কাজটি যে কত কঠিন তা সহজেই বোঝা যায়। তিনি কঠোর পরিশ্রম করে উপনামগুলি সংগ্রহ করে, তাদের বিজ্ঞান সম্মত শ্রেণীতে সাজিয়েছেন। তালিকাগুলিতে বিভিন্ন নীতি অনুসারে উপনামের বিন্যাস দেখিয়েছেন। সবগুলি তালিকা জড়িয়ে পূর্ণ চিত্রটি পাওয়া যাবে। 'খ' চিহ্নিত তালিকায় সকল উপনাম পাওয়া যাবে। এটি সর্বাপেক্ষা ব্যাপক তালিকা। 'গ' চিহ্নিত তালিকায় প্রতি বৃত্তিভিত্তিক জাতির তলায় তার অন্তর্ভুক্ত সকল উপনাম পাওয়া যাবে। অন্যগুলি পরিপূরক তথ্য স্থাপন করে। যেমন 'ঘ' তালিকায় একই উপনাম (লেখকের পরিভাষায় পদবীতে) কতগুলি বৃত্তিভিত্তিক জাতি ব্যবহার করে তা দেখান হয়েছে। যেমন, রায় উপাধি ব্রাহ্মণ, বৈদ্য, কায়স্থ, সুবর্ণবণিক, নমঃশূদ্র প্রভৃতি ব্যবহার করে। তা দেখায় অনেক ক্ষেত্রে উপনামের সাহায্যে বর্তমানে আর বংশের আভিজাত্যের পরিচয় মেলে না।

লেখক ঠিকই বলেছেন যে উপনামের ব্যবহার তুলে দিলে হয়ত জাতিভেদ সম্বন্ধে সচেতনতা উঠে যায়। কিন্তু তার যে একটি ব্যবহার যে নাই, তা নয়। তা ব্যক্তিকে তার পরিবারের সঙ্গে সংযুক্ত করে। দ্বিতীয়ত, রক্ষণশীল মনোভাব এ বিষয় এত প্রবল যে বলপূর্বক ছাড়া এমন নিষেধাত্মক বিধি প্রয়োগ করা যাবে না।

সে যাই হক, গ্রন্থকার যে একটি দুরূহ কাজ সাফল্যের সহিত সম্পাদন করেছেন তা সন্দেহাতীত। এই তথ্য-সমৃদ্ধ গ্রন্থখানি সমাজতত্ত্ব বিষয়ক গবেষণায় একটি মূল্যবান সংযোজন হিসাবে স্বীকৃতি পাবার যোগ্য।

হিরন্ময় বন্দ্যোপাধ্যায়

গ্রন্থকারের নিবেদন

আমার অনুসন্ধিৎসাই এই "পদবীর উৎপত্তি ও ক্রমবিকাশের ইতিহাস" গবেষণার মূল উৎস। পদবীর দ্বারা জাতি নির্দিষ্ট করার ফলাফল, অধিকাংশ ক্ষেত্রেই ঠিক না হওয়ার ব্যাপারে আমার কিঞ্চিৎ অভিজ্ঞতা ছিল। এ বিষয়ে আমার অভিজ্ঞতা বাড়ল যে কয়টি ঘটনায়। তার মধ্যে প্রথমটি হল: এক সময় তফসিলী সম্প্রদায়ের উন্নতিকল্পে গঠিত একটি সংস্থা 'কর্মকার' পদবীধারী জনৈক ব্যক্তিকে তফসিলী সম্প্রদায়ের যথোচিত পরিচয়পত্র দিতে অস্বীকার করেন। সংস্থার বক্তব্য, কর্মকার তফসিলভুক্ত সম্প্রদায় নয় এবং কর্মকার তফসিলভুক্ত কোন সম্প্রদায়ের পদবীও নয়। কিন্তু পরে সেই ব্যক্তি প্রমাণ করেন তাঁর সম্প্রদায় তফসিলভুক্ত। এবং 'কর্মকার' তাঁর গৃহীত পদবী। অতঃপর তিনি কর্মকার এই পদবীতেই সেই সংস্থা থেকে তাঁর প্রয়োজনীয় পরিচয়পত্রও সংগ্রহ করেন। আর এই সূত্রেই তিনি জেলাশাসকের কাছ থেকেও ঐ কর্মকার পদবীতেই পরিচয়পত্র সংগ্রহ করে তফসিল সম্প্রদায়ের সুযোগ-সুবিধাও পান। দ্বিতীয় ঘটনা: এক ব্যক্তির 'মুখার্জী' পদবী। এই মুখার্জী পদবী সাধারণত ব্রাহ্মণের পদবী। কিন্তু এই 'মুখার্জী' পদবীধারী ব্যক্তি তফসিলী সম্প্রদায়ভুক্ত। তিনি এই প্রমাণের ভিত্তিতে তফসিলী সম্প্রদায়ের সর্বপ্রকার সুযোগ-সুবিধা বৈধভাবেই লাভ করেন। তৃতীয় ঘটনা: সংশ্লিষ্ট জেলাশাসকের স্বাক্ষরিত যথাযথ তফসিলী পরিচয়পত্রের জন্য, প্রয়োজনীয় সুপারিশের ভারপ্রাপ্ত পশ্চিমবঙ্গের একটি সরকারী সংস্থার জনৈক অফিসার কর্তৃক 'কর্মকার', 'পোদ্দার', 'মিত্র' প্রভৃতি পদবীধারী তফসিলী সম্প্রদায়ের ব্যক্তিদের ক্ষেত্রে তফসিলী পরিচয়পত্রের জন্য সুপারিশে আপত্তি উত্থাপন।

উল্লেখিত ঘটনাগুলির সঙ্গেই বিভিন্ন সম্প্রদায়ের বন্ধুবান্ধবদের বিভিন্ন পদবীর মধ্যে তাঁদের নির্দিষ্ট সম্প্রদায় সঠিক বুঝতে বিভ্রান্তির সৃষ্টি হওয়ায় এবং দৈনিক পত্রিকাগুলিতে পদবী পরিবর্তনের বিভিন্ন বিজ্ঞপ্তি দেখে, পদবী বিষয়ে বিস্তারিত জানার আগ্রহেই প্রাসঙ্গিক তথ্যাদিসহ পদবীগুলির সংকলনের সিদ্ধান্ত নিই।

এই সংকলনের জন্য গবেষণা করতে গিয়ে নিঃসন্দেহে আমার সীমিত জ্ঞানের প্রসার ঘটেছে। আজও পদবীর মধ্যে যাঁরা সম্প্রদায় খুঁজতে চেষ্টা করেন এ সংকলন তাঁদের সঠিক পথের সন্ধান দিতে পারলেই আমি আমার শ্রম সার্থক বলে মনে করব। এ কথা বলে রাখা বোধ হয় সঙ্গত হবে যে, আমি কোন মৌলিক গবেষণা করিনি, বিভিন্ন গ্রন্থ, পত্রপত্রিকা, সংস্থা ও অনেক সহৃদয় ব্যক্তির সহযোগিতায় এ সংকলনকে রূপ দিতে সমর্থ হয়েছি। সুধী পাঠকবৃন্দ এ সংকলনের ভুলত্রুটি সংশোধনে এবং

অদ্যাবধি আমার অপরিজ্ঞাত সংশ্লিষ্ট তথ্যের সংযোজনে, সহযোগিতা করবেন বলে আমি আশা করি।

কৃতজ্ঞতাপাশে অনেকেই আমাকে বেঁধেছেন—তাঁদের মধ্যে সর্বাগ্রে উল্লেখযোগ্য সাহিত্যিক-সাংবাদিক অগ্রজপ্রতিম শ্রীঅতীন্দ্র হোম রায়, কৈলাশহর মহকুমা নিবাসী ত্রিপুরার রাজপণ্ডিত ৺রামনিধি বিশারদ মহাশয়ের সুযোগ্য পৌত্র অগ্রজপ্রতিম সহকর্মী শ্রীজনার্দন ভট্টাচার্য, মরমী বন্ধু আদিত্যকুমার রায়, কবি নিশিকান্ত মজুমদার ও সহানুধ্যায়ী নিরঞ্জন বাগছী, যাঁদের সক্রিয় সাহায্য ও সহযোগিতা আমার এই বহু বছরের শ্রমকে কিছুটা পূর্ণতা দিয়েছে, এবং আমাকে ধন্য করেছে।

নমস্কারান্তে

অক্ষয়তৃতীয়া
১৩৮৯ সাল
কলিকাতা

বিনীত
শ্রীখগেন্দ্র নাথ ভৌমিক

অ র্প ণ

আমার সহধর্মিনী, স্নেহের ভ্রাতা, ভ্রাতৃবধূ, পুত্র ও ভ্রাতুষ্পুত্রীগণ
যাদের হাতে দিলাম—

শ্রীমতী জ্যোৎস্না ; নরেন, উপেন ; গৌরী, দীপ্তি ;
বাপী, বাপু, বাপ্পা, বাপন ;
রত্না, সীমা, স্বপ্না, শিপ্রা।

গ্রন্থকার

"মিত্রলোক"-এর নিবেদন

শ্রীখগেন্দ্রনাথ ভৌমিকের "পদবীর উৎপত্তি ও ক্রমবিকাশের ইতিহাস" "মিত্রলোক" সংস্থার প্রথম প্রকাশিত বই। ব্যবসায়িক সাফল্যের দৃষ্টিকোণ থেকে এমন একটি বইয়ের সম্ভাবনা, সাধারণ উপন্যাসের তুলনায় হয়ত উজ্জ্বল নয়। তথাপি "মিত্রলোক" এই বইটি নির্বাচন করেছেন, তার গুণগত বৈশিষ্ট্য এবং লেখকের গভীর নিষ্ঠা ও দীর্ঘ বছরের নিরলস সাধনার কথা চিন্তা করে। বস্তুতঃ "মিত্রলোক" মনে করেন, এই বই প্রকাশ করার সুযোগ পেয়ে, তাঁরা নিজেরাই ধন্য হয়েছেন। প্রতিভা, পরিশ্রম এবং পরম নিষ্ঠা—এই তিনটি চরিত্রের সমাবেশ যেখানে ঘটে, সেখানে সৃষ্টির চরিত্রের মধ্যেও উত্তরণ ঘটতে বাধ্য। এই বইটিতে যে তা ঘটেছে, তা পাঠক সমাজ একটু লক্ষ্য করলেই বুঝতে পারবেন।

শ্রীভৌমিক, আমাদের সমাজ জীবনে, ব্যক্তি পরিচয়ের মৌল সমস্যায় একটা মূল শেকড় ধরে টান দিয়েছেন। পদবী দিয়েই সাধারণতঃ চলে আসছে জাতির উঁচু নীচু বিচার। এবং আমরা জানি, জাতের উঁচু-নীচুর মানদণ্ডে সামাজিক মর্যাদা নির্ণীত হয়ে থাকে। লেখকের লেখার বিচারের ক্ষেত্রেও সংকীর্ণ-চিত্ত সম্পাদক সমাজ, এই বিচারবোধ থেকে বহুক্ষেত্রে মুক্ত নন। অথচ বর্তমান গ্রন্থকার নির্দিষ্টভাবে প্রমাণ করেছেন, এই পদবী নির্ণয় পদ্ধতিটি বহু সময় সম্পূর্ণ ভুল অর্থও নির্দেশ করে। যেমন, "মুখার্জী" পদবী ব্রাহ্মণের। কিন্তু "মুখার্জী" পদবী কোন কোন তফসিলী সম্প্রদায়েরও।

মানুষের পরিচয়, পদবীর পদচিহ্ন ধরে নির্ণীত হওয়া, এ যুগের কাছে এক ধরণের পাপ। এটা অবাঞ্ছিত এবং অনভিপ্রেত। কিন্তু আমাদের সমাজে, এই আধুনিকতার অত্যুচ্চ কলরবের মধ্যেও, আজও তা অব্যাহত। কোন শ্রেণী, কোন রাজনৈতিক গোষ্ঠী বা কোন প্রতিষ্ঠিত সমাজসেবী সংস্থার পক্ষ থেকে এর বিরুদ্ধে কোন প্রতিবাদ কখনো শোনা যায় না। এই অচলায়তনের মধ্যে, শ্রীভৌমিকের "পদবীর উৎপত্তি ও ক্রমবিকাশের ইতিহাস" এক বলিষ্ঠ এবং বিজ্ঞানসম্মত প্রতিবাদ। "মিত্রলোক" এই দৃষ্টিকোণ থেকেই বইটি প্রকাশে আগ্রহী হয়েছেন।

শ্রীভৌমিকের এই গবেষণার মধ্যে আগামীকালের জন্য সমাজ চিন্তার প্রভূত উপাদান সঞ্চিত থাকল। পরবর্তী কোন গবেষক এই সম্পদ থেকেই তাঁর সাধনার উপাদান সংগ্রহ করতে পারবেন।

"মিত্রলোক"-এর এই প্রথম বইটি বুদ্ধিজীবী এবং সাধারণ পাঠক সমাজে সমাদৃত হলে, আমরা নিজেদের ধন্য মনে করব।

মৃত্যুঞ্জয় মাইতি

["মিত্রলোক" সংস্থার পক্ষে]

জাতি, উপাধি/পদবীগুলিতে অনুসৃত বর্ণাক্রম :—

অ	ক	ঠ	ফ	স
আ	খ	ড	ব	হ
ই	গ	ঢ	ভ	ক্ষ
ঈ	ঘ	ত	ম	ড়
উ	চ	থ	য	য়
ঋ	ছ	দ	র	
এ	জ	ধ	ল	
ঐ	ঝ	ন	শ	
ও	ট	প	ষ	

বিষয়-সূচী

সূচনা

হিমালয় থেকে কন্যাকুমারিকা পর্যন্ত বিস্তীর্ণ বিশাল ভূখণ্ড আমাদের দেশ ভারতবর্ষ। আর্যদের ভারত আগমনের পর থেকে বিভিন্ন সময়ে নানা জাতির আগমন ও সংমিশ্রণ হয়েছে আমাদের এই দেশে। বহু ভাষাভাষী ভারতজনের দেশে বিচিত্র আচার ব্যবহার ও নানা ধর্মে বিশ্বাস নিঃসন্দেহে বিভিন্ন জাতির বিভিন্ন বৈশিষ্ট্যের পরিচয় বহন করে। খ্রীস্টান, মুসলমান প্রভৃতি ধর্মাবলম্বী জাতিগুলি ছাড়া হিন্দু জাতির প্রধান চারটি বর্ণের অসংখ্য বিভাগ ও উপজাতিগুলির বিভিন্ন গোষ্ঠী বর্তমান। ভারত-ইতিহাসের প্রাচীনত্বের নিরিখে হিন্দু জাতির প্রত্যেক ব্যক্তির বর্ণ ও গোষ্ঠী অনুযায়ী নিজস্ব পদবী ধারণের প্রথা অবশ্য নিতান্তই অর্বাচীন। কালক্রমে বিচিত্র পরিস্থিতিতে নূতন নূতন পদবীর উদ্ভব হয়। সেই পদবীগুলির সংকলন ও পদবী বিষয়ক তথ্যগুলির আলোচনাই এখানে মুখ্য উদ্দেশ্য।

মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করতে যেমন কয়েকটি শব্দের প্রয়োজন তেমনি প্রত্যেক ব্যক্তির প্রাথমিক পরিচয়ে অন্তত দুটি শব্দের একান্তই দরকার। সেই শব্দ দুটির প্রথমটি 'নাম' (NAME) এবং অপর শব্দটিকে 'উপনাম' বলা হয়। এই উপনাম শব্দটিই সাধারণ অর্থে প্রচলিত 'পদবী' (SURNAME)। কেবলমাত্র নাম দ্বারা কোন ব্যক্তির পরিচয় সম্পূর্ণ হয় না; সম্যক পরিচয়ের জন্য পদবীটি অত্যাবশ্যক। কোন ব্যক্তি তার নামের দ্বারা কোন বিশেষ মহলে পরিচিত হলে তার পরিচয়ে আর পদবীর প্রয়োজন হয় না; পক্ষান্তরে, কোন ব্যক্তি তার পদবীর দ্বারা কোন বিশেষ মহলে পরিচিত থাকলে তার পরিচিতিতেও নাম নিষ্প্রয়োজন হতে পারে। তবে নাম ও পদবী একসংগে যুক্ত না-হলে কোন ব্যক্তিরই পরিচয় সম্পূর্ণ হয় না। নাম ও পদবীর মাঝে চন্দ্র, কুমার, লাল, নাথ, বরণ, রঞ্জন, ভূষণ, রাণী, বালা প্রভৃতি যে-পদগুলি ব্যবহৃত হতে দেখা যায় ঐগুলি অধিকাংশ ক্ষেত্রে লিংগবোধক; কদাচিৎ কোন স্থলে নিছক অলংকার মাত্র। নাম ও পদবীর মাঝে ঐরূপ যে-কোন একটি পদের ব্যবহার নিতান্তই ব্যক্তির ইচ্ছাধীন। মধ্যপদটি ব্যবহার না-করলেও পরিচয়ের কোন হেরফের হয় না।

এখন যেমন ব্যক্তির নামের শেষে পদবী থাকে, প্রাচীনকালে অনুরূপ পদবী কেউ ব্যবহার করতেন না। গুণকর্ম অনুসারে আর্য চতুর্বর্ণের পদবী ধারণের প্রথম ধর্মীয় নির্দেশ পাওয়া যায় যথাক্রমে মনু-সংহিতা ও বৃহদ্ধর্মপুরাণ থেকে।

"শর্ম্মবদ্ ব্রাহ্মণস্য স্যাদ্ রাজ্ঞো রক্ষা সমন্বিতম্।
বৈশ্যস্য পুষ্টি সংযুক্তং শূদ্রস্য প্রেষ্য সংযুতম্" ।।
(মনু-সংহিতা)

"ব্রাহ্মণে দেবশর্ম্মানৌ রায়বর্ম্মা চ ক্ষত্রিয়ে।
ধনোবৈশ্যে তথা শূদ্রে দাস শব্দঃ প্রযুজ্যতে" ।।
(বৃহদ্ধর্ম্মপুরাণ)

—এই দুটি শ্লোক থেকে স্পষ্টই প্রতিপন্ন হয় যে, ব্রাহ্মণের "শর্ম্মা" ও "দেবশর্ম্মা", ক্ষত্রিয়ের "বর্ম্মা" ও "রায়বর্ম্মা" বা অনুরূপ কোন রক্ষাকর্মবাচক উপাধি, বৈশ্যের "ভূতি" বা অনুরূপ কোন পুষ্টিক্রিয়াবোধক উপাধি এবং শূদ্রের "দাস" বা অনুরূপ কোন সেবকার্থক উপাধির দ্বারা বর্ণের পরিচয় হবে। কিন্তু বৈদিক যুগ থেকে যে-সব বিশেষ বিশেষ নামের সংগে আমরা পরিচিত সেই সব নামের শেষে পদবী দেখা যায় না; যেমন—বলি, অম্বরীশ, বিপ্রচিৎ, হরিশ্চন্দ্র, (রাজা) দশরথ, (রাজর্ষি) জনক, যুধিষ্ঠির, দুর্যোধন প্রভৃতি। পুরাণ, রামায়ণ ও মহাভারত প্রভৃতি গ্রন্থে কাহারও নামের শেষে পদবীর উল্লেখ নাই। রাজন্যবর্গ ছাড়া বহু মহামুনি ও ঋষির নামও শাস্ত্রগ্রন্থগুলিতে উল্লেখিত আছে, যাঁদের নাম এখনও গোত্রে ও প্রবরে বিদ্যমান। তাঁদের নামের শেষেও বর্ণজ্ঞাপক কোন পদবী দেখা যায় না। একাধিক পুরাণে বৈশ্যদের উপাখ্যান আছে, কিন্তু তাঁদের নামের শেষে বর্ণজ্ঞাপক "ভূতি" অথবা "ধন" শব্দের উল্লেখ নাই। সুতরাং এরূপ সিদ্ধান্তে আসতে পারা যায় যে, শাস্ত্রীয় দ্বাদশ সংস্কার ও ক্রিয়াকাণ্ড ব্যতীত ধর্মীয় নির্দেশ অনুযায়ী নামের সংগে বর্ণের পরিচায়ক শর্ম্মা, বর্ম্মা, ভূতি ও দাস ব্যবহৃত হত না। বৈদিক ও পৌরাণিক যুগের যে-সব রাজর্ষি ও রাজন্যবর্গের নাম পূর্বে উল্লেখ করা হয়েছে সে-সব নাম থেকে পরিষ্কার প্রমাণিত হয় যে, ব্যক্তির নাম দ্বারাই তাঁর পরিচয় প্রকাশ ও পরবর্তীকালে তাঁর বংশের পরিচিতি হত; যেমন—"কুরুবংশ", "রঘুবংশ" ইত্যাদি। তখন পদবীর দ্বারা বংশ পরিচিতি হত না। পৌরাণিক যুগের দীর্ঘদিন পরে হিন্দু সমাজে ধীরে ধীরে নামের সাথে সমাসবদ্ধ পদরূপে পদবীর সংযুক্তি দেখা দিতে থাকে; উদাহরণস্বরূপ উল্লেখ করা যায়—ভবভূতি, দেবদাস, দেবদত্ত, বিষ্ণুশর্মা, ধর্মগুপ্ত, অগ্নিমিত্র ইত্যাদি। বংশানুক্রমিকভাবে যদিও কয়েক শতাব্দী এইভাবে নামের সংগে পদবীর ব্যবহার চলছিল কিন্তু পদবীর দ্বারা বংশের পরিচয় হত না। কালক্রমে দেবদত্ত স্থলে দেবরূপ দত্ত, বিজয় সেন স্থলে বিজয়কুমার সেন এবং বিষ্ণুশর্মা স্থলে বিষ্ণুসেবক শর্মা ইত্যাদি ব্যবহৃত হতে আরম্ভ হল এবং পদবী বংশানুক্রমিক হয়ে পড়ায় পদবীর দ্বারা বংশ পরিচিতি সুরু হল। আবার এও দেখা যায় যে, অতীতে ব্যক্তিগত নামগুলি ছিল একটিমাত্র শব্দ; যেমন, দুর্লভ, গরুড়, কলম্ব

ইত্যাদি। কোন কোন ক্ষেত্রে বন্ধুমিত্র, ধৃতিপাল, চিরাতদত্ত। এ প্রসংগে এও উল্লেখযোগ্য যে, আজকের বঙ্গদেশের পদবী চট্ট, বর্মন, পাল, মিত্র, দত্ত, নন্দন, দাস, ভদ্র, দেব, সেনা, ঘোষ ও কুণ্ডু অতীতের নামের শেষাংশ কিনা তা নিয়েও পণ্ডিত সমাজে মতভেদ রয়েছে।

ভারতের বিভিন্ন অংশে বংশ-পরিচিতির ধারক "পদবী" বা "পারিবারিক নাম" ব্যবহারের বিভিন্ন রীতি পরিলক্ষিত হয়। বাঙ্গালী ও মহারাষ্ট্রবাসী ছাড়া অন্যেরা ততটা পদবী ব্যবহার করেন না। ভারতের দক্ষিণ অংশে অঞ্চলের নামই পারিবারিক নাম বা পদবী, যা ব্যক্তিগত নামের পূর্বে বসানো হয়। আবার কারো কারো নামের পূর্বে তাঁর পিতার নাম যোগ করা হয়; যেমন, সর্বপল্লী রামস্বামী ভেংকটরমন—ক্রমানুসারে প্রথম—পারিবারিক নাম বা পদবী যা অঞ্চলেরও নাম; দ্বিতীয়—পিতার নাম; এবং সর্বশেষে ব্যক্তিগত নাম। তামিলনাড়ুর লোকেরা সাধারণত পদবী ছাড়াই তাঁদের নাম লেখেন। তবে তাঁদের পরিচয়ে যে-চারটি শব্দ ব্যবহার করেন তার প্রথম শব্দটি তাঁদের আদি বাসস্থানের নাম, দ্বিতীয় শব্দটি পিতার নাম, তৃতীয় শব্দটি নিজের নাম ও শেষের শব্দটি পদবী। কুম্ভকোনম্ রঙ্গস্বামী পদ্মনাভ আয়েঙ্গার—এই শব্দ কয়টির দ্বারা উক্ত পদ্ধতিতে একজনের পূর্ণ পরিচয় রয়েছে। তবে আয়েঙ্গার পদবী ব্যবহার না-করলে তার নাম হত পদ্মনাভন্। পশ্চিমাঞ্চলের পদ্ধতিতে দেবদত্ত রামকৃষ্ণ ভাণ্ডারকার—ক্রমানুসারে প্রথমটা ব্যক্তিগত নাম, দ্বিতীয়টা পিতার নাম এবং শেষটি অঞ্চলের নাম বুঝায়।

নিজস্ব বা ব্যক্তিগত নামের মতোই পদবী বা পারিবারিক নাম দ্বারা অনেককেই কে কোন স্থানের অধিবাসী তা সহজেই নির্ণয় করা যায়; যেমন, দক্ষিণভারতে সুব্রহ্মণ্য, মহালিঙ্গ প্রভৃতি ব্যক্তিগত নাম আর আইয়ার ও আয়েঙ্গার ইত্যাদি পারিবারিক নাম বা পদবী। পূর্বভারতে ব্যক্তিগত নাম রাসবিহারী, হরেকৃষ্ণ ইত্যাদি আর মুখোপাধ্যায়, বাসু প্রভৃতি পারিবারিক নাম বা পদবী। ভারতের পশ্চিমে ও দক্ষিণাংশে প্রায়ই অঞ্চলের নামেই পারিবারিক নাম বা পদবী রচিত হয়ে থাকে। বিশেষ করে পশ্চিম অঞ্চলে প্রায়ই পারিবারিক নামগুলি তাদের আদি বাসস্থানের নামের শেষে "কার" শব্দ যোগ করে গঠন করা হয়; যেমন, বিজয় পারকার—যার পরিবার বিজাপুরের আদি বাসিন্দা।

পদবী গ্রহণে হিন্দুর প্রতি শাস্ত্রের নির্দেশ থাকায় ও পদবীর দ্বারা মানুষের সামাজিক মর্যাদা তথা সমাজজীবনে তার স্থান নির্দিষ্ট হওয়ার প্রাথমিক রীতি প্রচলিত থাকায় হিন্দুর ধর্ম তথা সমাজজীবনের প্রাসংগিক তথ্যগুলি আলোচনা এখানে অপরিহার্য।

সমাজ-বিবর্তন

প্রাক্-বর্ণবিভাগ যুগে এক আর্য পিতার বিভিন্ন সন্তান বিভিন্ন বৃত্তি অবলম্বন করে জীবিকা নির্বাহ করতেন। তাদের বৃত্তিবাচক কোন পরিচয় বা ভাগ ছিল না। পরে বিভিন্ন বৃত্তিকে জ্ঞান, শৌর্য, অর্থ ও সেবা এই চারটি ভাগে ভাগ করে এই সব বৃত্তি গ্রহণকারীদের বৃত্তি বা কর্মভিত্তিক ভাগে যথাক্রমে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র নামে চতুর্বর্ণে ভাগ করা হয়। (বর্ণের এক অর্থ গুণ ; গুণানুসারে প্রত্যেককে উক্ত বৃত্তি বা কর্মের জন্য বরণ করা হল)। গুণের দ্বারা কর্মপ্রাপ্তি সাধারণ অর্থে কর্মে দক্ষতা বা কর্মপটুতা বুঝায়। কিন্তু গুণের অপর অর্থ—সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিন প্রাকৃতিক গুণ। প্রত্যেক ব্যক্তিরই প্রাকৃতিক তিনগুণের একটি না একটির প্রাধান্য থাকে এবং সেই গুণাশ্রয়ী কর্মে ব্যক্তির কর্মদক্ষতা দিন দিন বৃদ্ধি পায়। জ্ঞান, শৌর্য, অর্থ ও সেবা কর্মগুলিতে উক্ত প্রাকৃতিক গুণের প্রভাবে কর্মদক্ষতা বা পটুতাই বর্ণসৃষ্টির সূত্ররূপে গৃহীত হয়ে থাকে। সত্ত্বগুণ সম্পন্ন সাত্ত্বিক প্রকৃতির লোক যাঁরা, তাঁরা মুক্তসংগ, অহংবাদশূন্য, ধৃতিমান, উৎসাহী ও সিদ্ধাসিদ্ধ বিষয়ে নির্বিকার ত্যাগী পুরুষ। যাঁরা রজোগুণ সম্পন্ন রাজসিক প্রকৃতির লোক তাঁরা প্রভুত্ব, ক্ষমতা, প্রতিপত্তি, সুখসম্পদের অভিলাষী। তমোগুণ সম্পন্ন তামসিক প্রকৃতির মানুষ অত্যধিক নিদ্রা, আলস্য, ভয় ও মূঢ়তায় আচ্ছন্ন। প্রকৃতির এই তিন গুণভেদ অনুযায়ী মানুষের কর্মক্ষেত্রও মূলত তিন প্রকার। আর ঐ গুণগত কর্মভেদ অনুযায়ী হিন্দুধর্মে বর্ণের সৃষ্টি হয়েছে। অধ্যয়ন, অধ্যাপনা, যথাশাস্ত্র ধর্মানুশীলন, যাগযজ্ঞ সমাপন ও 'সর্বজনহিতায়' কর্মে পৌরোহিত্য করণ সত্ত্বগুণ সম্পন্ন ব্রাহ্মণের কর্ম। রজোগুণজাত প্রভুত্ব, ক্ষমতালোভ, সুখসম্পদ ভোগ, দেশরক্ষা, দেশের শান্তিরক্ষা ও প্রয়োজনবোধে যুদ্ধবিগ্রহ করা ক্ষত্রিয়ের কর্ম। আর, রজোগুণের আধিক্য ও তমোগুণের অল্পতায় কৃষি ও বাণিজ্য দ্বারা দেশের ধনবৃদ্ধি বৈশ্যের কর্ম। কায়িক শ্রমের দ্বারা অন্য তিন বর্ণকে তাদের নিজ নিজ কর্মে সাহায্য করাই তমোগুণ সম্পন্ন শূদ্রের কর্ম। উক্ত প্রাকৃতিক গুণত্রয়ের প্রত্যেকটি গুণই অভ্যাস ও পারিপার্শ্বিক অবস্থার প্রভাবে বর্ধিত বা হ্রাসপ্রাপ্ত হতে দেখা যায়।

উল্লিখিত গুণগত কর্মভেদের চারটি ভাগের অন্যতম জ্ঞানবলের প্রতীক ব্রাহ্মণ তাঁদের জ্ঞান, বুদ্ধি, অহংভাবশূন্যতা প্রভৃতি সত্ত্বগুণের বলে সমাজকে পরিচালিত করতেন। সমাজের সবাই তাঁদের মুখের কথায় চলত বলে তাঁরা সমাজরূপী বিরাটের মুখস্বরূপ। শৌর্য বা বাহুবলের প্রতীক ক্ষত্রিয়—তাঁরা মূলত রজোগুণের অধিকারী বলে তাঁদের বাহুবল দ্বারা সমাজের রক্ষণাবেক্ষণ বা শান্তিরক্ষা করতেন। সমাজকে

রক্ষা করতেন বলেই তাঁরা সমাজরূপী বিরাটের বাহুস্বরূপ। ধনবলের প্রতীক বৈশ্য প্রধানত রজোগুণান্বিত—তাঁরা ব্যবসা-বাণিজ্য দ্বারা ধনের সংস্থানে লিপ্ত থাকতেন। উরু যুগল যেমন উদরকে ধারণ করে সেইরূপ সমাজের উদর পোষণে লিপ্ত থাকতেন বলেই তাঁরা সমাজরূপী বিরাটের উরুস্বরূপ। আর শ্রমবলের প্রতীক শূদ্র তমোগুণাগত ; তাঁরা কায়িক শ্রমের দ্বারা অন্য তিন বর্ণের কর্মের সহায়তা করতেন। পদযুগলকে নির্ভর করে উরু, উদর ও মস্তিষ্ক দণ্ডায়মান বলেই তাঁরা সমাজরূপী বিরাটের পদযুগল স্বরূপ। এখানে সমাজকে বিরাটত্বে স্থান দিয়ে তার সেবায় চারটি কর্মের দ্বারাই চতুর্বর্ণের উৎপত্তি প্রতিপন্ন। কিন্তু ব্রহ্মার মুখ হতে ব্রাহ্মণের, বাহু হতে ক্ষত্রিয়ের, উরু হতে বৈশ্যের ও পদ হতে শূদ্রের উৎপত্তি, এই মতের যৌক্তিকতা গ্রহণযোগ্য কিনা তা ভাববার বিষয়। কারণ, চতুর্বেদের মধ্যে ঋগ্বেদ আর্য তথা হিন্দুদের প্রাচীনতম গ্রন্থ, এবং তাতে গুণভিত্তিক চতুর্বর্ণ সৃষ্টির কথা উল্লেখ আছে ; আর, বৈদিক যুগের অনেক পরে ঋগ্বেদ সংহিতায় "ব্রহ্মার মুখ হতে ব্রাহ্মণের উৎপত্তি" ইত্যাদি শ্লোকের দ্বারা গুণগত কর্মভেদের স্থলে জন্মগত অধিকারের কথা পরিলক্ষিত হয়। এবংবিধ বিভিন্ন মতগুলি গবেষকদের গবেষণার বিষয়।

কর্মের দ্বারা চারটি বর্ণের সৃষ্টি হলেও তখন উহা জন্মগত ছিল না—গুণকর্মভিত্তিক ছিল। বর্ণে বর্ণে যে কোন বিভেদ ছিল না তা নিম্নোক্ত আলোচনাদিতে প্রতীয়মান—প্রাচীনকালে ব্রাহ্মণপুত্র গুণভ্রষ্টতায় এবং কর্ম বা বৃত্তিতে ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্ররূপে খ্যাত হয়েছেন এবং শূদ্রতনয়ও গুণগত উৎকর্ষের জন্য ব্রাহ্মণত্ব লাভ করেছেন। দাসীপুত্র কবষও একজন বৈদিক ঋষি হয়েছিলেন এবং "ভর্তৃহীনা জবালার" পুত্র সত্যকামও "দ্বিজোত্তম" ব্রাহ্মণ বলে গণ্য হয়েছিলেন। উদাহরণস্বরূপ আরও বলা যায়, বিশ্বামিত্র ক্ষত্রিয় কুলে জন্মগ্রহণ করেও ব্রাহ্মণত্ব লাভ করেছিলেন। আবার, পরশুরাম ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করলেও কর্মের জন্য ক্ষত্রিয় বলে পরিগণিত হন।

ব্রাহ্মণ গুণগত বৈশিষ্ট্যে বর্ণের শ্রেষ্ঠরূপে গণ্য হলেও তার ক্ষত্রিয়াদি ত্রিবর্ণের অন্ন গ্রহণের কোন নিষেধবিধি যে ছিল না তার প্রমাণ বহু পুরাণ ও সংহিতায় দেখতে পাওয়া যায়। যাজ্ঞবল্ক্য, পরাশর, বিষ্ণু ও যম প্রভৃতি সংহিতায় এবং অগ্নি, আদিত্য ও কূর্ম প্রভৃতি পুরাণে এইরূপ বিধানের উল্লেখ আছে। বাস্তবক্ষেত্রেও অনুরূপ সামাজিক ব্যবহার ছিল। বর্ণগুলির পরস্পরের মধ্যে বিবাহপ্রথা প্রচলিত ছিল,—ব্রাহ্মণেরা ক্ষত্রিয়া, বৈশ্যা, শূদ্রা ; ক্ষত্রিয়েরা বৈশ্যা, শূদ্রা ; বৈশ্যেরা শূদ্রা পত্নী গ্রহণ করলে তা অনুলোম ; আর, ক্ষত্রিয়েরা ব্রাহ্মণী ; বৈশ্যেরা ক্ষত্রিয়া বা ব্রাহ্মণী ; শূদ্রেরা বৈশ্যা, ক্ষত্রিয়া বা ব্রাহ্মণী পত্নী গ্রহণ করলে তাকে প্রতিলোম বিবাহ বলা হত। শাস্ত্র পুরাণে অনুলোম ও প্রতিলোম বিবাহের দৃষ্টান্তের অভাব নাই। বর্ণগুলির

মধ্যে স্পর্শদোষ ছিল না। শাস্ত্রবিধি অনুসারে শূদ্র পাচকের রান্না-করা অন্নাদি অন্য বর্ণের হিন্দুরা ভক্ষণ করতেন। মনু-সংহিতায় আছে, দাস্যকর্ম দ্বারা জীবিকা অর্জনে অক্ষম হলে শূদ্র পাচকের বৃত্তি গ্রহণ করে তার পরিবার প্রতিপালন করবে।

আর্যগণের গুণভিত্তিক বর্ণবিভাগ কালক্রমে বর্ণকেন্দ্রিক ও বংশভিত্তিক হয়ে দাঁড়ানোর মূলে রয়েছে ঐ চতুর্বর্ণের প্রত্যেক পরিবারের সন্তানদের প্রতি পিতৃপুরুষের অপত্যস্নেহ এবং সন্তানের ভবিষ্যৎ সম্বন্ধে দুর্ভাবনা। ফলে ব্রাহ্মণ তাঁর সন্তানদের বেদ অধ্যয়ন করাতেন এবং নানা শাস্ত্রে সুপণ্ডিত করে তুলতে চেষ্টা করতেন। কিন্তু যে-সন্তান ব্রাহ্মণের গুণের অধিকারী হতে পারতেন না কালক্রমে তিনিও ব্রাহ্মণরূপে স্বীয় বর্ণের সর্বকর্মের অধিকারী হতে লাগলেন। অনুরূপভাবে, ক্ষত্রিয়গণ তাঁদের সন্তানদের যুদ্ধবিদ্যায় পারদর্শী করে তুলতে চেষ্টা করতেন কিন্তু কোন ক্ষত্রিয়নন্দন যুদ্ধ বা শাসনকার্যে পারদর্শিতা দেখাতে না পারলেও ক্ষত্রিয়রূপে পরিচিত হতেন। একইভাবে, অনুপযুক্ত হয়েও বৈশ্যের ছেলে বৈশ্য ও শূদ্রের ছেলে শূদ্র বলেই পরিচিত হতেন। এইরূপে প্রত্যেক বর্ণই নিজ নিজ কর্মগত স্বার্থরক্ষায় সতত তৎপর থাকতেন। ফলত গুণভিত্তিক বর্ণবিভাগের অবকাশ রইল না। তবে তখনকার সমাজব্যবস্থায় বর্ণভিত্তিক কর্মবিভাগ থাকার ফলে বংশগত কর্মে নৈপুণ্য অর্জনের সুযোগ স্বভাবতই প্রত্যেক বর্ণের সন্তানেরা পেত। কিন্তু পরবর্তীকালে নূতন ও পরিবর্ধিত সমাজব্যবস্থায় পূর্বের সুফলদায়ক গুণগত বর্ণবিভাগের স্থলে দেখা দিল জন্মের অধিকারে বর্ণের অধিকার এবং বর্ণের অধিকারে কর্মের অধিকার। সমাজস্বার্থের উপরে স্থান পেল সংকীর্ণ পারিবারিক স্বার্থ বা ব্যক্তিস্বার্থ। এবং ফলত বর্ণে বর্ণে গড়ে উঠল বিরাট ব্যবধান ও বিভেদের প্রাচীর। স্বার্থান্ধ মানুষের দ্বারা জ্ঞান, শৌর্য, অর্থ ও সেবা, কর্মের এই চারটি মূলভাব চতুর্বর্ণের গণ্ডিতে আবদ্ধ হওয়াতে বর্ণে বর্ণে বিভেদ সৃষ্টি হয়েই শেষ হল না; অতঃপর ঐ কর্মগুলির স্তর, শাখাস্তর ও বিভিন্ন উপস্তরে কর্মরত মানুষগুলিকে চিহ্নিত করা হল এক একটি পৃথক জাতের মানুষরূপে। এইরূপে বিভিন্ন কর্ম বা বৃত্তি অবলম্বনকারীরা তাদের বংশানুক্রমিক প্রথার মধ্য দিয়ে বিভিন্ন জাতে পরিণত হল। ক্রমে জাতিগত কর্মগুলির বিভিন্ন স্তরে মানানুযায়ী উচ্চ-নীচ নির্দিষ্ট হতে লাগল। আর, এর ব্যাপক প্রসারের ফলে দেখা দিল জাতপাতের ভেদ-বিচার। এবং জন্মসূত্রে বর্ণ ও শ্রেণী নির্ধারণের সরল ব্যবস্থার ফলে মানুষের সহজাত বৃত্তি এবং স্বাভাবিক গুণ বিকাশের আর কোন সুযোগ রইল না।

আনুমানিক খ্রীস্টপূর্ব পঞ্চম শতাব্দী থেকে খ্রীস্টীয় সপ্তম শতকের শেষ অবধি বৌদ্ধ ধর্মের প্রাধান্য ছিল। এই বৌদ্ধ ধর্ম জাতিভেদ এবং ব্রাহ্মণ্য ধর্মের বিরুদ্ধে বিশেষ আঘাত হেনেছিল; ফলে জাতিভেদের কঠোরতা অনেকটা শিথিল হয়ে

এসেছিল। দীর্ঘদিন ধরে বৌদ্ধ ধর্মের প্রাধান্য এবং বিশেষত বৌদ্ধ শাসনের ফলে ব্রাহ্মণের প্রাধান্য বা জাতিভেদ প্রথার কঠোরতা না থাকায় উচ্চ-নীচ জাতপাতের ভেদাভেদ ছিল না। অসবর্ণ বিবাহের বহুল প্রচলন হয়েছিল। বৌদ্ধ রাজশাসন ও ধর্মের প্রভাবে চতুর্বর্ণের মধ্যে পংক্তিভোজন ইত্যাদি প্রথা প্রবর্তিত হয়েছিল।

খ্রীস্টীয় অষ্টম শতাব্দী থেকেই ব্রাহ্মণ্য ধর্মের পুনরুত্থান সুরু। আর, তখন থেকেই বঙ্গদেশে বৌদ্ধ ধর্মের প্রভাব স্তিমিত হতে থাকে। অবশ্য পাল রাজাদের আমল অবধি বঙ্গদেশে বৌদ্ধধর্মের প্রভাব ছিল। কারণ, পাল রাজারা ছিলেন বৌদ্ধ। সেন রাজাদের শাসনকালে আবার হিন্দু সমাজের পুনর্গঠন আরম্ভ হয়। এই পুনর্গঠনের প্রধান প্রবক্তা ছিলেন রাজা বল্লালসেন। তাঁর রাজসভায় নানা শাস্ত্রে বিশারদ বড় বড় পণ্ডিতের সমাবেশ হয়েছিল। তাঁদের সাহায্যে হিন্দু সমাজে পুনরায় জাতিভেদ প্রথা প্রবর্তিত হয়। বল্লালসেন যে শুধু হিন্দু সমাজের পুনর্গঠন করলেন তা-ই নয়, কর্মভেদ অনুযায়ী এমনভাবে নূতন ৩৬টি জাত বা শ্রেণীর সৃষ্টি করেছিলেন যাতে সমাজে বিভেদের সূচনা হল। এবং শ্রেণীতে শ্রেণীতে উচ্চনিম্ন-বোধ তথা প্রভেদ অনেক বেড়ে গেল। এককথায়, বিষবৃক্ষের বীজ রোপিত হল।

এই বীজ থেকে অংকুরিত বিভেদের বিষবৃক্ষ মহীরুহে পরিণত হয়ে তার শাখা-প্রশাখা ছড়াল। হিন্দু সমাজে দেখা দিল শ্রেণী, গোষ্ঠী, স্পৃশ্য, অস্পৃশ্য ইত্যাদি কত কী রকমারি বিভেদ। ব্রিটিশ ভারতের প্রথম আদমশুমারীতে দেখা যায়, ভারতে প্রায় চার হাজার শ্রেণীর লোক বাস করত। হিন্দু সমাজে ছুৎমার্গ এবং পতিত ও ভ্রষ্ট শ্রেণী ঠিক কখন দেখা দেয় তার প্রামাণিক কাল উল্লেখ করা না-গেলেও বলা যায় যে, বঙ্গদেশে সেন রাজাদের আমল থেকেই এর ব্যাপকতা লক্ষ্য করা যায়। সেন রাজাদের সময়ে বৌদ্ধধর্মে যখন ভাঁটার টান এবং হিন্দু ধর্মে এসেছে জোয়ারের স্রোত তখন থেকে বৌদ্ধরা দলে দলে হিন্দু সমাজে ফিরে আসতে লাগল। যারা প্রথমেই এল তাদের সমাদরেই গ্রহণ করা হয়েছিল। কিন্তু যারা এল না অথবা দুই-এক পুরুষ পরে কিংবা আরও বেশি বিলম্বে হিন্দু সমাজে প্রত্যাবর্তন করল তাদের পর্যায়ক্রমে বিচার করে অনাচরণীয়, ভ্রষ্ট, পতিত, অস্পৃশ্য ইত্যাদি শ্রেণীর লোক বলে গণ্য করা হল। এবং সমাজে এরা পতিত বলেই থেকে গেল। রাজবংশের উৎসাহে ও পৃষ্ঠ-পোষকতায় হিন্দু সমাজের পুনরায় উত্থান ও পুনর্গঠন হল এবং কেবলমাত্র জন্মাধিকারে ব্রাহ্মণগণ শ্রেষ্ঠ বর্ণরূপে শাস্ত্রীয় ক্রিয়াকাণ্ডের অদ্বিতীয় বিধায়ক, হোতা, ধারক ও বাহকরূপে নির্দিষ্ট হলেন। গুণাশ্রয়ী কর্মভিত্তিক বর্ণবিভাগের সুযোগ সমাজে না-থাকায় উল্লেখিত অনাচরণীয়, ভ্রষ্ট, পতিত ও অস্পৃশ্যরূপে চিহ্নিত মানুষগুলির যাঁরা নিজ গুণে ও সাধনায় ব্রাহ্মণ ও উন্নত পর্যায়ের জাতিগুলির সমকক্ষ তাঁরাও অবহেলিত এমনকি ঘৃণিত থেকে গেলেন। হিন্দু শাস্ত্রকারদের নানা প্রকার

কঠোর বিধানে এবং সেন রাজাদের সময় থেকে হিন্দু সমাজে সেই সব অনুশাসনগুলি কঠোরতর ভাবে প্রয়োগের ফলে ব্রাহ্মণবর্ণসহ সকল উন্নত পর্যায়ের জাতগুলির শ্রেণীস্বার্থ ও বিশেষভাবে ব্রাহ্মণদের প্রভুত্ব বজায় থাকল বটে কিন্তু সমাজে বিভেদ শতগুণে বর্ধিত হল। এইভাবে দীর্ঘদিন চলার পর ব্রিটিশ শাসনে দেশে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তন ও তার প্রভাব হিন্দু সমাজে এক বৈপ্লবিক পরিবর্তন এনে দেয়। বঙ্গদেশে তথা ভারতের অন্যান্য প্রদেশে স্কুল-কলেজগুলিতে সমাজের সর্বশ্রেণীর জনগণই শিক্ষার স্বাধীনতা ও সুযোগ লাভ করায় তথাকথিত অনাচরণীয়, ভ্রষ্ট, পতিত ও অস্পৃশ্যরূপে চিহ্নিত জাতের মানুষগুলিও নিজেদের শিক্ষিত ও নানাভাবে যোগ্য করে তোলার সুযোগ লাভ করেন। এবং ক্রমে তাঁদের পূর্বের শ্রেণীগত নির্দিষ্ট কর্মের গন্ডি ছাড়িয়ে যোগ্যতা অনুসারে বিভিন্ন সম্মানজনক কর্মে নিয়োজিত হতে থাকেন। পক্ষান্তরে, ব্রাহ্মণ ও অন্যান্য উন্নত শ্রেণীগুলির অশিক্ষিত ও অযোগ্য লোকদেরও সাধারণ কর্ম গ্রহণ করতে হয়। জাতিবর্ণ নির্বিশেষে গুণ বা যোগ্যতার ভিত্তিতে কর্মসংস্থানের ব্যবস্থা প্রবর্তিত হওয়ায় কর্মের দ্বারা সমাজের তথাকথিত উন্নত ও অনুন্নত লোককে চিহ্নিত করার সুযোগ আজ অবলুপ্তির পথে। তবে একদা যে কর্মদক্ষতা বা যোগ্যতা কর্মভিত্তিক চতুর্বর্ণ বিভাগের সূত্ররূপে গৃহীত হয়েছিল সেই কর্মদক্ষতা বা যোগ্যতার মাপকাঠিতে বিভিন্ন স্তরে কর্মে নিযুক্ত লোকদের জন্য নূতন করে সমাজ গঠন হচ্ছে বা হবে কিনা তা সমাজবিজ্ঞানীদের গবেষণার বিষয়।

পদবী-বিবর্তন

সংখ্যাতীত পদবীগুলির উৎপত্তি হয়েছে নানা কারণে। পদবী, উপাধি ও খেতাবগুলির উৎপত্তিগত বৈচিত্র্য রয়েছে বটে কিন্তু নামের শেষে একাকার হয়ে ব্যবহারের দরুণ এগুলি মৌলিকত্ব হারিয়েছে এবং কোনগুলি পদবী, কোনগুলি উপাধি আর কোনগুলি খেতাব তা এখন আর সাধারণত চেনার উপায় নেই। ইংরেজরাজ যেমন সমাজের উচ্চ স্তরের লোক অর্থাৎ বিদ্যায়, বুদ্ধিতে, জ্ঞানে, মর্যাদায়, সম্পদে এবং জনসাধারণের উপর প্রভাবে শীর্ষস্থানীয়দের 'রায়বাহাদুর', 'স্যার', 'নাইট' প্রভৃতি উপাধি বিতরণ করতেন এবং ভারত সরকারও 'ভারতরত্ন', 'পদ্মভূষণ' প্রভৃতি উপাধি বিতরণ করছেন, ঠিক তেমনি পূর্বে হিন্দু রাজন্যবর্গ এবং মুসলমান সম্রাটগণ সম্ভ্রান্ত ও উচ্চপদস্থ ব্যক্তিদের নানারূপ উপাধি বা খেতাবে ভূষিত করতেন। সেই সব উপাধি বা খেতাবের অনেকগুলি তাঁরা তাঁদের নামের শেষে পদবীরূপে ব্যবহার করতেন। এবং তা-ই তাঁদের বংশধরগণ পরম্পরাগতভাবে ব্যবহার করে আসছেন। মুসলমান রাজত্বে বিভিন্ন সরকারী পদের বিভিন্ন নাম ছিল। ঐ নামগুলিতে বা নামগুলির শব্দার্থে রাজকর্মচারিগণ পরিচিত হতেন এবং তাঁরা ঐ নামগুলি তাঁদের নিজ নিজ নামের শেষে পদবীরূপেও ব্যবহার করতেন। তাঁদের বংশের সন্তানগণ তাঁদের নামের শেষেও ঐগুলি পদবীরূপে ব্যবহার করে আসছেন।

এ কথাও উল্লেখযোগ্য যে, প্রচলিত বিভিন্ন নামের জাতগুলির অনেকের নামও অনেক ক্ষেত্রে পদবীরূপে বংশপরম্পরায় চলে আসছে। আবার, বসবাসের অঞ্চল ও স্থানের নামও পদবীরূপে বংশপরম্পরায় ব্যবহৃত হয়ে আসছে। শিক্ষিত লোকেরা অনেক সময় নিরক্ষর ও দরিদ্র লোকদের অবজ্ঞাসূচক কোন কোন শব্দ দ্বারা চিহ্নিত করেছেন; তা-ও পদবীরূপে বংশপরম্পরায় চলে আসার নজির রয়েছে। তাছাড়া দেবতা, প্রাণী ও দ্রব্যের নামও পদবীরূপে বংশপরম্পরায় প্রচলিত। ব্যক্তির কর্মের নামে ও নামার্থে, গুণের নাম বা নামার্থেও বংশগত পদবীর সৃষ্টি হয়েছে। কোন কোন পদবী আবার পরিচ্ছন্ন অর্থবহও নয়, অথচ সেগুলি বংশপরম্পরায় ব্যবহারের দৃষ্টান্ত বিরল নয়।

পিতামাতার দেওয়া নাম ও বংশগত পদবী অনেকেই চিরকাল বহন করে না, পরিবর্তনও করে নেয়। ব্রিটিশ ভারতে ১৮৭৫ খ্রীস্টাব্দের পর নাম ও পদবী পরিবর্তনের আইনসম্মত অধিকার স্বীকৃত হয়। আর, ঐ সময় থেকে নাম ও পদবী পরিবর্তিত হয়ে আসছে। নাম ও পদবী যেমন ভিন্ন তেমনি ঐ দুটি পরিবর্তন করার উদ্দেশ্যও ভিন্ন। বাপমায়ের দেওয়া সেকেলে অসুন্দর নামের

কারণে যে-পরিহাসের সম্মুখীন হতে হয় তার থেকে পরিত্রাণের ইচ্ছা নাম পরিবর্তনের একটি বিশেষ ও মুখ্য কারণ। পদবী পরিবর্তনের কারণ কিন্তু অনেক এবং বিচিত্র। আইনানুগ তিনটি পদ্ধতিতে পদবী পরিবর্তিত হয়ে আসছে। প্রথমত, প্রচলিত প্রথা ও আইন অনুযায়ী বিবাহের পরে স্ত্রী তার পৈত্রিক পদবী ত্যাগ করে স্বামীর পদবী গ্রহণ করেন অর্থাৎ স্বামীর পদবীতে পরিচিতা হন। তবে এর ব্যতিক্রমও দেখা যায়। যদি কোন মহিলা বিবাহের পূর্বে তার পৈত্রিক পদবীতে বিশেষ পরিচিতি বা প্রসিদ্ধি লাভ করেন তবে তিনি বিবাহের অব্যবহিত পরেই তার পূর্ব পরিচিতির সূচক পদবীটিকে সহসা ত্যাগ করেন না। আবার, অনেক ক্ষেত্রে পৈত্রিক পদবীর সংগেই স্বামীর পদবী যুক্ত করে নাম প্রকাশ করে থাকেন। দ্বিতীয়ত, ধর্মান্তরিত হলে পদবীর পরিবর্তন হয়ে থাকে। তবে সে ক্ষেত্রে শুধু পদবীই নয় নামেরও পরিবর্তন দেখা যায়। কিন্তু ব্যতিক্রম এখানেও রয়েছে—কোন কোন ক্ষেত্রে নাম ও পদবীর কোনটিরই পরিবর্তন হয় না। তৃতীয়ত, শ্রুতিমধুর নয় বা নিজের ভাল লাগে না এরূপ পদবী পরিবর্তন করে প্রচলিত পদবীগুলির মধ্যে রুচিসম্মত একটি গ্রহণের ঝোঁক ছাড়াও পদবীসূত্রে সমাজে অপেক্ষাকৃত উচ্চ মর্যাদা লাভের মানসিকতা পদবী পরিবর্তনের কারণ বলেই ব্রাহ্মণ ব্যতীত অন্যান্য শ্রেণী, গোষ্ঠী প্রভৃতির অন্তর্ভুক্ত মানুষের পদবী পরিবর্তনের প্রবণতা এত বেশী। বিশেষ করে পদবী পরিবর্তন করেও আইনানুগ সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত না-হওয়ায় তফসিলী সম্প্রদায়ভুক্ত মানুষের পদবী পরিবর্তনের প্রবণতা আরও বেশী। অর্থাৎ যে-সব পদবীতে জাত, সম্প্রদায়, শ্রেণী, কুল বা গোষ্ঠীর নাম প্রকাশ পায় বা বংশানুক্রমিক জীবিকার ইংগিত বহন করে সেই পদবীগুলি লোকে পরিবর্তন করে নিতে চান, এবং এই মর্মে অধিকাংশ ক্ষেত্রে আদালতে আইনসম্মত এফিডেভিটও করে নেন।

প্রসংগক্রমে উল্লেখযোগ্য, ভারতে কোন কোন স্থানে অবাঙ্গালী হিন্দু সমাজে ঝুন-ঝুনওয়ালা, পালকীওয়ালা, বাটলিওয়ালা প্রভৃতি বৃত্তিমূলক পদবী রয়েছে এবং পাশ্চাত্য দেশগুলিতেও বংশানুক্রমিক কারপেনটার, বুচার, পটার প্রভৃতি বৃত্তিমূলক পদবী আছে। কিন্তু এঁরা এই সব বৃত্তিজ্ঞাপক পদবীর জন্য কোন লজ্জা বা সংকোচ বোধ করেন না যেহেতু এঁদের সমাজে বৃত্তি বা কর্মের বিচারে মানুষের মর্যাদা নির্ধারিত হয় না। অতএব এঁরা পদবী পরিবর্তনের চিন্তাও করেন না। কিন্তু এ দেশে বিশেষ করে বাঙ্গালী হিন্দু সমাজে বিভিন্ন নামের অসংখ্য জাত বা সম্প্রদায়, কুল বা গোষ্ঠীর উৎপত্তি কর্ম বা বৃত্তির ভিত্তিতে এবং ঐ কর্ম বা বৃত্তি সামাজিক মর্যাদা নিরূপণের মাপকাঠি হওয়াতে অর্থাৎ কর্ম বা বৃত্তির নিক্তিতে সমাজে উচ্চ-নীচ স্থান নির্দিষ্ট থাকায় প্রচলিত পদবীর মধ্যে যেগুলির দ্বারা বিশেষ করে কায়িক শ্রমোপজীবী গোষ্ঠীগুলি নির্দেশিত হয় সেই সব পদবী

সংশ্লিষ্ট গোষ্ঠীর সকলেই বর্জন করছেন এমন নয়। তবে সংশ্লিষ্ট গোষ্ঠীর যাঁরাই শিক্ষায়-দীক্ষায়, ধনে-মানে উন্নত হচ্ছেন তাঁরা গোষ্ঠীগত পদবী পালটে এমন পদবী নিচ্ছেন যাতে তাঁদের বংশগত কর্মের সন্ধান মেলে না। আবার, এইসব গোষ্ঠীভুক্ত এমন অনেকেই আছেন যাঁরা বংশগত কর্ম আর করছেন না অথচ বংশগত বা কৌলিক পদবী ব্যবহার করে যাচ্ছেন এবং তার দরুণ প্রচলিত নিয়মেই সমাজে অবজ্ঞার পাত্র বলে চিহ্নিত হচ্ছেন। এ'রাও পদবী পরিবর্তন করছেন মূলত সামাজিক অবজ্ঞা থেকে পরিত্রাণ পাওয়ার উদ্দেশ্যে। এইভাবে যিনিই পদবী বদল করে নিচ্ছেন তাঁর পরবর্তী বংশধরগণ নূতন পদবীতেই পরিচিত হচ্ছেন। কোন কোন ক্ষেত্রে আবার পরিবারসুদ্ধ সকলেরই পদবী একসংগেই বদলে নেওয়া হচ্ছে। এইরূপ বদলানোর ফলে অনেক পরিবারই তাদের আত্মীয়, শ্রেণী বা গোষ্ঠীগত পরিচয় থেকে আলাদা হয়ে যাচ্ছে। কিন্তু বংশপরম্পরায় আত্মীয়তা থাকায় বা একই শ্রেণীর বা গোষ্ঠীর লোক হিসাবে পরিচিত থাকায় পদবী বদলানোর পরেও তাদের শ্রেণী বা গোষ্ঠীগত সামাজিক বন্ধনের হেরফের হয় নি। কিন্তু দেশবিভাগের ফলে ও জীবিকা অর্জনের কারণে একই শ্রেণী বা গোষ্ঠীর লোক বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়ায় ও স্বেচ্ছামত পদবী পরিবর্তন করায় আত্মীয়তা ও গোষ্ঠীগত সমাজ-বন্ধন উত্তরোত্তর শিথিল হয়ে যাচ্ছে। দুই-এক পুরুষ পরে একই গোষ্ঠীর লোক হয়েও তাদের পারিবারিক, সামাজিক ও আত্মিক ঐক্য বিনষ্ট হওয়াটা বিচিত্র নয়। এ কথাও উল্লেখযোগ্য যে, একই বংশের অনেকেই তাদের কৌলিক পদবী পালটে বিভিন্ন পদবী গ্রহণ করলেও পদবীর দ্বারা বংশের ধারাবাহিকতা বজায় রাখার প্রয়োজনে নতুন নেওয়া পদবী পালটে পুনরায় কৌলিক পদবীতে ফিরে আসতেও দেখা যায়। আবার, পরিবর্তিত নূতন পদবীতে সম্পত্তি ও জমি-জমা সংক্রান্ত দাবি প্রমাণের অসুবিধা হওয়ায় দলিলাদিতে লিখিত কৌলিক পদবীতে প্রত্যাবর্তনের নজিরও রয়েছে।

পদবী পরিবর্তনের ফলে বাঙ্গালী হিন্দুর জাতকুল বা সম্প্রদায়, শ্রেণী বা গোষ্ঠীর স্বতন্ত্র পরিচয় যেমন লোপ পাচ্ছে তেমনি অবাঙ্গালী হিন্দু সমাজে বাঙ্গালী নামকরণের ধরনটি অনুকরণের দরুণ বাঙ্গালী ও অবাঙ্গালী হিন্দু সমাজের লোককেও তাদের নিজ নিজ গণ্ডিতে চিহ্নিত করার উপায় থাকছে না। বাঙ্গালী ও অবাঙ্গালী নামকরণে আলাদা আলাদা বৈশিষ্ট্য রয়েছে যার দ্বারা কে বাঙ্গালী হিন্দু আর কে অবাঙ্গালী হিন্দু তা বুঝতে পারা যায়। যদিও উপাধ্যায়, মিশ্র, ত্রিবেদী প্রভৃতি অনেকগুলি পদবী হিন্দু বাঙ্গালী ও অবাঙ্গালী উভয়ের মধ্যে প্রচলিত তবু বাঙ্গালী ও অবাঙ্গালী নামের নিজ নিজ বৈশিষ্ট্য থাকায় পদবী এক হলেও কে বাঙ্গালী আর কে অবাঙ্গালী, এতদিন তা বুঝা যেত। কিন্তু বাঙ্গালী ধরনে রঞ্জন, প্রদীপ, চিত্ত, প্রশান্ত, চন্দন প্রভৃতি নামগুলি অবাঙ্গালীর দ্বারা ব্যবহৃত হওয়ায় বাঙ্গালী অবাঙ্গালী চেনার উপায় থাকছে

না। এ ছাড়াও অগণিত পদবীর মধ্যে এমন অনেক পদবী রয়েছে যেগুলির ব্যবহারে প্রাথমিকভাবে বাঙ্গালী অবাঙ্গালীকে পৃথকভাবে চিহ্নিত করাও এক সমস্যার বিষয় হয়ে দাঁড়ায়। ঐরূপ পদবীর আগে বাঙ্গালী ধরনের নাম দেখলে এই সমস্যা আরও জটিল হয়ে ওঠে।

বাঙ্গালী ও অবাঙ্গালী হিন্দু ছাড়াও হিন্দু ও মুসলমানের গন্ডি চিহ্নিত করার ব্যাপারেও অসুবিধা দেখা দিচ্ছে। চৌধুরী, বিশ্বাস, মন্ডল, মজুমদার, সরকার, সিকদার ইত্যাদি খেতাব/উপাধি যেমন হিন্দু সমাজের অনেক সম্প্রদায়ের কৌলিক পদবী হিসাবে ব্যবহৃত তেমনি মুসলমান সমাজেও পদবীরূপে ব্যবহৃত হয়ে আসছে। তবে হিন্দু-মুসলমান ভেদে নামকরণের স্বাতন্ত্র্যে পদবীর মিল থাকলেও এবং অবাঙ্গালী হিন্দুর ন্যায় মুসলমানদের বাঙ্গালী ধরনে অনিরুদ্ধ, অভিজিত, সব্যসাচী প্রভৃতি নামকরণ চালু হলেও কাজী, সিরাজ প্রভৃতি পদবীগুলি নামের আগে ও পরে থাকায় হিন্দু মুসলমান চেনার অসুবিধা দেখা দেয় নি। কিন্তু মুসলমানদের মধ্যেও হিন্দু ধরনে নামকরণের ব্যাপক প্রচলন এবং কাজী, সিরাজ প্রভৃতি পদবী ব্যতিরেকে সেই নামগুলির শেষে চৌধুরী, বিশ্বাস, মন্ডল, মজুমদার, সরকার, সিকদার (হিন্দু-মুসলমান উভয়ের মধ্যে প্রচলিত) ইত্যাদি পদবী যুক্ত হলে প্রাথমিক পর্যায়ে হিন্দু ও মুসলমানের গন্ডি চেনারও উপায় থাকে না।

বাঙ্গালী খৃস্টান ধর্ম গ্রহণ করলে নাম ও কৌলিক পদবীর পরিবর্তন করতে হয় না। তবে বাধ্যবাধকতা না থাকলেও কোন কোন ক্ষেত্রে আলফ্রেড, ইমানুয়েল, পল, পিটার, মার্টিনা, মাইকেল প্রভৃতি খ্রীস্টীয় মহাপুরুষদের নাম অনেকেই তাঁদের বাঙ্গালী নাম ও পদবীর আগে ব্যবহার করায় আলফ্রেড ঘোষ, ইমানুয়েল দিলীপ বাড়ৈ, পল পরমানন্দ বিশ্বাস, পিটার প্রসূন বিশ্বাস, মার্টিনা হালদার ও মাইকেল মধুসূদন দত্ত প্রভৃতি নামে পরিচিত হওয়ায় বাঙ্গালী খ্রীস্টানদের পৃথক গন্ডি চেনার অসুবিধা হয় না। কিন্তু খ্রীস্টীয় মহাপুরুষদের নাম বর্জন করলে প্রাথমিক পর্যায়ে বাঙ্গালী হিন্দু ও বাঙ্গালী খ্রীস্টানদের গন্ডি চেনার উপায় থাকে না। আদিবাসী সমাজের মধ্যে গোত্রের (CLAN) খুব প্রচলন। এই গোত্রের নাম হয়ে থাকে জীবজন্তুর, গাছপালার কিংবা কোন জড় পদার্থের নাম থেকে। গোত্রের নামকে ওঁরা পদবী হিসাবে ব্যবহার করে থাকেন। ওঁদের নামকরণের বেলাতেও বাঙ্গালী নামের সংগে অনেক ক্ষেত্রে অর্থগত সামঞ্জস্য থাকলেও ভাষাগত পার্থক্য থাকায় এবং তার সংগে গোত্রগত পদবী যুক্ত হওয়ায় শ্রীমঙ্গরা (মঙ্গলবার জাত) কুজুর, শ্রীবিরষা টির্কে, শ্রীবুধ (বুধবারে জাত) কচ্ছপ প্রভৃতি নামের দ্বারা আদিবাসী সমাজের লোক হিসাবে তাঁদের পরিচয় বিশিষ্ট হয়ে ওঠে।

আদিবাসী সমাজের যাঁরা খ্রীস্টান ধর্ম গ্রহণ করেন তাঁরা বাঙ্গালী খ্রীস্টানদের ন্যায়

অ্যালেকসাস, এণ্টনী, উইলিয়ম, বার্নার্ড, মার্টিনা, পাটরাস, এডওয়ার্ড, ইলিয়াস, জোসেফ, জন, বেনাদিক, জেভিয়ার, ডোমিনিক, পিটার, এম্যানুয়েল, হিলারিয়াস, অ্যালোইস, ইয়ারটিউস, ইয়াকুব, ফ্রান্সিস, জেমস, বেয়াতর প্রভৃতি খ্রীস্টীয় মহাপুরুষদের নাম গ্রহণ করে তা তাঁদের গোত্রগত পদবীর আগে ব্যবহার করায় শ্রীঅ্যালেকসাস কুজুর, শ্রীএণ্টনী লাকড়া, শ্রীইলিয়াস এক্কা প্রভৃতি নামের ব্যক্তিকে আদিবাসী খ্রীস্টানরূপে চিনতে অসুবিধা হয় না। কিন্তু আজকাল আবার অনেক ক্ষেত্রে বাঙ্গালী হিন্দু ধরনে কালীপদ, শান্তি, সুধীর, দিলীপ ইত্যাদি নামকরণও চালু হয়েছে। তবে অবাঙ্গালী হিন্দু, মুসলমান ও বাঙ্গালী খ্রীস্টানদের ন্যায় আদিবাসী সমাজে বাঙ্গালী ধরনে নামকরণ হলেও সেই নামের পরে তাঁদের বৈশিষ্ট্য-পূর্ণ গোত্রগত পদবী যুক্ত হলে আদিবাসী সমাজের লোক হিসাবে চিনতে অসুবিধা হয় না। কিন্তু আদিবাসী সমাজের মুণ্ডা জাতির মধ্যে নাগ ও ইদানীং রায়, সিং, মণ্ডল, সরদার ইত্যাদি পদবী; খারিয়া জাতির মধ্যে মণ্ডল, সরদার; ওঁরাও জাতির মধ্যে মণ্ডল, সরদার; এবং সাঁওতাল জাতির মধ্যে মাঝি ইত্যাদি বাঙ্গালী পদবীগুলি ব্যবহার করায় প্রাথমিক পর্যায়ে তাঁদের আদিবাসী সমাজের লোক হিসাবে চিহ্নিত করার সমস্যা দেখা দিচ্ছে। অদূর বা সুদূর ভবিষ্যতেও যদি বাঙ্গালী ধরনে নামকরণ ও পদবী গ্রহণের দ্বারা শ্রীকালীপদ সরদার, শ্রীশান্তি রায়, শ্রীসুধীর নাগ, শ্রীদিলীপ মণ্ডল প্রভৃতি নাম ব্যাপক হারে চালু হয় তা হলে দৃশ্যত নামের ভিত্তিতে বাঙ্গালী হিন্দু ও আদিবাসী সমাজের লোক আলাদা করে চেনার সমস্যা উত্তরোত্তর বেড়েই যাবে।

আবার, বাঙ্গালী পদবীধারীর সহিত খ্রীস্টান পদবীধারিণীর বিবাহজাত পুত্রের, শ্যেন প্যাটরিক সিংহ, ও কন্যার, স্যারন প্যাটরিসিয়া সিংহ নামকরণে পিতার কৌলিক পদবীর সংগে মাতার কৌলিক পদবীও যুক্ত হওয়ার নজির দেখা যায়। কিন্তু পিতার "সিংহ" (কৌলিক) পদবীটি যুক্ত না-হলে পুত্রকন্যাকে বাঙ্গালী হিন্দু বংশসম্ভূত-রূপে কিছুতেই চিহ্নিত করা যেত না। আবার, বিবাহসূত্রে আবদ্ধ পার্শী সম্প্রদায়-ভুক্ত মহিলার "এঞ্জিনিয়ার" (কৌলিক পদবী) ত্যাগ ও প্রাক্-বৈবাহিক "জারিন" (নাম) রেখে তার সংগে স্বামীর "চৌধুরী" পদবী যুক্ত "জারিন চৌধুরী" উল্লেখ করতে দেখা যাচ্ছে। এঞ্জিনিয়ার পদবী-বিহীন জারিন নামের দ্বারা তাঁর কৌলিক সম্প্রদায় চিহ্নিত করা কিছুটা দুষ্কর। কারণ বাঙ্গালী হিন্দু স্ত্রী-পুরুষের নামকরণে এখন ততটা গোঁড়া হিন্দুয়ানী দেখা যায় না। তবে আলোচ্যক্ষেত্রে যেহেতু শ্রীমতী জারিনের কৌলিক পদবী ও বিবাহোত্তর চৌধুরী পদবীর সূত্র আমাদের জানা (এঁর স্বামী স্যার আশুতোষ চৌধুরীর নাতি) সুতরাং একজন অহিন্দু মহিলার হিন্দু পদবী গ্রহণের নজির হিসাবে জারিন চৌধুরী উল্লেখযোগ্য। সুইডিস রমণী

"লিশা" বিবাহসূত্রে বাঙ্গালীর "চৌধুরী" পদবীতে "লিশা চৌধুরী"। আর, তাঁর গর্ভজাত কন্যা চেহারায় মেমসাহেব, নিজের নাম উচ্চারণে "অনীটা" বললেও পিতৃ-পরিচয়ে পুরোপুরি বাঙ্গালী মহিলারূপে "অনীতা চৌধুরী"-র নামও উল্লেখযোগ্য। অনুরূপভাবে উল্লেখ্য, ইংরেজ মহিলা, বাঙ্গালী হিন্দু ডঃ সুখেন্দু বিশ্বাসের পত্নী আইলিন লেভিনা বিশ্বাসের নাম। বাঙ্গালী মহিলারাও অবাঙ্গালী তথা অহিন্দুদের সংগে বিবাহের সূত্রে তাঁদের নামের শেষে কোথাও কোথাও নিজ নিজ স্বামীর পদবীর সংগে তাঁদের কৌলিক পদবী যুক্তভাবেও ব্যবহার করে থাকেন। যেমন: গোরী আয়ুব দত্ত, কেতকী কুশারী ডাইসন ইত্যাদি।

গৌতমবুদ্ধের প্রবর্তিত "বৌদ্ধ ধর্ম" জাতি বর্ণ নির্বিশেষে সকলেরই গ্রহণ করার সুযোগ রয়েছে। পদবী দ্বারা এই ধর্মাবলম্বীদের চিহ্নিত করার উপায় নাই। বড়ুয়া পদবী এ'দের মধ্যে বেশী প্রচলিত থাকলেও বাঙ্গালী হিন্দুর বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে ব্যবহৃত পদবী—দাশগুপ্ত, রায়, বিশ্বাস, হোড়, সিংহ, সিনহা, মুৎসুদ্দী, দাস, মজুমদার, তালুকদার, যাদব, কার্বারী, নাগ, পাল, দেওয়ান, সেন, সাহা, সরকার, রুদ্র, ঠাকুর এবং আদিবাসী সমাজের—চাকমা, লামা, শেরপা প্রভৃতি পদবী এই ধর্মাবলম্বীদের নামের শেষে দেখা যায়। অর্থাৎ, ধর্মান্তর গ্রহণ সত্ত্বেও তাঁদের সম্প্রদায়গত কৌলিক পদবী অবিকৃত থাকে। একইভাবে, শ্রীশ্রীচৈতন্যদেব প্রচারিত বৈষ্ণব ধর্মাবলম্বীদের মধ্যে বহুল প্রচলিত অধিকারী, গোসাই, গোস্বামী প্রভৃতি পদবী বা অন্য কোন পদবী দ্বারা এই ধর্মমতের কাকেও চিহ্নিত করার উপায় নাই। কারণ, এগুলি সবই সংশ্লিষ্ট ব্যক্তিদের কৌলিক পদবী, যা তাঁরা বৈষ্ণব ধর্ম গ্রহণের পূর্বেও ব্যবহার করতেন। স্বামী দয়ানন্দ সরস্বতীর প্রচারিত বৈদিক ধর্মানুসারে সদাচারী আর্যসমাজভুক্ত লোকদেরও পদবীর দ্বারা আর্যসমাজী বলে চেনার উপায় নাই। সমাজের নামানুসারে "আর্য" শব্দটি কেউ কেউ পদবী হিসাবে ব্যবহার করলেও অনেকেই তাঁদের নিজ নিজ কৌলিক পদবীই নামের শেষে ব্যবহার করে থাকেন। ব্রাহ্মসমাজীরাও তাঁদের কৌলিক পদবীই অবিকৃতভাবে ব্যবহার করে থাকেন। তবে তাঁদের মধ্যে আচার্য পদ যাঁরা পান তাঁরা তাঁদের নামের পূর্বে আচার্য শব্দটি ব্যবহার করে থাকেন।

এমন কিছু উপাধি আছে যেগুলি শুধু কর্মের সংগেই সম্পর্কিত এবং জাতিধর্ম নির্বিশেষে তাঁদেরই প্রাপ্য যাঁরা শুধু সেই সব কর্মে লিপ্ত। এ ধরনের উপাধি পরিবর্তনের ঝোঁক দেখা যায় না, কারণ এ উপাধিগুলি বংশপরম্পরায় ব্যবহার করার রীতি নেই। আবার, এমন উপাধি বা খেতাবও রয়েছে যেগুলি বিতরিত হয় সেই সব মানুষের মধ্যে যাঁরা এ উপাধি বা খেতাবগুলি পাওয়ার যোগ্য। এরূপ উপাধি বা খেতাবও তাঁদের বংশে ধারাবাহিকরূপে ব্যবহার করার সুযোগ থাকে না।

পূর্বে বলা হয়েছে যে, প্রাচীন হিন্দু সমাজ ছিল উদার—মানুষ গুণ ও কর্মের ভিত্তিতে বর্ণের মর্যাদা লাভ করত অর্থাৎ গুণ ও কর্মের বলে ক্ষত্রিয়ের ব্রাহ্মণত্ব লাভে বাধা ছিল না। অনুরূপভাবেই বৈশ্য হতে পারত ক্ষত্রিয় বা ব্রাহ্মণ এবং শূদ্র লাভ করত বৈশ্য, ক্ষত্রিয় বা ব্রাহ্মণের বর্ণমর্যাদা। পরবর্তীকালে তথা আধুনিক যুগে সমাজে যেমনটি চলছে অর্থাৎ জন্মের ভিত্তিতে বর্ণ ও জাতি নির্দিষ্ট হচ্ছে তার বদলে যদি পূর্বের মতোই গুণ ও কর্মের ভিত্তিতে বর্ণ ও জাতি নির্ধারিত হত এবং প্রধানত বৃত্তি বা কর্মের মানদণ্ডে সামাজিক মর্যাদা ও স্থান নিরূপণের বিভেদাত্মক ব্যবস্থাটি যদি না-থাকত তাহলে পদবী পরিবর্তনের এমন ব্যাপকতা হয়ত দেখা যেত না।

উপসংহার

[শ্রেণীহীন (জাতিবর্ণহীন) সমাজ গঠনের পক্ষে পদবীকে একটি অন্তরায় মনে করে পদবী বাদ দেওয়ার কয়েকটি প্রতিবেদন]

(ক) আনন্দবাজার পত্রিকা (ইং ২২।৮।৭৭) :—নিজের নাম থেকে জাতি-বর্ণসূচক পদবীর লেজুরটি ছেঁটে ফেলুন। জনতা ওয়ার্কিং কমিটির প্রস্তাবে নেতাদের প্রতি এই অনুরোধ করা হয়েছে। জাতিবর্ণভেদ প্রথা উচ্ছেদের ডাক দিয়েছেন কমিটি।

(খ) আনন্দবাজার পত্রিকা (ইং ২৩।৮।৭৭) :—জনতা দলের কার্যকরী কমিটির বৈঠকে যে প্রস্তাব গৃহীত হইয়াছে তাহাতে দলের নেতা এবং কর্মীদের আহ্বান জানানো হইয়াছে : আপনারা সকলে নামের আগে-পরে পদবী ত্যাগ করুন। কেননা এই সব পদবী জাতিবর্ণের পরিচয় বহন করে। একবার তাহা লোপ করিয়া দিলে কে কোন সম্প্রদায়ের বা বর্ণের তাহা আর ঠাহর করা যাইবে না। তাহাতে বর্ণভেদ প্রথার মূলে কুঠারাঘাত করা হইবে।

(গ) আনন্দবাজার পত্রিকা (ইং ৭।৮।৭৮) :—শান্তিভূষণ (কেন্দ্রীয় আইনমন্ত্রী) সাংবাদিকদের জানান "তাঁর পিতামহ আর্য সমাজের সংস্কার আন্দোলনের একজন নেতা ছিলেন। আমাদের দেশে পদবী দিয়ে জাত ও কুল-কৌলিন্যের বিচার হয় বলে তিনি সেই যুগে তাঁর "গর্গ" পদবী মুছে ফেলেন। তাঁর পিতাও পদবী ব্যবহার করতেন না। তাঁর নাম ছিল বিশ্বামিত্র। বোধ হয় "মিত্র" কথাটি থেকেই তাঁরা বাঙালী এই কাহিনীর উৎপত্তি"।

(ঘ) The Stateman, New Delhi, March 21st, 1979. The Prime Minister to-day inaugurated the Backward Classes Commission· The Prime Minister said all men were equal although their condition of work might differ. But the feeling of superiority or inferiority among sections of the population must be removed. Real success could be achieved only when the caste and communal feelings were removed. It was the duty of those who were in a position of advantage in society to see that they gave the benefit of their advantage to others. Deputy Prime Minister Mr. Jagjiban Ram said, caste was the main factor determining the status and station of the individual in Indian society. It was suggested by many that

economic criteria should be the basis for determining backwardness. But that cannot happen in Indian society. If the Commission could suggest a way of doing away with caste system, that would be a day of rejoicing for human society. As a first step in this direction, he said, the use of prefix or suffix to the names to denote the class a person belonged to should be done away with. [স্টেটসম্যান, নয়াদিল্লী, ২১শে মার্চ '৭৯]ঃ—অদ্য প্রধানমন্ত্রী অনুন্নত শ্রেণী কমিশনের উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী বলেন "কর্মাবস্থানের তারতম্য থাকা সত্ত্বেও সকল মানুষই সমান। কিন্তু জনতার কোন কোন অংশের মন থেকে উচ্চম্মন্যতা বা হীনম্মন্যতা বোধ অবশ্যই দূর করতে হবে। সত্যিকারের সাফল্য কেবল তখনই সম্ভব যখন জাতপাত ও সাম্প্রদায়িকতার মনোভাব বিদূরিত হবে। সমাজে যাঁরা সুবিধা ভোগ করছেন তাঁদের কর্তব্য হল সমাজের আর সকলকে তাঁদের সেই সুবিধা ভোগের সুযোগ করে দেওয়া।" উপ-প্রধানমন্ত্রী শ্রীজগজীবন রাম বলেন, "ভারতীয় সমাজে ব্যক্তিবিশেষের মর্যাদা ও স্থান প্রধানত তার জাত দ্বারা নির্ণীত হয়। অনেকে বলেন, অর্থনৈতিক অবস্থাই অনগ্রসরতা নির্ণয়ের মাপকাঠি হওয়া উচিত। কিন্তু ভারতীয় সমাজে তা সম্ভব নয়। যদি এই কমিশন জাতিপ্রথার বিলুপ্তি সাধনের উপায় নির্ধারণ করতে পারে তবে সেই দিনটি হবে মানব সমাজের পক্ষে আনন্দের দিন। তিনি আরও বলেন—এই কাজের প্রথম ধাপ হিসাবে নামের আগে বা পরে ব্যক্তির শ্রেণীগত পরিচয়সূচক পদ ব্যবহারের প্রথা উচ্ছেদ করতে হবে"।

(ঙ) আনন্দবাজার পত্রিকা (ইং ১০।৯।৭৯) ঃ—সকলেই জানেন ভারতের অনেক বিশিষ্ট রাজনৈতিক ও অরাজনৈতিক ব্যক্তি তাঁহাদের প্রচলিত নাম পরিচয়ের মধ্যে কৌলিক পরিচয়ের সূচক কথাটি বাদ দিবার একটি নৈতিক আদর্শ গ্রহণ করিয়াছেন। যথা শ্রীমন নারায়ণ (কিংবা শ্রীমান নারায়ণ) আগরওয়াল নিজেকে শুধু শ্রীমন নারায়ণ বলিয়া পরিচিত করিবার প্রথা গ্রহণ করিয়াছিলেন। শ্রীকামরাজ নাদারও তাই শুধু শ্রীকামরাজ হইয়াছিলেন। একটা যুক্তির কথা শোনা যায়, কৌলিক পরিচয়ের সূচক কথাগুলি যথা আগরওয়াল ও নাদার, বস্তুত "জাত" বাচক নাম। তাই জাতপাতের কোন গুরুত্ব ও সার্থকতা যাঁহারা আদর্শিক কারণে স্বীকার করেন না, তাঁহাদের পক্ষে নামের মধ্যে কৌলিক পরিচয়ের কোন প্রকাশ না রাখিবার ইচ্ছাই স্বাভাবিক।

(চ) মাহিষ্য সমাজ (মাসিক পত্রিকা—৬৮ বর্ষ, ভাদ্র—১৩৮৬—"আপন হাতে শক্তি ধর"—চক্রপানি) ঃ—পদবীর দ্বারা উচ্চবর্ণ হিন্দুরা (মাহিষ্য ব্যতীত) বর্ণ নিরূপণের ব্যবস্থা রেখেছে। চক্রবর্তী, চট্টোপাধ্যায়, উপাধ্যায়, মুখোপাধ্যায়, ভট্টাচার্য প্রভৃতি পদবীধারিগণ নিশ্চিতভাবে ব্রাহ্মণ ; বসু, মিত্র, দত্ত, ঘোষ পদবীর ব্যক্তি যে কায়স্থ তাহা নিরূপণ করতে কোন অসুবিধা নাই। কিন্তু মাহিষ্যদের পদবী

কর্মানুসারে অর্জিত। কোন কোনটি আবার পরিচ্ছন্ন অর্থবহ নয়। উদ্দেশ্য সিদ্ধির পথে পদবী যথেষ্ট সহায়ক। সে কারণ পদবী ত্যাগের আন্দোলনে বর্ণ হিন্দুগণের সমর্থন বা উৎসাহ আদৌ উল্লেখযোগ্য নয়।

(ছ) আঁধার হতে আলো ('ধর্ম ও সমাজ' আলোচিত গ্রন্থ—শ্রীনারায়ণ মজুমদার) :—যে বর্ণভেদ হইতে জাতিভেদের উদ্ভব হইয়াছে সেই বর্ণভেদের (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র) বিলোপ সাধন করে হিন্দু সমাজকে বর্ণ বিভাগহীন (CASTELESS) একটা ঐক্যবদ্ধ সমাজ বা গোষ্ঠীতে পরিণত করতে হবে। ইহার প্রথম পদক্ষেপ হবে—সমাজে সকলের পদবী (TITLE) বিলোপ করা—পুরাকালে যেমন ছিলেন ব্যাস, বশিষ্ঠ, বাল্মীকি, বিশ্বামিত্র, রামচন্দ্র প্রমুখ মনীষিগণ। শুধু নাম দিয়ে হবে মানুষের পরিচয়,—যেমন রাম, শ্যাম, যদু, মধু ইত্যাদি। পরে পরিচিতি লাভ করবে বাঙালীরূপে, হিন্দুরূপে এবং ভারতবাসীরূপে। এই পদবী বিলোপে মানুষের উচ্চ-নীচ গরিমা বিদূরিত হয়ে প্রত্যেকে সম মর্য্যাদার অধিকারী হবে। ইহাতে মানসিক ও সামাজিক একতা দৃঢ় হবে।

(জ) ভারতবাণী (শারদীয়া, ১৩৮৬ "পিছিয়ে থাকা সমাজে লেখক হওয়ার সমস্যা"—নিরঞ্জন হালদার) ঃ—তপশীল সম্প্রদায়ের শিক্ষিত মহল থেকে এই জাতীয় অভিযোগ শোনা যাচ্ছে, তপশীলী সম্প্রদায়ের লেখকদের লেখা এই রাজ্যের উচ্চ বর্ণের হিন্দু পরিচালিত ও সম্পাদিত পত্রপত্রিকায় ছাপা হয় না, বই দিলেও তা সমালোচনার যোগ্য বলে গণ্য হয় না। বালা, গাইন, মণ্ডল, বিশ্বাস, কয়াল, সিকদার প্রভৃতি উপাধি দেখলেই নাকি ওই সব লেখকের লেখা পড়া হয় না। রাধানাথ মণ্ডল আনন্দবাজার পত্রিকায় চাকরি না করলে ওই পত্রিকার রবিবাসরীয় সাময়িকীতে তাঁর লেখা ছাপা হত কিনা সে বিষয়েও সন্দেহ প্রকাশ করা হয়। এই সব অভিযোগ আংশিক সত্য হলেও এই অভিযোগের কারণগুলি নিয়ে কোন আলোচনা এখনও আমার চোখে পড়েনি।

কবীন্দ্র	=	হুসেনশাহের সেনাপতি ও চট্টগ্রামের শাসনকর্তা পরাগল খাঁ কর্তৃক মহাভারতের প্রাচীন অনুবাদকের অন্যতম পরমেশ্বরকে দেওয়া উপাধি।
করণ	=	কার্যের প্রধান সাধক। ... কেরানীর (করণিকের) কার্যে রত। ... পেশাগত পদবী [২০]
কড়ুরী	=	'কোড়রী'/'ক্রোড়ী'-র অপভ্রংশ।
কয়াল	=	মাপদার। দ্রব্যাদি ক্রয়-বিক্রয়ের পরিমাপক। ... ওজনদার। ... আরবি শব্দ, অর্থ হিসাব রক্ষক। ... কাইল্ (আরবী)। আড়তে যে মাল ওজন করে হিসাব রক্ষককে জোরে জোরে শোনায়। কাইল্ অর্থ কথক।
কবিচন্দ্র	=	প্রাচীন এবং মধ্যযুগে রাজামহারাজারা তাঁদের সভাকবিদের এই উপাধি দান করতেন।

পদবী		উৎপত্তির সূত্র
কবিরাজ	=	চিকিৎসক। ... আয়ুর্বেদ চিকিৎসক।
কর্মকার [২০]	=	পেশাগত পদবী।
কড়কাড়ি [৮৩]		
কবিচক্রবর্ত্তী/[৭]		
কবিপণ্ডিত চূড়ামণি		
কাউল [৯]	=	'কৌল' শব্দের অপভ্রংশ।
কার্যী	=	কোচবিহারের রাজার সঙ্গে কারুর মেয়ের বিবাহ হওয়ার পর রাজ-শ্বশুড় 'কার্যী' উপাধি পেতেন।
কাইত/[১০১]		
কায়েত		
কাওরা [১৩]	=	জাতির নামে পদবী।
কাচড়ী [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
কাচুয়া [২৩]	=	প্রাণীবাচক পদবী।
কাঁটাল	=	কাঁটাল ব্যবসায়ী, কাঁটাল রপ্তানীকারী। ... কাটাল থেকে। সম্ভবত দীঘি বা পুস্করিণী কাটানোর ভারপ্রাপ্ত ওভারসিয়ার।
কাঁঠাল	=	কাটাল থেকে। সম্ভবত দীঘি বা পুস্করিণী কাটানোর ভারপ্রাপ্ত ওভারসিয়ার।
কাণ্ডার	=	নৌকার মাঝি। ... [৭৪]
কাণ্ডারী [৭৪]		
কান	=	লৌকিক উচ্চারণে কিন্নর হয়ে গেছে কান। ... কিন্নর শব্দজ (=সঙ্গীত শিল্পী)।
কাম্বা	=	'কাকুৎস্থ' শব্দ হতে।
কালী	=	গ্রাম্য সমাজে নিরক্ষর মানুষেরা জমিজমার মাপযোগে বে-হিসেবী। তাই যাঁরা জমির আয়তন, জমির পরিমাণ, নির্ণয়ে সহায়তা করতেন অর্থাৎ জমির কাঠাকালী-বিঘাকালী করে দিতেন তাঁদের গ্রাম্য সমাজে বলে 'কালী'। এরা সমাজে মান্য ব্যক্তি। লোক কথায় 'কালী' পদবীতে রূপ নিয়েছে।
কাগজী	=	'কবচী' শব্দ হতে।
কামার	=	লৌহ শিল্পী।
কামিলা [২০]	=	পেশাগত পদবী।

পদবী		উৎপত্তির সূত্র
কালসা	=	কালসহ, দীর্ঘকাল স্থায়ী—বনিয়াদী।
কাশ্যপ[৫৯]		
কাঁড়ার[৭৪]		
কায়স্থ	=	ব্যক্তিনাম থেকে জাতিনাম হয়েছে। কিন্তু পদবীতে কায়স্থ শব্দ থাকলেই তিনি কায়স্থ নন।
কাঠুরিয়া/কাঠুরে	=	কাষ্ঠ ছেদক।
কাঞ্জিলাল[৩২]	=	'গাঁঞি'-এর নামে।
কানুনগো/ কানুনগোই	=	ফার্সি—কানুনগো, (আরবী—কানুন=আইন, গো-জ্ঞ= আইনজ্ঞ)—রাজস্ব কর্মচারী, ভূমি সম্পর্কীয় সর্বপ্রকার ঘটনা অর্থাৎ রাজস্ব আদায়, জমির মূল্য, স্বত্ব পরিমান, হস্তান্তর, জমার ব্যবস্থা প্রভৃতি লিপিবদ্ধকারী।
কামসেনাত[৯৯]		
কারকুন	=	জমা উসুল সংবলিত তহসিলাদির কাগজ প্রস্তুতকারী কর্মচারী, জমিদারির তত্ত্বাবধানকারী। ··· জমিদারের গোমস্তা। ··· কোচবিহারে রাজস্ব আদায়কারীকে রাজা কারকুন পদবী দিতেন।
কিস্কু[২৩]	=	প্রাণীবাচক পদবী
কিস্ পোট্টা[২৩]	=	বস্তুবাচক পদবী।
কুতি/ কুটী/ কুইতি/ কুঁইতি	=	'কুঠারী'-র অপভ্রংশ। ··· পরিমাপকারী।
কুন্দ[২৪]		
কুণ্ড[৩৮]		
কুণ্ড/[৬৮] কুণ্ডা/ কুণ্ডু		
কুঙর	=	'কুমার'-এর অপভ্রংশ।
কুঠারী	=	কুঠারধারী সৈন্যবাহিনীর সৈনিক।
কুমার[৩৮]		

পদবী		উৎপত্তির সূত্র
কুলভী [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
কুশারী [৩২]	=	'গাঁঞি'-এর নামে। … কুশো গ্রাম থেকে।
কীর্ত্তি [৩]	=	ধর্মাচার্যগণের উপাধির অনুকরণে। … [৪৯]
কীর্তুনিয়া/ কীর্তনে	=	কীর্তন গায়ক। … পেশাগত পদবী [২০]
কুজুর [২৩]	=	উদ্ভিদ্‌বাচক পদবী।
কৃষিপণ্ডিত	=	ভারতীয় গবেষণা পর্ষদ ভারতীয় কৃষির ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য বৎসরান্তে কৃষকদের এই খেতাব দিয়ে থাকেন।
কেশ	=	কারো কারো মতে 'কৌশিক' শব্দের অপভ্রংশ। এটি গোত্র থেকে পদবীতে রূপান্তরিত হয়।
কের্‌কেটা [২৩]	=	প্রাণীবাচক পদবী।
কেশরকুনি [৭৫]		
কৈবর্ত	=	কলিংগের অধিবাসী কলিংগী বা কিম্বর্ত অর্থাৎ কৈবর্ত।
কোঙার [৪৯]		
কোলে	=	'কুইল্যা' থেকে। … 'কল্যা' শব্দের পরিবর্তিতরূপ।
কোড়রী/ ক্রোড়রী/ ক্রোড়ী	=	শুল্ক আদায়কারী কর্মচারী। যাঁরা রাজস্ব আদায় করতেন।
কোয়া [২৩]	=	প্রাণীবাচক পদবী।
কৌলিক	=	কুলাচারের ব্যবস্থাকারী।
খড়্গ [৫০]		
খণ্ডাতি/ খণ্ডাইত	=	খড়্গধারী সৈন্য। … 'খাণ্ডা'-র অপভ্রংশ (খাণ্ডা=খাঁড়া)
খড়খড়ি [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
খাঁখাঁ [২৩]	=	প্রাণীবাচক পদবী।
খান/ খাঁ	=	পাঠানরাজত্বকালে হিন্দু মুসলমান নির্বিশেষে সম্ভ্রান্ত ব্যক্তির উপাধি। গৌড় বাদশাহের সেনাপতি হলে হিন্দুদের 'খাঁ' উপাধি হত। সম্মানবৃদ্ধি হলেই 'খাঁসাহেব' হত। জনহিতকর কাজ করলেও এই উপাধি লাভ হত। (ফরাসী-খাঁদা=শিক্ষিত)। … (খান-'কান' শব্দ হতে, খাঁ-'খান'-এর

পদবী		উৎপত্তির সূত্র
		অপভ্রংশ)। ... ('খাঁ'—মোগলযুগের খেতাব)। ... ফারসী থেকে আহৃত 'খান' শব্দের সংক্ষেপিত রূপ 'খাঁ'। বহু হিন্দু সৎকার্যের জন্য মুসলমান রাজাদিগের সময় 'খান' বা 'খাঁ-যুক্ত বা কেবল 'খাঁ' উপাধি প্রাপ্ত হইতেন'।
খাঁড়া	=	'খণ্ডািত' / 'খণ্ডাইত'-এর অপভ্রংশ। ... [৫০]
খাটিপ	=	শুধু খাটাখাটি থেকে আসতে পারে, খাটিয়ে অর্থে।
খাটুয়া [৮]	=	'ক্ষেত্রপাল' শব্দের অপভ্রংশ। পাশাপাশি রাজ্য থেকে [১২]
খামারু	=	খামার বা শস্যভাণ্ডারের মালিক।
খালখো [২৩]	=	প্রাণীবাচক পদবী।
খাড়াধরা	=	ছাগলবলির জন্য খাড়া প্রয়োগকারীরা কোচবিহারের রাজার কাছ হতে 'খাড়াধরা' পদবী পেতেন।
খাসনবীশ	=	কেরানী বা হিসাবরক্ষক। জমিদারদিগকে বাৎসরিক পাট্টা পরিবর্তনের জন্য যে সেলামী দিতে হত তাকে খাসনবিশী বলা হত। ... মোগলযুগে সরকারী চাকরির পদ। ... আরবী খাস্ (রাজা বা নবাবের নিজস্ব জমি)+নবীশ=খাসনবীশ, অর্থাৎ যিনি সম্রাট বা নবাবের জমি দেখাশোনা করতেন।
গর্গ [৫৯]		
গণ [৩]	=	উপাস্য দেবতার নামানুসারে। ... গণ রাজ্যের শাসকমণ্ডলীর সদস্যদের বলা হত গণ। সেই থেকে বাংলা পদবী 'গণ'।
গড়ে/ গড়ই/ গুড়ে	=	'গড়নায়ক'-এর অপভ্রংশ।
গনাই	=	গনেশ বা গণপতি থেকে।
গজেন্দ্র/ গজুন্দার	=	'গজপতি'-র অপভ্রংশ।
গলুই/ গোলাই	=	'গোপ'/'গুপ্ত'-এর অপভ্রংশ। ... নৌকার সংগে সংশ্লিষ্ট কিনা সংশয় আছে।
গড়াই	=	<গুড় (ব্রাহ্মণদের আদি পদবী)
গজপতি	=	হস্তীবাহিনীর সেনাপতি।
গড়গড়ি [৩২]	=	'গাঁঞি'-এর নামে। ... গড়গড়ে গ্রাম থেকে।

পদবী		উৎপত্তির সূত্র
গড়নায়ক	=	গড় রক্ষাকারী।
গঙ্গোপাধ্যায় [২]	=	ব্রাহ্মণের উপাধি। … [৪০]
গাছি	=	সাধারণত খেজুর ও তালগাছ কেটে রস সংগ্রহকারীকে গাছি বলে।
গারু	=	'গাবর' শব্দ হতে। (নৌকার মাঝি মাল্লা অর্থেও ব্যবহৃত হত)
গাইন	=	গায়ক।
গাঙ্গুলি	=	'গাঙ্গুলি' কথার অর্থ যাঁরা গঙ্গারতীরে বসবাস করেন। … [৭৭]
গাবুর	=	কোচবিহারের রাজা কর্তৃক প্রদত্ত 'মল্লিক' পদবীধারীর পুত্র 'গাবুর' পদবী পেত।
গায়েন	=	গায়ক। … মল্লভূমে বীর হাম্বিরের আমলে গাইয়েদের নামকরণ করা হয়েছিল গায়েন।
গাঁতাইত	=	মনে হয় গাথাবিৎ (কবি) গ্রন্থাইত বা গ্রন্থগারিক থেকে গাঁতাইত এ মতও আছে।
গাতিদার	=	ছোট তালুকদার, বড় জোতদার।
গাংগলী [২৪]	=	'গাঁঞি'-এর নামে।
গিধ [২৩]	=	প্রাণীবাচক পদবী।
গিরি	=	পর্বতের ন্যায় উচ্চ অর্থাৎ সম্ভ্রান্ত।
গিরিধারী [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে।
গুঁই	=	সংস্কৃত 'গোমিক' শব্দের অপভ্রংশ। … গুণী থেকে কিনা সংশয় আছে। … গুণী।
গুটি	=	'গুটিপোকা'-র চাষ করত বলে তাদের পদবী 'গুটি'।—রেশমশিল্প চাষে যারা দক্ষ তাদের বলে গুটি। গ্রামেগঞ্জে ঐ বলে তাকে ডাকে।
গুণ [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে। … গুণী থেকে কিনা সংশয় আছে। … গুণী।
গুপ্ত [৩]	=	অধিপতিগণের উপাধির অনুকরণে। … যিনি রাজার ফসলের অংশ গ্রহণ করে গোলাজাত করতেন। … নামের শেষাংশ থেকে (চন্দ্রগুপ্ত, ব্রহ্মগুপ্ত)।
গুহ [১]	=	গুহাতে বাস হেতু। … নামের শেষাংশ থেকে।

৯ ঙ-বিভাগ

পদবী		উৎপত্তির সূত্র
গুড় [২১]	=	বস্তুবাচক পদবী।
গুড়্যা	=	গুড়ের ব্যবসায়ী।
গুছাইত	=	বোধ করি গচ্ছবিৎ। গোছাইত, অর্থাৎ গোছগাছ করতো যে পুজায় বা বিবাহে অনুষ্ঠানে, অথবা রাজসভায়।
গুমটিয়া	=	মধ্য কেন্দ্রে অবস্থিত।
গুণরাজখাঁ	=	মুসলমান সুলতানগণ সাধারণত সাহিত্যসেবীদের এই উপাধি দিতেন।
গেঁটে [৮৬]		
গোঁ	=	‘গুণ’-এর অপভ্রংশ। … ‘গণ’ থেকে। গণাধীন রাজ্যের শাসকমণ্ডলীর সদস্যদের বলা হত গণ।
গোপ	=	যিনি রাজার ফসলের অংশ গ্রহণ করে গোলাজাত করতেন।
গোম্পী	=	‘গাল্পিক’ বা ‘গল্পী’ থেকে কিনা সংশয় আছে।
গোড়ে	=	‘গৌড়’ অথবা গোত্রপদবী ‘গর্গ’ থেকে কিনা সংশয় আছে।
গোচণ্ড [৩২]	=	‘গাঁঞি’-এর নামে।
গোঁসাই/ গোসাঁই	=	ধর্মোপদেষ্টা, প্রসিদ্ধ প্রভুবংশীয়। … [৩৫]
গোস্বামী	=	বৈষ্ণব সম্প্রদায়ের উপাধি। … [৩৫]
গোহাঁই [৩৫]		
গোলদার	=	আড়তদার। … গোলা বা শস্য ভাণ্ডারের মালিক।
গৌড়	=	দেশের নাম। বাংলার নবাব হুসেনশাহের রাজধানী গৌড়, মালদা জেলায় অবস্থিত। দেশের নাম পদবীতে ঠাঁই পাইয়াছে।
গ্রামনী [৮]	=	গ্রামের অধ্যক্ষ। … গ্রামের প্রধান ব্যক্তি বা অধিপতি।
ঘণ্টা [২৪]	=	‘গাঁঞি’-এর নামে।
ঘটক	=	দূত। … পেশাগত পদবী [২০]
ঘড়াই	=	ঘরামি বৃত্তি থেকে কিনা সংশয় আছে।
ঘরামী	=	ঘরের মিস্ত্রি। … পেশাগত পদবী [২০]
ঘাটী	=	ঘাট বা সৈন্য কেন্দ্র রক্ষক।
ঘুরপাক [৮৭]		
ঘোষ [১]	=	যশের কারণে। … [৩৮] … কেউ কেউ মনে করেন ঘোষক থেকে। … ঘোষক। রাজসভায় ঘোষণাকারী।

পদবী		উৎপত্তির সূত্র
ঘোড়া/	=	'অশ্বপতি'-র অপভ্রংশ। [ঘোড়া—জন্তুবাচক পদবী [২১]]…
ঘোড়ুই/		[ঘোড়ুই—ঘরামি বৃত্তি থেকে কিনা সংশয় আছে]
ঘোড়পতি/		
ঘোড়পাণ্ডে/		
ঘোড়ফঁড়ে		
ঘোষাল	=	(>ঘোষপাল) যাঁরা গোচরভূমির কাছে বাস করেন। এটা নির্দিষ্ট গ্রামনাম নয়। … ঘোষ বা ঘোষল গাঁঞি থেকে।
ঘোষ ঠাকুর [৬২]		
চট্ট	=	চাটুতি গ্রাম থেকে।
চন্দ [৩৮]		
চন্দ্র [৩]	=	উপাস্য দেবতার নামানুসারে। … [৩৮] … [৮২]
চন্দার [৮২]		
চন্দ্রিল [২৮]		
চম্পটি [৩২]	=	'গাঁঞি'-এর নামে। … [৭৫]
চক্রবর্ত্তী	=	সম্ভবত রাজাদের প্রদত্ত উপাধি।
চতুর্বেদী [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে। … [৩৯]
চন্দ্রবৈদ্য [২৯]		
চট্টোপাধ্যায় [২/৩২/৪০]		
চন্দ্রশেখর [২৮]		
চাকি	=	হয়তো এসেছে চক্রী থেকে।
চাটুজ্যে/ [৪১/৭৮/৮২]		
চাটুজ্জে /		
চাটুয্যা/		
চ্যাটার্জি		
চারণ	=	স্তুতি পাঠক।
চাউলিয়া	=	চাউল ব্যবসায়ী।
চাপরাশী	=	ভৃত্য, পেয়াদা।
চাকলাদার [১৪]	=	চাকলার অধ্যক্ষ। … মোগলযুগে সরকারী চাকরির পদ।
চিন্তাপাত্র	=	সামাজিক ভোজসভায় খাদ্যদ্রব্য পরিবেশককে চিন্তাপাত্র বলা হয়।

পদবী		উৎপত্তির সূত্র
চূড়ামণি	=	পাণ্ডিত্যসূচক।
চেয়াড়/[৮৮] চিয়াড়		
চোঙ্গাদার/ চোংদার/ চোঙদার	=	সরকারী দলিল পত্রাদি স্থানান্তরে পাঠাতে চোঙ্গার ব্যবহার হত। যিনি উক্ত চোঙ্গা সরবরাহ করতেন নবাব সরকার হতে তাঁকে 'চোঙ্গাদার' বা 'চোংদার' বলা হত। ··· সেনাদলের অধিপতি।
চোতখণ্ডী [৭৫]		
চৌবে [৩৯]		
চৌধুরী	=	(সংস্কৃত-চতুর্ধারিন্, চতুর্ধুরী—চারধুরি [নৌ, হস্তি, অশ্ব ও গজ] বলের অধিকারী) রাজস্ব আদায়ের হিসাব দাখিলকারী, চতুস্পার্শস্থ ভূমির আদায়কারী, জমিদার বা ভূম্যধিকারী। ... সামন্ত রাজা। ... [৪৩]
চৌকিদার	=	পাহারাওয়ালা। ... হয়তো ছিল চৌরে চৌরোদ্ধরণিক।
ছত্র	=	ছত্রধারক (ছত্র=ছাতা)।
ছড়ি [৮৯]		
ছত্রধরা	=	কোচবিহারের রাজদরবারে ছত্রধারী, 'ছত্রধরা' পদবী লাভ করতেন।
ছাটই	=	যষ্ঠিধারী, লাঠিয়াল সৈন্য।
ছাটুই	=	ছাটামারায় দক্ষ লাঠিয়াল।
জজ	=	বিচারক।
জজো [২৩]	=	বস্তুবাচক পদবী।
জনপতি [৮]	=	বিশ (২০) টি গ্রামের অধিপতি।
জমাদার	=	পুলিশ দারোগার নিম্নস্থ কর্মচারী। ··· (আ. ফা. জমা-অৎ-দার) কনেষ্টবল দারোয়ান প্রভৃতির সর্দার।
জমিদার	=	ভূস্বামী।
জমাদারিয়া	=	কোচবিহারের রাজার রাজত্বকালে পিয়নের উপরের কর্মচারীকে 'জমাদারিয়া' পদবী দেওয়া হত।
জগদ্গুরু	=	প্রখ্যাত স্মৃতিকার কমলাকর ভট্ট আকবরের নিকট 'জগদ্গুরু' উপাধি পেয়েছিলেন।

পদবী		উৎপত্তির সূত্র
জানা [৮]	=	'জনপতি'-র অপভ্রংশ। ··· অবগতকারী, বিধানদাতা। ··· শব্দটির সঙ্গে জনৌ বা উপবীত অথবা জৈন শব্দের যোগ আছে। কিন্তু পদবীর উৎস অপরিজ্ঞাত। ··· ফার্সী 'জহান' (জগৎ) শব্দের সংক্ষেপিত রূপ—'জান', তারই আঞ্চলিক প্রতিশব্দ জানা।
জাতুয়া	=	খাঁটি জাতের অর্থাৎ সদ্‌বংশজাত।
জালানি	=	অগ্নি প্রদানকারী, অত্যাচারী।
জোন্দার	=	জোতদার, স্বত্বযুক্ত জমির অধিকারী।
জোতকার	=	গাড়ীর বলদ বা হালের বলদের জন্যে যারা দড়ি তৈরী করে দেয় তাদের বলে 'জোতকার'। ('জোত' মানে এখানে 'হলবন্ধন রজ্জু' আর 'কার' মানে করে—এই ব্যাখ্যায় জোতকার)।
জোয়ারদার	=	জোয়ার বা মাইলো ব্যবসায়ী। ... গ্রাম্যমণ্ডলের উপাধি বিঃ।
ঝম্পটি [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
ঝা [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে। ··· মৈথিলী ব্রাহ্মণদের উপাধি বিশেষ। উপাধ্যায় হতে ওঝা, তা হতে ঝা। ... [৩৯]
ঝাঁজ	=	ঝা-জ অর্থাৎ ঝা-জাত অথবা অন্য অর্থে কিনা সংশয় আছে।
ঝাঝা	=	ঝা-জ অর্থাৎ ঝা-জাত অথবা অন্য অর্থে কিনা সংশয় আছে।
ঝাড়ুদার	=	ঝাড় দেওয়া পেশা যার।
ঝারিধরা	=	কোচবিহারের রাজার মলমূত্র ত্যাগের সময় রাজার জলভর্তি বদনা বহনকারীদের 'ঝারিধরা' পদবী দেওয়া হয়।
টপ্পো [২৩]	=	প্রাণীবাচক পদবী।
টিগ্গা [২৩]	=	প্রাণীবাচক পদবী।
টিকাদার	=	টিকাদানকারী।
ট্যাগোর [৮২]		
ঠাকুর [৮২]	=	···। শব্দটি এসেছে ঠক্‌কুর থেকে অর্থ দেবতা। ··· [১০২]
ঠাকুরিয়া	=	কোচবিহারের রাজার কাছ হতে গ্রামের প্রধান বা মোড়ল 'ঠাকুরিয়া' পদবী লাভ কোরতেন।
ডাট [৮২]		
ডাং	=	ডাঙ্গা থেকে এসেছে কিনা সংশয় আছে।

১৩ ঙ-বিভাগ

পদবী		উৎপত্তির সূত্র
ডাকুয়া	=	লোক প্রভৃতিকে ডাকবার কর্মচারী। ··· কোচবিহারে রাজকীয় ডাক বিভাগের রাণারকে 'ডাকুয়া' উপাধি দেওয়া হোত। তাদের বংশধররা আজও ডাকুয়া পদবী ব্যবহার করেন।
ডিঙ্গাল	=	নৌকা চালক।
ডিহিদার	=	অঞ্চল প্রধান।
ডুং ডুং [২৩]	=	প্রাণীবাচক পদবী।
ডোম [১৫]	=	'ডেমারী-'এর অপভ্রংশ। জাতির নামে পদবী।
ঢাং	=	ডাঙ্গা থেকে এসেছে কিনা সংশয় আছে।
ঢাকী	=	যে ঢাক বাজায়।
ঢালী	=	ঢালধারী সৈন্য।···পেশাগত পদবী [২০]
ঢেঁকি	=	ঢেঁকির প্রহারে দস্যু তাড়ানোর জন্য ঢেঁকি পদবী হয়। ··· যে কারিগর 'ঢেঁকি' তৈরী করতে পটু তাকে হয়তো লোকে 'ঢেঁকি' বলে ডাকত অর্থাৎ ঢেঁকিদের বাড়ী যা, অমুক ঢেঁকিকে ডেকে নিয়ে আয়। পরে 'ঢেঁকি' পদবীতে ঠাঁই নিয়েছে।
ঢুলী	=	যে ঢোল বাজায়।
ঢোল [৯০]	=	···। কোনো ব্রাহ্মণ পদবীর দেশজরূপ। অন্য মতে 'দয়াল' থেকে 'দোল' তার থেকে 'ঢোল'।
ঢ্যাং	=	'ঢ্যাঙা' অথবা 'ঢঙ' থেকে এসেছে কিনা সংশয় আছে।
ঢ্যাঙ	=	ডাঙ্গা থেকে এসেছে কিনা সংশয় আছে।
তরফদার	=	পরগণার অংশকে তরফ বলা হত। তরফদারেরা তরফের রাজস্ব আদায় ও শান্তিরক্ষা করত। ··· গ্রামের আংশিক মালিককেও তরফদার বলত। ··· মোগলযুগে সরকারী চাকরির পদ। ··· তরফের হিসাব রক্ষক হতে কিনা সংশয় আছে। ··· আরবী তরফ্ (জমিদারির অংশ) + দার = তরফদার। 'দার' ফার্সী শব্দ, অর্থ ওয়ালা বা মালিক।
তলাপাত্র [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে।
তহসিলদার/ তহশীলদার	=	মহাল, ডিহি বা মোজা প্রভৃতি জমিদারির যে কোন অংশের খাজনা আদায়কারী।
তা	=	অনেকের মতে হোতা, যার আদি হোত্রী। অগ্নিহোত্রী

পদবী		উৎপত্তির সূত্র
		পদবীর দেশজ অপভ্রংশ হতে পারে। ... [৯১] ... হোতার অপভ্রংশ।
তাঁতী	=	বস্ত্রবয়নকারী।
তামিজ	=	দায়িত্বপূর্ণ পদমর্যাদার সম্মানসূচক উপাধি।
তান্ত্রিক	=	শাস্ত্রোক্ত মতাবলম্বী।
তাম্বুলি	=	পান ব্যবসায়ী। (তাম্বুল=পান)
তালেবর	=	শহরের শাসনকর্তা বা শহর পুলিসের প্রধান। ... (আ. ফা. তালে ব. র) মান্যগণ্য ব্যক্তি।
তালুকদার	=	তালুকের মালিক (তালুক=ভূসম্পত্তি)।...তালুকের অধিকারী (তালুক=আঃ ত অল্লুক) ভূসম্পত্তি। মালিকের নিকট হতে যে জমি বন্দোবস্ত করে নেওয়া হয়।... মোগল যুগে সরকারী চাকরির পদ। ... মোগলযুগের খেতাব।
তিলি	=	তিল ব্যবসায়ী।
তিয়াড়ী	=	তিন বেদে পণ্ডিত।
তুঙ্গ	=	উচ্চস্থানীয়।
তুরকী	=	তুরগী = অশ্বারোহী = (ঘোড়সোয়ার)। ... অশ্বারোহী সৈন্য।
তুলাল	=	'তুলা' অর্থ ওজন দাঁড়ি, দাঁড়িপাল্লা। যারা জিনিষপত্র ওজনে পটু বা যাদের পেশা তাদের পদবী 'তুলাল'।
তেজ [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতানুসারে।
তেলী	=	তৈল ব্যবসায়ী।
তেওয়ারী	=	তিন বেদে পণ্ডিত। ... [৩৯]
তৈলবাটী [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
ত্রিপাঠী	=	তিন বেদে পণ্ডিত।
ত্রিবেদী	=	যে ঋক্, সাম ও যজু —এই তিন বেদ অধ্যয়ন করেন। ... পাশাপাশি রাজ্য থেকে [১২]।... তিন বেদে পণ্ডিত। ... [৩৯]
তোড়ক [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
থাপা	=	'আপা' শব্দের অপভ্রংশ।
থাণ্ডার	=	'থানদার' বা 'থানাদার' শব্দজ, দেবতা-স্থান তদারককারী অথবা পাহারাদার।

পদবী		উৎপত্তির সূত্র
দই [৯২]		
দত্ত [১]	=	দাতা বলে। ... [৩৮] ... [৮২]
দণ্ডী [৩]	=	ধর্মাচার্যগণের উপাধির অনুকরণে।
দপ্তরী	=	মুসলমান রাজত্বে কর্মচারী বিশেষ। ··· দপ্তরখানার রক্ষক।
দরজী	=	যে শেলায়ের কাজ করে।
দলই	=	'দলপতি'-র অপভ্রংশ।
দলুই	=	'দলপতি' / 'দালাই'-এর অপভ্রংশ। ··· পাশাপাশি রাজ্য থেকে [১২]। ··· দলপতি (সাধারণত সেনাদলের)।··· দলুই হলো দলপতি।
দণ্ডবৎ	=	যারা প্রভুর আদেশ পালনে সদা তৎপর ও প্রভু-সেবায় নিবেদিত প্রাণ (অর্থবিস্তারে—দণ্ড=লাঠি, বৎ=মতো অর্থাৎ যষ্টি বা লাঠির মত ঋজু বা সরল) — দণ্ড শব্দের উত্তর মতুপ প্রত্যয়। 'দণ্ড' যেমন চলা-ফেরায় সহায়তা করে, কাজকর্মে নির্ভর-শীল। সেরকম যাদের উপর সহজেই নির্ভর করা যায়।
দফাদার	=	চৌকিদারের উপরিতন কর্মচারী।
দণ্ডকার/[৮] দণ্ডপতি	=	বিচার পরিষদের সাহায্যকারী।
দণ্ডনায়ক	=	সেনাপতি। দণ্ড বিধানকর্তা।
দরবার	=	রাজ সভাসদ, বিচারক।
দলপতি/ দালাই	=	রাজ্য রক্ষাবাহিনীর দলপতি।
দস্তিদার	=	যাঁর দস্তখতে রাজকীয় দলিলাদি প্রেরিত হত তাঁকে দস্তিদার বলা হত। ··· (ফাঃ) নবাবী মোহর যাঁর জিম্মায় থাকত।
দবীরখাস [২২]		
দাঁ [৩৭/৩৮/৮২]	=	···। দামের অপভ্রংশ।
দাম [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে। ··· [৩৭] ··· [৩৮] ··· [৮২] ···গ্রীকশব্দ দ্রাখম্ থেকে ভারতীয় উচ্চারণ 'দ্রম্ম'। 'দ্রম্ম' থেকে 'দাম', অর্থ মূল্য, যেমন দর দাম করা। ধনী লোকেদের বৌদ্ধ যুগে দামও বলা হত।

পদবী		উৎপত্তির সূত্র
দাশ/	=	সেবায়েত বলে। ... (দাস=বৈষ্ণব উপাধি) দস্ ধাতু নিষ্পন্ন
দাস [১]	=	দাস শব্দে ভৃত্য। দাশ্ ধাতু নিষ্পন্ন দাশ শব্দে ব্রাহ্মণ পুরোহিত বুঝায়। ··· দাশ=ব্রহ্মজ্ঞানী ; দাশ্ ধাতু নিষ্পন্ন। দাস=সেবক ; দস্ ও দম্ভ্ ধাতু নিষ্পন্ন, অর্থ—মহাবলী ও বিধ্বংসকারী। ... ৩৮ ... ৫৬ ... ৬০ ... ৯৬
দাঁড়ী [৭৪]		
দায়ী [২৪]	=	'গাঁঞি'-এর নামে।
দাক্ষিত	=	'দীক্ষিত' পদবীর অপভ্রংশ।
দালাল	=	ক্রেতা এবং বিক্রেতার মধ্যস্থ ব্যক্তি। ··· (আঃ দাল্লাল) যে ব্যক্তি ক্রেতার সহিত বিক্রেতার যোগ ঘটায়। ··· পেশাগত পদবী [২০] ... বৃত্তিবাচক। ... ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর কুঠিতে যে সকল তন্তুবায় নিযুক্ত ছিল, তাহাদের উপাধি বংশানুক্রমে চলিয়া আসিতেছে।
দাশগুপ্ত [৬০]	=	... দুইটি নামের শেষাংশ যোগ করে। আধুনিককালের পদবী।
দাসাধিকারী	=	বৈষ্ণব সম্প্রদায়ের অধ্যক্ষ।
দিণ্ডা [৮]	=	বিচার পরিষদে সাহায্যকারী।
দ্বিবেদী [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে। ··· দুই বেদে পণ্ডিত। ··· [৩৯]
দিকপতি [৪৯]	=	... [৫৪]
দিবাকীর্তি [২৭]		
দীর্ঘাঙ্গী [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
দুবে	=	দুই বেদে পণ্ডিত। ... [৩৯]
দুলে	=	দোলা, পাল্কি ইত্যাদির বাহক।
দুয়া	=	দ্বারী।
দুয়ারী/[৮] দোয়ারী	=	'দৌবারিক-এর অপভ্রংশ।
দে	=	'দেব' শব্দের অপভ্রংশ।
দেই	=	'দেব' থেকে কিনা সংশয় আছে। ··· 'দেব'-এর অপভ্রংশ।
দেব [১]	=	দেবভক্ত বলে। ... পূজ্য বা রাজা। ... ৩৮ ... ৬৭ ... অনেকে মনে করেন 'দেব' পদবী এসেছে 'দেবল' থেকে।

পদবী		উৎপত্তির সূত্র
দেউরি	=	কোচবিহারের রাজাদের মন্দিরের পুরোহিত 'দেউরি' পদবী পেতেন।
দেশাই	=	'দেবাংশী'/'দেশমুখ্য'-এর অপভ্রংশ।
দেয়াশী	=	'দেবাংশী'-র অপভ্রংশ।
দৈশিক	=	'দেশমুখ্য'-এর অপভ্রংশ।
দেওয়ান	=	রাজস্ব আদায়ের প্রধান কর্মচারী। ... (ফাঃ দী. বা. ন) খাজনা ইত্যাদি আদায়ের প্রধান কর্মচারী। রাজস্ব মন্ত্রী। ... মোগল রাজত্বে বিভিন্ন প্রদেশের রাজস্ব আদায়ের ভার যাঁর উপর থাকত তাঁর সরকারী নাম হত 'দেওয়ান'।
দেবশর্মা	=	দেবতার আশ্রিত। ... (দেবশর্মন) ব্রাহ্মণের সাধারণ উপাধি।
দেবাংশী	=	রাজার ধর্মকার্যের সহায়ক ও গুনিন্।
দেশমুখ	=	জেলার প্রধান পোলিশ রাজস্ব কর্মচারী। এঁরা জমিদার স্থানীয় ছিলেন।
দেশমুখ্য [৮]	=	গ্রামের অধ্যক্ষ।
দেশিকোত্তম	=	বিশ্বভারতীর সর্বোচ্চ সম্মানজনক উপাধি।
দেবপাল মোহান্ত [৬৩]		
দোবে	=	দুই বেদে পণ্ডিত।
দোল	=	'দয়াল' থেকে।
দৌবারিক [৮]	=	দ্বাররক্ষাকারী।
ধনু [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে।
ধর [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে। ... 'ধারক'-এর অপভ্রংশ [৮]। ... নামের শেষাংশ।
ধারা/[৮] ধাড়া	=	'ধারক'-এর অপভ্রংশ। ... বিজ্ঞ, শ্রেষ্ঠ। ... ('ধাড়া', ধর থেকেও এসে থাকতে পারে)।
ধান [২৩]	=	বস্তুবাচক পদবী।
ধাওয়া	=	'রণধাবক'-এর অপভ্রংশ।
ধানুকী	=	ধনুর্ধারী যোদ্ধা।
ধারক [৮]	=	মণ্ডলেশ্বরের বিচারের সাহায্যকারী।
ধানওয়ার [২৩]	=	বস্তুবাচক পদবী।
ধীবর	=	মাছ ধরা বা বিক্রয় করা যাঁর ব্যবসা।

পদবী		উৎপত্তির সূত্র
ধোপা/ ধোবা	=	রজক, বস্ত্রক্ষালক।
নন্দী [২৪]	=	'গাঁঞি'-এর নামে। ... [৩৮] ... অর্থ আনন্দদায়ক।
নস্কর	=	নিস্করভোগী সামন্তবংশীয়। ... আসলে লস্কর, এ যুগের আর্মি'র হাবিলদার বা সার্জেণ্ট। ... [৭৪]
নগরপাল [৮]	=	নগর ও গ্রামরক্ষাকর্তা।
নাগ [৩]	=	উপাস্য দেবতার নামানুসারে। ... জীববাচক পদবী [২৩]। ... [২১] ... [৩৮]
নাথ [৩]	=	ধর্মাচার্যগণের উপাধির অনুকরণে। ... [৩৮]
নাদ [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে।
নায়া/ নেয়ে	=	নৌচালক।
নায়ী [২৪]	=	'গাঁঞি'-এর নামে।
নাইয়া	=	নাবিক, মাঝি। ... [৭৪]
নাটুয়া	=	নৃত্যকারী, অভিনেতা।
নাপিত	=	ক্ষৌরকার জাতি।
নাহার [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে।
নায়েব	=	(আঃ নায়িব) জমিদারির পরিচালক কর্মচারী।
নায়ক	=	নেতা, অধ্যক্ষ, সেনাপতি। ... পঁচিশজন সেনার নায়ক। ... পাশাপাশি রাজ্য থেকে [১২]। ... অভিনেতা বোধক কিনা সংশয় আছে। ... [১০২]
নায়েক	=	সামরিক ল্যান্সনায়েক থেকে কিনা সংশয় আছে।
নারায়ণ [৯৭]		
নিধি	=	প্রচুর ধনসম্পত্তি ও বিদ্যানুরাগ হেতু।
নিকারী/নিকিরী	=	মৎস্যজীবী।
নিষাদ	=	চণ্ডাল, কিরাত।
নিয়োগী	=	বোধ হয় নিয়োগকর্তা। যদিও অন্ধ্র ব্রাহ্মণদের একটি শাখা নিয়োগী। ... নিয়োগকর্তা।
নুলিয়া	=	পুরীর সমুদ্রে যারা মাছ ধরে এবং স্নানার্থীদের স্নানে সাহায্য করে।

পদবী		উৎপত্তির সূত্র
নেহের[১০]	=	'নাহার'-(ফার্সী শব্দ) এর অপভ্রংশ।
ন্যায়বান	=	ন্যায়পরায়ণ।
ন্যায়রত্ন	=	ন্যায়শাস্ত্রে (তর্কশাস্ত্রে) সবিশেষ অভিজ্ঞ ব্যক্তি।
পত্রী	=	পত্রনবিশের সঙ্গে তুলনীয়। (পত্র বলতে অবশ্য চিঠি বোঝায় না, পুঁথি বা রাষ্ট্রীয় দলিলও বোঝাত)।
পণ্ডা	=	উড়িষ্যার 'পাণ্ডা' পদবী স্থানভেদে বাঁকুড়ায় এসে হয়ে গেছে 'পণ্ডা'।
পর্কাটি[৩২]	=	'গাঁঞি'-এর নামে।
পটল[৯৫]	=	হিন্দুযুগের 'পট্টকিল' উপাধি থেকে।
পণ্ডিত	=	বিদ্বান, শাস্ত্রজ্ঞ। ... আচার্য, ধর্মপূজক। ...[৩৯]
পদ্মশ্রী[৬]	=	ভারত সরকার কর্তৃক প্রদত্ত খেতাব।
পর্বত	=	উচ্চ সম্মানিত।
পড়ুয়া/ পাড়ুই	=	'পাঠক'-এর অপভ্রংশ। ... (পাড়ুই—নদী বা দিঘির পাড়ে বসবাসকারী থেকে কিনা সংশয় আছে)।
পড়েল[৮]	=	'প্রতিহার'-এর অপভ্রংশ।
পয়রা[৫৭]		
পয়ড়্যা[৫৭]		
পয়াৎ	=	পয়া বা সুলক্ষণযুক্ত অথবা জলদানকারী।
পলসাঁয়ী	=	পলসা গ্রাম থেকে।
পট্টনায়ক	=	'নায়ক'-এর সাহায্যকারী।
পত্রনবীশ	=	যাঁর অধিকারে সনদ পত্র বা দলিল লেখার বিভাগ থাকত তাঁকে পত্রনবীশ বলা হত। ... মোগলযুগে সরকারী চাকরির পদ।
পদ্মভূষণ[৬]	=	ভারত সরকার কর্তৃক প্রদত্ত খেতাব।
পদ্মবিভূষণ[৬]	=	ভারত সরকার কর্তৃক প্রদত্ত খেতাব।
পণ্ডিত সার্বভৌম[৭]	=	উপাধি বিশেষ।
পাত্র[৮]	=	মন্ত্রী। ... 'মহাপাত্র'-এর শেষার্ধ বলে অনুমিত।
পাঁজা	=	'পাঞ্জা'রই অপভ্রংশ। মনে হয় মোগল আমলে পাঞ্জা ছাপ দেওয়া কোন বাদশাহী সনদপ্রাপ্তি বা ভূমিদানের স্মৃতিকেই বংশ গৌরব হিসেবে ধরে রাখা হয়েছে। 'পাঞ্জা' থেকেই

পদবী		উৎপত্তির সূত্র
পাঁজা		'পাঁজা', যেমন 'পঞ্জী' (পঞ্জিকা) থেকে 'পাঁজি'। … 'পাঞ্জা' (ফারসী শব্দ) মোগলযুগের সনদ প্রাপ্তির স্মৃতিরক্ষার্থ উপাধি, পরে পদবী।
পান [২১]	=	বস্তুবাচক পদবী। … শিলালেখে উল্লেখিত 'নহপান' থেকে কিনা সংশয় আছে।
পাণ্ডা	=	তীর্থস্থানে দেবতা পূজক। … পাশাপাশি রাজ্য থেকে [১২]
পাণ্ডে [৩৯]		
পারী [২৪]	=	'গাঁঞি'-এর নামে।
পাঁড়া	=	'পান্ডা' থেকে কিনা সংশয় আছে। … 'পান্ডা'-র অপভ্রংশ।
পাল [৩]	=	ধর্মাচার্যগণের উপাধির অনুকরণে। … 'নগরপাল'-এর অপভ্রংশ [৮]। … [৩৮] … [৮২]
পাইক	=	নগরপাল, গ্রামরক্ষক। … পাহারাদার [৮]। … পদাতিকসৈন্য। … হয়তো বৃত্তিবাচক। … প্রাচীন ইরানী শব্দ; অর্থ পদাতিক বা পেয়াদা।
পাইন/পানুয়া	=	পান ব্যবসায়ী। … শিলালেখে উল্লেখিত 'নহপান' থেকে কিনা সংশয় আছে।
পাগল	=	উন্মাদ, বাতুল।
পাটনী	=	খেয়াঘাটের নাবিক।
পাটারী	=	পাটোয়ারী, পটু, নিপুন। … পাটোয়ারী বা পাট ব্যবসায়ী।
পাটেল	=	'পাটোয়ারি'-র অপভ্রংশ।
পাঠক	=	অধ্যয়নকারী। … যিনি রাজার আদেশ পাঠ করে শোনাতেন।
পালধি [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
পালিত [১]	=	পালনপ্রিয় বলে। … [৩৮] … 'পট্টকিল'-এর অপভ্রংশ।
পাড়ুই	=	নদী বা দিঘীর তীরে বসবাসকারী লোক। পাড় থেকে পাড়ুই।
পায়রা [৫৭]		
পাকড়াশী [৭৬]		
পাখাধরা	=	কোচবিহারের রাজবাড়িতে যারা পাখার বাতাস কোরতেন তারা 'পাখাধরা' পদবী পেতেন।
পাটোয়ারী/ পাটোয়ারি	=	যিনি খাজনা আদায় করেন এবং তার হিসাব রাখেন। … 'পট্টনায়ক'-এর অপভ্রংশ। … কর আদায়কারী।

পদবী		উৎপত্তির সূত্র
পানিগ্রাহী	=	মনে হয় উৎকল থেকে আগত।
পারিহাল [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
পিঁড়ি	=	এক বলদে টানা নালিযুক্ত দুই খণ্ড কাঠে পিঁড়িযুক্ত ও পিঁড়ি ছাড়া ঘানি। পিঁড়িযুক্ত ঘানি যারা পেষে তাদেক পৃথকীকরণের জন্য পিঁড়ি কলু বা তেলী বলত তাই থেকে 'পিঁড়ি' পদবীতে ঠাঁই নিয়েছে।
পীল [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে।
পীতমুণ্ডি [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
পুঁই	=	পুঁথি লেখক কিম্বা নকলচি থেকে কিনা সংশয় আছে। ··· পুঁথি। পুঁথি লেখক বা পুঁথি নকলকারী।
পুঁড়	=	আখের নাম 'পুঁড়'। আখের রস থেকে গুড় করার পেশায় যারা পটু তাদের পদবী 'পুঁড়'।
পুষলী	=	পোষলা গ্রাম থেকে।
পূতিতুণ্ড [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
পুষিলাল	=	পুষলী গাঞি থেকে।
পুংসিক [২৪]	=	'গাঁঞি'-এর নামে।
পুরকাইত/ পুরকায়স্থ	=	হিন্দু আমলের এক প্রাচীন উপাধি। রাজার প্রধান লেখক। ··· জমি জরিপ করে চিঠা লেখার কাজে রত। ··· (পুরকায়স্থ—বৃত্তি পরিচয় থেকে পদবী হয়েছে। পুর বা নগরের রাজকর্ম্মচারী, রেজিস্টারার)।
পুরকায়েত	=	নগরাধ্যক্ষ।
পূজারী	=	পূজাকারী।
পেলান	=	কোচবিহারের রাজারা শিকারে অনুরাগী ছিলেন। প্রজাদের মধ্যে ভাল শিকারীকে 'পেলান' পদবী দিয়ে মর্যাদা দেওয়া হোত।
পেয়াদা	=	রাজদূত। ··· (ফাঃ পিয়াদহ) পত্রবাহক, চাপরাসী।
পোদ্দার	=	ফোতাদার—(ফোতা=টাকার থলে) এঁরা মুদ্রা পরীক্ষা করতেন। ··· (আঃ ফাঃ—ফোতহ্-দার) যে নোট টাকা ইত্যাদি ভাঙ্গাইয়া দেয় বা সোনারূপা যাচাই করে তা রাখিয়া ধার দেয়। ··· এটি এসেছে দুটি বিদেশী শব্দের সন্ধি করে

পদবী		উৎপত্তির সূত্র
পোদ্দার		'ফত্বহ' আরবী শব্দ, আর 'দার' ফার্সী শব্দ। সন্ধি করে 'ফত্বদার', তা থেকে ক্রমে ফোৎদার, পোৎদার এবং শেষে পোদ্দার।
পোতদার	=	মুদ্রার ধাতুমান পরীক্ষক।
পোটলাধরা	=	কোচবিহারের রাজা বাইরে গেলে যারা তার জামা কাপড় ইত্যাদি বহন কোরত এবং তদারকি কোরত তারা 'পোটলাধরা' উপাধি লাভ করে।
প্যাটেল [২৫]	=	'পট্টকিল'-এর অপভ্রংশ।
প্রতি [৪]	=	পশু যাগে ছয় জন ঋত্বিকের একজনকে প্রতি বলা হত।
প্রধান	=	শ্রেষ্ঠবংশীয়।
প্রসাদ [১৮]		
প্রতিহার [৮]	=	সম্পদরক্ষাকারী। ··· দ্বাররক্ষক।
প্রামাণিক	=	বিশ্বাস্য, বিজ্ঞ, প্রধান, অধ্যক্ষ। ··· প্রমাণ দ্বারা সিদ্ধান্তকারী প্রমাণ (+ইক্)। বিয়ে ইত্যাদি সামাজিক ব্যাপারে যাকে সাক্ষী বা প্রমাণ হিসেবে রাখা হত।
প্রেত	=	দুর্ঘটনা ও অপঘাতজনিত মৃত্যুর দরুণ যিনি প্রেতোদ্দিষ্ট দানসামগ্রী এবং পিণ্ড গ্রহণ করেন তাদের পদবী 'প্রেত' কিনা সংশয় আছে।
ফড়নবিশ	=	ফর্দনবিশের কাজ করায় ফড়নবিশ নামে পরিচিত হন।
ফুরণ	=	'পূরণ' থেকেই 'ফুরণ' (চুনকামের মিস্ত্রির কাছে ফুরণের রেট জানতে চাওয়ার অর্থ পূরণের সর্ত)।
ফুরাই	=	সম্ভবত 'পুরাই' বা 'পুরাইত' থেকে। ··· পুরাই থেকে পুরাইৎ তার থেকে পুরবিদ্ (নগর নির্মাণের পরিকল্পনাকারী)
বক্সী/ বকশি	=	মুসলমান রাজসরকারের দপ্তরে প্রধান কর্মচারী। এঁরা সৈনিকদের বেতন দিতেন এবং সামরিক বিভাগের মসনবদার ও জায়গীরদারদের জায়গীর সম্বন্ধীয় হিসাব রাখতেন। ··· মোগলযুগে সরকারী চাকরির পদ। ··· তুর্কী শব্দ 'বখশী' থেকে বাংলায় 'বক্শি'।
বর্গী	=	বেতনভোগী অশ্বারোহী সৈন্যদল, মারাঠী 'বারগী' শব্দজ।
বর	=	শ্রেষ্ঠ। ··· নৌকোর সঙ্গে সম্পৃক্ত কিনা সংশয় আছে।

পদবী		উৎপত্তির সূত্র
বন্ধু [৩]	=	ধর্মাচার্যগণের উপাধির অনুকরণে। ... [৫৬]
বর্ম্মা/[৩] বর্মা	=	অধিপতিগণের উপাধির অনুকরণে। ... 'বর্ম্মন্' শব্দ হতে। ... [৩৬]
বল [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে। ... 'মহাবল', 'ইন্দ্রবল' জাতীয় নামের শেষাংশ থেকে এসে থাকতে পারে। আবার 'দেবল' গোত্রপদবীর শেষাংশও হতে পারে।
বসু [১]	=	ধনরত্নের কারণে। ... [৪৬] ... [৮২]
বড়ু	=	বটু (ব্রাহ্মণ বালক)।
বটুক	=	বটু থেকে বটুক (ব্রাহ্মণ বালক)
বর্দ্ধন [৩]	=	অধিপতিগণের উপাধির অনুকরণে। ... নামের শেষাংশ থেকে।
বণিক	=	ব্যবসায়ী। ... পেশাগত পদবী [২০]।
বর্মন	=	'বর্ম' শব্দজ ; রক্ষাকারী, যিনি বর্মের ন্যায় দেশকে রক্ষা করেন। ... [৩৬] ... [৩৮]
বরুয়া	=	কোচবিহারের রাজার জামাতা বরুয়া পদবী লাভ করতেন।
বল্লভ	=	অশ্বরক্ষক। ... [৯৪]
বশিষ্ঠ [৫৯]		
বড়াল	=	বোড়া গ্রাম থেকে।
বড়ুয়া [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে। ... [৪০]
বটব্যাল [৩২]	=	'গাঁঞি'-এর নামে। ... বোড়া গ্রাম থেকে।
বলরামী [৬৪]		
বসুনিয়া	=	কোচবিহারে বিভিন্ন অনুষ্ঠানে যারা জনসমাবেশ ঘটাতেন, রাজার কাছ হতে তারা 'বসুনিয়া' পদবী লাভ করতেন।
বন্দোপাধ্যায় [২]	=	ব্রাহ্মণের উপাধি। ... [৩২] ... [৪০]
বলোৎকটা [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
বসুয়ারী [৪৬]		
বহুগুণা [৯৩]		
বড় গোহাঁই [৩৫]		
বাগ	=	'বাগ্মী'-র অপভ্রংশ। ... বাগিচার মালিক।
বাগ্মী	=	যিনি রাজার আদেশাদি প্রচার করতেন।

পদবী		উৎপত্তির সূত্র
বাঘ	=	ব্যাঘ্রের সমান তেজোদর্পশালী, নির্ভীক। … বাঘ নিধনকারী। … জন্তুবাচক পদবী [২১]
বান [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে।
বাবু	=	ধনী ব্যক্তিদিগের উপাধি বিশেষ। …'বাহজ' শব্দ হতে।
বারা [২৩]	=	উদ্ভিদবাচক পদবী।
বালা	=	যাঁরা মাথায় দেউলপাট বহন করে হরপার্বতীর গান করতেন তাঁদের বালা বলে অভিহিত করা হত। এই 'বালা' শব্দই পদবীতে ব্যবহৃত হয়ে আসছে। … ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ— বালা < বল্লহ < বল্লভ। 'বালা' শব্দটি প্রাচীন ও মধ্যযুগীয়।
বালী [২৪]	=	'গাঁঞি'-এর নামে।
বাসু [৮২]		
বাস্কে [২৩]	=	বস্তুবাচক পদবী।
বাউরী [১৬]	=	'বাওড়া'-এর অপভ্রংশ। জাতির নামে পদবী।
বাউল	=	শ্রীগৌরাঙ্গের ভক্ত সম্প্রদায়।
বাকচি [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
বাখলা [২৩]	=	বস্তুবাচক পদবী।
বাগদী	=	'বকদ্বীপ' বা 'বগ্‌ডিহি' থেকে বগ্‌ডি তথা বাগদী কথার উৎপত্তি হয়েছে বলে শ্রদ্ধেয় যোগেশ চন্দ্র রায় বিদ্যানিধি মনে করেন।
বাগানী	=	উদ্যানকারী।
বাছাড়	=	বাছাইকার, নির্বাচক। … চার পাঁচ মনের তালগাছের গুঁড়ি একদিকে ধরে তুলে, টেনে যে সব চেয়ে বেশী দূর নিয়ে যেত পারত তাকে সবাই সম্মান দিত 'বাছাড়' বলে।
বাজাজ [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে।
বাপুলী	=	'বাউলী'-রাই স্থানভেদে 'বাপুলী'। … স্নেহভাজন। … 'গাঁঞি'-এর নামে [৩২]
বারিক	=	(ফাঃ বারীক) গ্রাম্যমন্ডল। … 'অভিষেকের বারি' যজমানের মাথায় যাঁরা দিতেন। … প্রাচীন 'দৌবারিক' অথবা ইংরেজী 'ব্যারাক' শব্দ থেকে এসেছে কিনা সংশয় আছে। … বারি সম্বন্ধীয় অর্থাৎ জলেতে যাঁহাদের জীবন জীবিকা ; বারি

পদবী		উৎপত্তির সূত্র
বারিক		শব্দের উত্তর স্বার্থে 'ক' প্রত্যয়যোগে সিদ্ধ বারিক। ... দৌবারিক (সংস্কৃত)
বারুই/ বারুরী	=	তাম্বুল বিক্রয়কারী ; 'বারুজীবী' শব্দজ।
বাশুলি	=	যে স্থানে বাশুলি পুজো হত তার অধিবাসী অর্থে এসেছে কিনা সংশয় আছে।
বাড়ই/ বাড়ুই	=	ছুতোর, ঘরামি। ... (বাড়ুই=বর্ধিত বা বাড়ন্ত)।
বাড়ব [৪০]		
বাড়বি [৪০]		
বাড়াই	=	কাঠের মিস্ত্রি।
বাড়ুয্যে/ বাঁড়ুজ্যে/ বাঁড়ুজ্জে	=	'বন্দোপাধ্যায়' শব্দের চলতিরূপ। ... [৪১] ... [৭৮] ... [৮২]
বাড়োরি [৪০]		
বায়েন	=	বাজিয়ে, সঙ্গীতে বাদ্যদ্বারা সঙ্গতকারক। ... মল্লভূমে বীর হাম্বিরের আমলে বাজিয়েদের উপাধি দেওয়া হয়েছিল 'বায়েন'। ... বাজনদার।
ব্যানার্জি [৮২]		
বাওয়ালী/ বাওলী	=	বাউলগানকারক। ... সুন্দরবনের পথপ্রদর্শক, ব্যাঘ্র নিয়ন্ত্রণকারী বাউলে।
বাঘওয়ার [২৩]	=	জন্তুবাচক পদবী।
বাচস্পতি	=	পাণ্ডিত্যসূচক।
বারওয়া [২৩]	=	জন্তুবাচক পদবী।
বাহাদুর	=	ফারসী থেকে গৃহীত 'বাহাদুর' কথাটির অর্থ 'কৃতী', যে দুঃসাধ্য কর্ম করিয়াছে, বীর, প্রশংসার্হ।
বাছনদার	=	যে পছন্দ বা বাছাই করে।
বি. এ. [২৬]		
বিশী [৩২]	=	'গাঞি'-এর নাম থেকে।

পদবী		উৎপত্তির সূত্র
বিষ্ণু [৩]	=	উপাস্য দেবতার নামানুসারে। … [৩৮]
বি. এস. সি [২৬]		
বিজলী	=	ধনুর্ধর, রণজয়ী ব্যক্তি।
বিশই [৮]	=	'বিশপতি'-র অপভ্রংশ।
বিষয়ী	=	উড়িষ্যায় এঁরা জিলার অধ্যক্ষ। রাজস্ব আদায়, শাসন ও বিচারের ভার এঁদের উপর ন্যস্ত থাকত। … 'বিশপতি' শব্দ থেকে খর্বিত ও খণ্ডিত।
বিশ্বাস	=	বিশ্বাস্য। রাজ্যের বিশ্বস্ত কর্মচারী। … হিসাব রক্ষায় ও আয় ব্যয় সংক্রান্ত দায়িত্বপূর্ণ কার্যকারী। ভাণ্ডার রক্ষকদেরও বিশ্বাস উপাধি ছিল।
বিশপতি [৮]	=	বিশ (২০)টি গ্রামের অধিপতি।
বিশ্বাসখাস	=	সুবাদারের খাস সেরেস্তায় হিসাব বিভাগে অতি বিশ্বাসের সহিত কাজ করে বিশ্বাসখাস উপাধি লাভ করত।
বীররায়	=	সৈন্যবাহিনীর মল্লযুদ্ধে প্রতিযোগিতায় শ্রেষ্ঠ হয়ে যে রাজার দেহরক্ষী হত।
বেক [২৩]	=	বস্তুবাচক পদবী।
বেরা/ বেহারা	=	'বীররায়'-এর অপভ্রংশ।
বেইজ	=	সংস্কৃত 'বৈদ্য' শব্দের অপভ্রংশ। বৈদ্য থেকে প্রাকৃত 'বৈজ' এবং তা থেকে এসেছে বেইজ।
বেদজ্ঞ	=	বেদ জানে এমন।
বেলুন	=	হয়তো বিল্বন থেকে। … বিল্বন্ (সংস্কৃত)
বেসরা [২৩]	=	প্রাণীবাচক পদবী।
বোস [৮২]		
বোখনাধরা	=	কোচবিহারের রাজা যখন বাইরে বেড়াতে যেতেন তখন তাঁর সঙ্গে যারা বিছানা বহন কোরত এবং রাজাকে বিছানা পেতে দিত, তারা 'বোখনাধরা' পদবী লাভ করত।
বৈদ্য	=	চিকিৎসক। … [২৯]
বৈরাগী	=	বৈষ্ণব ধর্মাবলম্বী। … সংসারে উদাসীন।
ব্যাপারী [২০]	=	পেশাগত পদবী।

পদবী		উৎপত্তির সূত্র
ব্রহ্ম [৩]	=	উপাস্য দেবতার নামানুসারে।
ব্রহ্মা [৪]	=	যিনি যজ্ঞের সমস্ত কর্ম পর্যবেক্ষণ করতেন তাঁকে ব্রহ্মা বলা হত।
ব্রহ্মচারী	=	প্রথমাশ্রমী।
ভক্ত [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে।
ভঞ্জ	=	'ভঞ্জদেব' বা 'ভঞ্জবাহাদুর' অথবা 'ভজন' থেকে এসেছে কিনা সংশয় আছে।
ভট্ট [৪০]		
ভদ্র [৩]	=	ধর্মাচার্যগণের উপাধির অনুকরণে। ... [৩৮] ... [৪৯]
ভড়	=	'ভড়' শব্দের অর্থ মালবাহী বড় নৌকা, আবার 'ভড়' প্রাচীন গৌড়ের একটি অঞ্চলের নাম। কারো কারো মতে 'ভড়' এসেছে 'বাজ' থেকে।
ভরসা	=	যাঁকে নির্ভর করা যায়।
ভট্টাচার্য [৪০]		
ভট্টশালী [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
ভাগ	=	উৎপাদিত শস্যের অংশ বা ভাগ নিত বলে গ্রাম্য সমাজে ভাগচাষীকে 'ভাগ' পদবী ব্যবহার করবার রীতি দেখা যায়।
ভাট	=	শাস্ত্রগ্রন্থ কণ্ঠস্থকারী।
ভার্মা [৩৬]		
ভাঁড়	=	পরিহাসক, বিদূষক। ... 'ভাঁড়' শব্দটি ভাণ্ডারী হইতে বিশিষ্ট অর্থে প্রযুক্ত। 'ভণ্ডামী করে যে' এই অর্থে নহে।
ভার্গব [৫৯]		
ভাদুড়ী [৩২/৪৮/৭৯]		
ভাণ্ডারী	=	ভাণ্ডাররক্ষক, ভাঁড়ারী। ... ভাণ্ডাররক্ষক অর্থে কিনা সংশয় আছে।
ভারতী	=	সন্ন্যাসীদের উপাধি বিশেষ।
ভাণ্ডপুট [২৯]		
ভারতরত্ন [৬]	=	ভারত সরকার কর্তৃক প্রদত্ত খেতাব।
ভাণ্ডার-কায়স্থ	=	হিন্দু আমলের উপাধি বা রাজকীয় পদ, পাঠান ও মোগলদের সময়ে দেখা যায়,—চন্দ্রদ্বীপের রাজাদের আমলেও ছিল। এই রাজপুরুষদের হেপাজতে রাজকোষ থাকত।

পদবী		উৎপত্তির সূত্র
ভূতি [৩৮]		
ভূঞ্যা/ ভৌমিক/ ভূঁইয়া	=	ভূম্যধিকারী। … ভূম্যাধিকারী জমিদার। … (ভূঁইয়া—নিঃসন্দেহে 'ভৌমিক'-এর অপভ্রংশ)।
ভোজ	=	জায়গীরদার।
মণি	=	রত্ন, শ্রেষ্ঠ।
মন্ত্রী	=	পরামর্শদাতা, অমাত্য, সচিব।
মল্ল	=	মল্লযোদ্ধা। … সংস্কৃত 'মল্ল' শব্দের অর্থ ক্রীড়ানৈপুণ্য, যোদ্ধা। হিন্দিভাষায় 'পালোয়ান' অর্থে প্রযোজ্য। কানাড়ি ভাষায় 'কুস্তিগির' অর্থে ব্যবহৃত।
মণ্ডল	=	গ্রাম-নায়ক। (গ্রামের প্রধান ব্যক্তি) কখনও কখনও এঁরা জমিদারের প্রতিনিধি স্বরূপ গ্রামের জমি পত্তন ও খাজনা আদায় করতেন। … 'মণ্ডলপতি' বা 'মণ্ডলেশ্বর'-এর অপভ্রংশ [৮] … [৫১] … 'মাণ্ডলিক', 'মহামাণ্ডলিক' প্রভৃতি রাজকর্মচারীর পদ থেকে এসেছে।
মঙ্গলী	=	সুন্দরবনে লবণ প্রস্তুতকারী।
মল্লিক	=	পাঠান রাজত্বকালে যে সব রাজপুরুষ জমিদারী বা জায়গীর পেতেন তাঁদেক 'মল্লিক' উপাধি দেওয়া হত। পুশ্‌তু ভাষায় মালিক=মল্লিক। … 'মল্ল' শব্দের অপভ্রংশ। … (ফাঃ) সম্মানিত ব্যক্তি।
মহন্ত/ মোহন্ত	=	দেবমন্দিরের অধ্যক্ষ।
মহাত্মা	=	মহাশয়, মহামনা, উদার।
মহান্তি [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে।
ময়রা/ মোদক	=	মিষ্টান্ন প্রস্তুতকারী জাতি বিশেষ।
ময়ূর/ মৌয়ূরীয়	=	ময়ূরধ্বজের বংশধরগণের উপাধি।
মৎস্যাসি [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
মণিয়ান	=	মানবান।

ঙ-বিভাগ

পদবী		উৎপত্তির সূত্র
মহাচার্য্য [৭]	=	উপাধি বিশেষ।
মহাজন	=	সাধু, ধার্মিক, বাণিজ্যকারী, বণিক।
মহাদণ্ড [২৫]		
মহাপাত্র [৮]	=	প্রধানমন্ত্রী। ··· মন্ত্রীপ্রধান। ··· পাশাপাশি রাজ্য থেকে[১২]। ··· মল্লরাজাদের দেওয়া উপাধি [২৫]
মহাবীর	=	অতি বলবান ব্যক্তি।
মহারাজ	=	সম্রাট, প্রধান রাজা।
মহারাণা [৮]	=	যজ্ঞ বা দিগ্বিজয় দ্বারা প্রাপ্ত উপাধি।
মজুমদার	=	প্রধান কর্মাধ্যক্ষের নীচে, রাজস্ব আদায়ের ও বন্দোবস্তের হিসাব রক্ষা করতেন। জমিদারদের খাজনা আদায়কারী ও হিসাব পরীক্ষক। ··· পাঠান সুলতানগণ স্বাধিকারভুক্ত দেশকে কতকগুলি মুলুক বা মহলে বিভক্ত করে নির্দিষ্ট কালের জন্য বার্ষিক মোক্তা রাজস্ব আদায়ের অঙ্গীকারে সঙ্গতিপূর্ণ লোককে ইজারা দিতেন, যাঁরা ঐ সকল মুলুকের ইজারাদার হতেন তাঁদের সাধারণত মজুমদার বা দেশাধ্যক্ষ বলা হত। ··· (ফাঃ) খাজনার হিসাব রক্ষক। ··· মোগল-যুগের খেতাব। ··· মজমা বা মৌজার অধিকর্তা!
মন্দুনে	=	ভাষাতাত্ত্বিক ব্যবচ্ছেদের ফলে মন্দুনে শব্দটি আসিয়াছে মূলশব্দ 'মুণ্ড—ক্ষৌরীক' হইতে। মুন্দুনে<মুণ্ডুনে <মুণ্ডন (=মস্তক কেশশূন্যকরণ)।
মণ্ডলপতি [৮]	=	মণ্ডলের অধিপতি ও বিচার পরিষদের প্রধান।
মণ্ডলেশ্বর	=	৪০ যোজন বিস্তীর্ণ রাজ্যের অধিপতি। ··· বিচার পরিষদের প্রধান [৮]
মহাক্ষত্রপ	=	ভাষাগত অর্থে ক্ষত্রপ—প্রধান।
মনসবদার	=	প্রধান সুবাদারের অধীনে শত সৈন্যের নেতা।
মহলানবিশ/ মহলানবীশ	=	মহল বা পাড়ার হিসাব রক্ষক, মহলার নবিশ (লিপিকার) ··· মোগলযুগে সরকারী চাকরির পদ। ··· আরবী 'মহল্লহ্' (নগরের অংশ) এবং নবীশ যোগ করে মহলানবীশ। নবীশ ফার্সী শব্দ, মানে লেখক।
মহাবাহ	=	'বাহ' শব্দ হতে।

পদবী		উৎপত্তির সূত্র
মহামাণ্ডলিক [৮]	=	বিচার পরিষদের প্রধান।
মহামহোপাধ্যায়	=	পাণ্ডিত্যসূচক। ··· সংস্কৃত পণ্ডিতের রাজদত্ত উপাধি। ...৪৫ ... ৬৬
মাজি/ মাজী	=	কর্ণধার।
মাঝি	=	নৌচালক। ··· যে কোন শ্রমিক দলের নেতা বা গ্রামের মুখ্য ব্যক্তি। ··· ৩১ ··· ৭৪
মাত্তা/মাতা	=	'মহাত্মা' শব্দের অপভ্রংশ, মহাপ্রাণ।
মান [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে।
মান্তা	=	কোচবিহারের রাজবাড়িতে অতিথি অভ্যাগতদের ভোজনের সময় যাতে সারমেয় ইত্যাদি বিরক্ত করতে না পারে তারজন্য প্রহবার ব্যবস্থা করা হোত। এই প্রহরীরা 'মান্তা' পদবী লাভ করে।
মান্না [৮]	=	'মহারাণা'-এর অপভ্রংশ। ··· মান্য থেকে কিনা সংশয় আছে।
মান্ডি [২৩]	=	উদ্ভিদবাচক পদবী।
মাল	=	'মল্ল' শব্দের অপভ্রংশ। ··· 'মল্ল' শব্দ থেকেই 'মাল' শব্দের উৎপত্তি।
মালী	=	উদ্যানকার, মাল্যকার।
মাইতি	=	ফারসী—মন্তাহি—মুন্সিকী, এই অর্থে মুন্সিয়ানা বা পাণ্ডিত্যসম্পন্ন। ··· 'মহৎ' বা 'মহোত্তর'-এর অপভ্রংশ। ··· মহান্তি বা দলপতি। ··· 'মহান্তি'-র দেশজরূপ কিনা সংশয় আছে।
মাডড় [২৫]	=	'মহাদণ্ড'-এর অপভ্রংশ।
মাদুলি	=	পদবীটির অর্থ বিশ্লেষণে দাঁড়ায়, যাঁরা মাদলের আকৃতি বিশেষ কিছু গড়তে পটু।—আবার কোন দুরারোগ্য ব্যাধির উপশম বা আরোগ্যের জন্য মাদুলি দিতেন বলে লোকের মুখে মুখে 'মাদুলি' প্রচার হয়ে পদবীতে রূপ নিয়েছে।—যারা পাল্কী বা ডুলি তৈরী করতে দক্ষ তাদের উপাধি 'মাদুলি' হওয়া স্বাভাবিক। (মা-দুলি অর্থাৎ মা=দক্ষ, দুলি=ডোলা বা পাল্কী)।

৩১ ঙ-বিভাগ

পদবী	উৎপত্তির সূত্র
মাণিক্য	= গৌড়ে সুলতান শামসুদ্দীন কর্তৃক ত্রিপুরার রাজাদিগকে দেওয়া উপাধি।
মারিক	= 'মাহারিক'-এর অপভ্রংশ। ... যাঁহারা ছোট হাতুড়ি দিয়া ঠুক্ ঠুক্ করিয়া ঘা মারিয়া স্বর্ণালংকারাদি নির্মাণ করিয়া থাকেন। ঠুক্ ঠুক্ 'মার' ধ্বনি হইতে বৃত্তি অনুযায়ী 'মারিক' পদবী ধার্য হইয়াছে।
মাল্লিক	= 'মল্ল' শব্দের অপভ্রংশ। ... কর্তা।
মাষ্টার	= প্রভু, শিক্ষক।
মাণ্ডলিক [৮]	= মণ্ডলের অধিপতি।
মালাকার [২০]	= পেশাগত পদবী। ... হয়তো বৃত্তিবাচক।
মিত্র [১]	= মন্ত্রণাকুশলতার কারণে। ... [৩৭] ... [৩৮] ... [৮২]
মিন্দা	= নাবিক।
মির্ন্ধা	= নৌচালক। ... নাবিক।
মিল	= যিনি নিজেদের জাতের মধ্যে মিল ঘটাইয়া দিয়া থাকেন। ইঁহার বিধান সকলে সাদরে গ্রহণ করেন। ইনি স্বজাতের মধ্যে পূজনীয় ও শ্রদ্ধাস্পদ ব্যক্তি।
মিশ্র [১২]	= পাশাপাশি রাজ্য থেকে।
মিস্ত্রি	= কারিকর। ... পেশাগত পদবী [২০]।
মিটার [৮২]	
মিনজ [২৩]	= প্রাণীবাচক পদবী।
মীরবহর	= নৌবিভাগের সর্বাধ্যক্ষের নাম। ... ফার্সি শব্দ, কলকাতায় গঙ্গার একটি ঘাটের নাম ছিল 'মীরবহর' ঘাট। আমির আল বহর মানে অ্যাডমিরাল অফ দি ফ্লীট। আমির আল বহর থেকেই 'মীরবহর'।
মুচী/[১৭] মুচি/মোচী	= ...। জুতা-তৈরী ও মেরামতকারী জাতি বিশেষ।
মুদি/ মুদী	= নানা দ্রব্য ব্যবসায়ী, দোকানী।
মুণ্ডা [১৮]	= 'মণ্ডী'-এর অপভ্রংশ। জাতির নামে পদবী।

পদবী		উৎপত্তির সূত্র
মুন্সী/ মুনশী	=	এঁরা লেখাপড়ার কাজ করতেন। বিচারালয়ে জবাববন্দী লিখতেন ··· (আঃ কেরানী, লেখক)। ··· মোগলযুগে সরকারী চাকরির পদ।
মুণ্ডী	=	যাঁরা বেদোক্ত মণ্ডন-কর্ম করেন।
মুর্মু [২৩]	=	প্রাণীবাচক পদবী।
মুলো [২১]	=	বস্তুবাচক পদবী।
মুখিম	=	ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর কুঠিতে তন্তুবায়দিগের উপাধি।
মুখুজ্যে/[৪১/৭৮] মুখুজ্জে		
মুন্সিফ	=	বিচারক। জমি পরিদর্শনের জন্য জমিদার কর্তৃক নিযুক্ত লোক।
মুস্তাফি/ মুস্তাফী	=	দেওয়ানী সেরেস্তার সেরেস্তাদারদের বলত। এঁরা রাজস্ব সম্বন্ধীয় হিসাব পরীক্ষা করতেন। ... মোগলযুগে সরকারী চাকরির পদ। ··· বড়বাবু বা হেডক্লার্ক।
মুহরী/ মুহুরী	=	কেরাণী, হিসাবের খাতা লেখক। ··· (আঃ মুহর্‌রির) কেরাণী।
মুৎসদ্দী/ মুচ্ছুদ্দী	=	কার্যালয়ের তত্ত্বাবধায়ক বা প্রধানকর্তা, লেখক।
মুখোপাধ্যায় [২]	=	ব্রাহ্মণের উপাধি।
মৃধা	=	যুদ্ধকারী (মৃধা=যুদ্ধ)।
মেটে [২১]	=	বস্তুবাচক পদবী।
মেউর	=	'ময়ূর'/'মৌয়ূরীয়'-এর অপভ্রংশ।
মেথর	=	পায়খানা পরিস্কারক জাতি বিশেষ। ঝাড়ুদার (ফাঃ মিহ্‌তর)।
মেহত্র	=	মহারাষ্ট্রে প্রত্যেক গ্রামেই কুম্ভকারদিগের একজন করে প্রধান থাকে, তাকে মেহত্র বলে, সেই প্রধানই সকলের জাতি সম্বন্ধীয় গোলযোগ মিটিয়ে থাকেন।
~~মেইকআপ~~	=	সাম্প্রতিক পদবী হিসাবে একশো বছরের মধ্যে এসে থাকলে অবশ্যই থিয়েটার বা যাত্রার মেকআপ ম্যান থেকে।
মৈত্র	=	মিত্র সম্বন্ধীয়। ··· [৩২]

পদবী		উৎপত্তির সূত্র
মোক্তার	=	আদালতের কাজ সম্পন্ন করার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি।
মোড়ল	=	গ্রামের বিশিষ্ট ব্যক্তি—বিশেষ গ্রাম্য মর্যাদায় প্রতিষ্ঠিত ব্যক্তি।
মৌলে	=	সুন্দরবনে মধু আহরণকারী।
মৌর্য [৩৪]		
যশ [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে। ... [৩৮] ... [৪৯]
যতী	=	সন্ন্যাসী, জিতেন্দ্রিয় মুনি।
যাজক/[৪] যাজ্ঞিক	=	যিনি যজমান অর্থাৎ গৃহস্থের জন্য যাগ বা যজ্ঞ করতেন তাঁকে যাজক/যাজ্ঞিক বলা হত।
যাচনদার	=	ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর কুঠিতে তন্তুবায়দের উপাধি।
যোগী	=	তপস্বী।
রঙ্গ	=	যাঁরা রঙ্গপুর হতে এসেছিলেন বা পূর্বে রঙ্গপুরে দিনাজপুরে আধিপত্য করতেন তাঁদের রঙ্গ উপাধি।
রথ [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে।
রয় [৮২]		
রঞ্জিত/ রঞ্জিৎ	=	রণজয়ী ব্যক্তি বা বীর। ... (রঞ্জিত—মনোরঞ্জনকারী)।
রজক	=	ধোপা, বস্ত্রপরিস্কারক।
রণক	=	'রাণা'-এর অপভ্রংশ।
রপ্তান	=	রপ্তানিয়া বা রপ্তানিকারক।
রক্ষিত [৩]	=	ধর্মাচার্যগণের উপাধির অনুকরণে।
রণজিৎ	=	যুদ্ধজয়ী।
রঙ্গদার	=	কৌতুকপ্রিয়।
রণধাবক	=	রাজার সহিত সৈন্যবাহিনীর যোগাযোগকারী।
রণধাওয়া	=	'রণধাবক'-এর অপভ্রংশ।
রণসিংহ [৬১]		
রাও [৭০]		
রাজ [৮]	=	'রাজন'-এর অপভ্রংশ।
রাজা	=	দিল্লীর সম্রাটের নিকট হতে পাওয়া উপাধি।
রাণা [৩]	=	অধিপতিগণের উপাধির অনুকরণে। ... কুলস্তম্ভদেবের 'রাণক' উপাধিই বর্তমানে 'রাণা' উপাধিতে পরিণত হয়েছে। ... সামন্তচক্রের অধিপতি [৮] ... [৫৮] ... [৭১]

পদবী		উৎপত্তির সূত্র
রাহা	=	হিন্দি রাহী বা পথিক থেকে কিনা সংশয় আছে।
রায়	=	রাজন্। নবাবী আমলে রায়দিগকে সহস্র সৈন্যের অধিপতির পদমর্যাদা দেওয়া হত। রাজা, রাজপুতনায় 'রায়'—দাক্ষিণাত্যের 'রাও' এই একই অর্থে ব্যবহৃত। ... 'রাজন'-এর অপভ্রংশ [৮]। ... 'রাও শব্দ হতে। ... [৬৯] ... রায় সম্ভবত রাজ শব্দ থেকে আগত, যার দক্ষিণীরূপ রাও। রাজা বা রাজশব্দ (রায়) প্রসংগে স্মর্তব্য লাতিন Rex। Roy ইউরোপেও প্রচলিত। ... [৮২]
রাউত/[১২] রাউৎ	=	পাশাপাশি রাজ্য থেকে। 'রাজপুত'/'রাজপুত্র' শব্দ থেকে এসেছে কিনা সংশয় আছে। রাজপুত পদবীটি ওড়িশা থেকে সংক্রামিত বলে বিশ্বাস। ... সংস্কৃত রাজপুত্র থেকে প্রাকৃতে রাউত্ত, তা থেকে রাউত। শব্দটির অর্থ ত্রিবিধ—রাজপুত্র, ক্ষত্রিয় এবং অশ্বারোহী সৈন্য।... [১০২]
রাউনা [২৩]	=	প্রাণীবাচক পদবী।
রাউল	=	অবাঙ্গালীর 'রাওয়াল' পদবীর সংগে হয়তো যুক্ত।
রাওল [৭০]		
রাজন [৮]	=	সামন্তচক্রের অধিপতি। ... [৬৯]
রানক [৭২/১০২]		
রাহুত [৩]	=	অধিপতিগণের উপাধির অনুকরণে। ... সংস্কৃত 'রাজপুত্র' শব্দ হতে উদ্ভুত। এবং অভিজাত বংশের উপাধি হিসেবে ব্যবহৃত।
রাওয়াল [৭০]		
রাজ্যপাল [৮]	=	শাসন পরিষদের প্রধান।
রায়বেঁশে	=	লাঠিয়াল। ... (রায় বাঁশিয়া) রায় বাঁশধারী। নিম্নজাতীয় সৈনিক। (রায়বাঁশ=বাঁশের বড় লাঠি)।
রায় কোঙর/[৯৮]		
রায় কুমার		
রাজপণ্ডিত [৭]	=	উপাধি বিশেষ।
রায়চৌধুরী	=	চতুঃশক্তিধর রাজা।
রায় রায়ান	=	রাজার রাজা। বাঙালার নবাবের দেওয়ানী বিভাগের প্রধান

পদবী		উৎপত্তির সূত্র
রায় রায়ান		হিন্দু কর্মচারীকে এই উপাধি দেওয়া হত। ব্রিটিশ আমলে ১৭৭২ পর্যন্ত ইহা প্রচলিত ছিল। … [৬৯]
রায় সাহেব	=	ইংরেজরাজ প্রদত্ত উপাধি। … [৬৯]
রাজা বাহাদুর	=	ব্রিটিশ গভর্ণমেণ্ট কর্তৃক প্রদত্ত উপাধি।
রায় বাহাদুর	=	তিন সহস্রের অধিপতির পদমর্যাদা দেওয়া হত। … ইংরেজ আমলে সম্ভ্রান্ত ব্যক্তিকে এই উপাধি দেওয়া হত। … [৬৯]
রায় রাজ্যধর	=	চতুর্দশ শতাব্দীর প্রথমপাদে সুলতান জালালুদ-দীন কর্তৃক তাঁর মহামন্ত্রী সেনাপতিকে সম্মানিত করার জন্য দেওয়া উপাধি।
রায় মুকুটমণি [৭]	=	উপাধি বিশেষ।
রুদ্র [৩]	=	উপাস্য দেবতার নামানুসারে। … তেজস্বী … [৩৮]
রে [৮২]		
রেজ	=	'রাজন' থেকে।
লস্কর	=	(ফারসী—লশ্‌কের = পদাতিক সৈন্য) — লস্কর—সৈনিক বিভাগের যোগ্য ব্যক্তিদের উপাধি। … সৈন্য বা জাহাজের নাবিক। … [৭৪]
লাভ	=	ধনোপায়চিন্তা হেতু।
লামা	=	'লামা' শব্দের প্রকৃত অর্থ সন্ন্যাসীদের মঠাধ্যক্ষ, যদিও বর্তমানে বৌদ্ধ মতানুযায়ী তিব্বতের সমস্ত সন্ন্যাসী এবং যাজকদেরই এই উপাধি দেওয়া হয়।
লাহা	=	লাক্ষা ব্যবসায়ী। … [৮২]
লাকড়া [২৩]	=	জন্তুবাচক পদবী।
লাটুয়া	=	নট বা নাটুয়া অথবা লাট বা জমির নামকরণ থেকে এসেছে কিনা সংশয় আছে।
লাহিড়ী [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
লাঠিয়াল/ লেঠেল	=	যষ্ঠিধারী যোদ্ধা।
লিণ্ডা [২৩]	=	প্রাণীবাচক পদবী।
শক্তি [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে।

পদবী		উৎপত্তির সূত্র
শর্মা/[৩] শর্মা	=	ধর্মাচার্যগণের উপাধির অনুকরণে। ... পাশাপাশি রাজ্য থেকে [১২] ... [৩৫]
শর [৩]	=	বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে।
শা	=	শাহ বা অধিপতি। ··· 'সাধু' বা 'সাউ' থেকে।
শানা	=	শন ব্যবসায়ী।
শাস্ত্রী	=	পাণ্ডিত্যসূচক। ··· [৩৯]
শাহী	=	শাহী বাদশাহী কর্মে নিযুক্ত কিনা সংশয় আছে।
শার্দুল	=	ব্যাঘ্র সদৃশ প্রভাবশালী।
শাটিয়ার/ সাটিয়ার	=	ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ ঃ শাটিয়ার/সাটিয়ার<শাটিয়ার বা শাটিয়াল<শ্রেষ্ঠিপাল<শ্রেষ্ঠিন।
শাঁসমল [৮]	=	'শাসনমল্ল'-এর অপভ্রংশ। ··· 'শাসমল্ল' হতে এসেছে কিনা সংশয় আছে। (শাস=শাসন করা) 'শাসমহল'ও হতে পারে।
শাসনমল্ল [৮]	=	শাসনকার্যে সাহায্যকারী।
শিব [৩৮]		
শিউলি	=	খেজুর, তাল, নারিকেল, প্রভৃতি গাছ থেকে রস আহরণকারী ও গুড় প্রস্তুতকারী।
শিকারী	=	মৃগয়াকারক।
শিহরি [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
শিকদার/ সিকদার	=	যাঁদের উপর রাজস্ব আদায়ের ভার থাকত তাঁরা মুসলমান অধিকারে 'শিকদার' উপাধিতে খ্যাত ছিলেন। ··· শান্তিরক্ষক ··· [৮০]
শিমলাল/ শিম্বলাল	=	শিমলাল আশ্রমের বংশধরের উপাধি।
শিরোমণি	=	পাণ্ডিত্যসূচক।
শী	=	সম্ভবত 'শীল' বা 'শ্রী' থেকে। ··· শীল থেকে শী।
শীল	=	সচ্চরিত্র। ··· [৪৯]
শূর [৩]	=	অধিপতিগণের উপাধির অনুকরণে।
শূল [৩২]	=	'গাঁঞি'-এর নামে।
শেঠ [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে।

পদবী		উৎপত্তির সূত্র
শৈব	=	শিবভক্ত।
শৌণ্ড	=	মত্ত, মাতাল।
ষন্নিগ্রহী/ ষনগিরি	=	উড়িষ্যার 'পানিগ্রাহী' পদবী স্থানভেদে বাঁকুড়ায় এসে হয়ে উঠেছে 'ষন্নিগ্রহী'। আবার কেউ কেউ লেখেন 'ষনগিরি'।
সহ [৩৭]		
সজ্জন	=	সাধু, সুজন।
সবিতা [৩০]		
সরেন [২৩]	=	প্রাণীবাচক পদবী।
সহায় [৫৬]		
সান্নিগ্রাহী	=	মনে হয় উৎকল থেকে আগত।
সমান্দার	=	এঁরা গ্রাম বা জেলার চাষ পরিদর্শন ও চাষীদের মধ্যে বিবাদ মীমাংসার জন্য সরকার বা জমিদার কর্তৃক নিযুক্ত হতেন। ... [৫১]
সভাসুন্দর	=	পদবীটির অর্থ, যাঁহারা সভামণ্ডপ সুন্দর ও শোভন মণ্ডিত করিয়া থাকেন।
সমাজদার [৫১]		
সরকার	=	(ফারসী শর্‌কার) প্রভু, শাসনকর্তা, রাজস্ব আদায়কারী কর্মচারী, আয় ব্যয়ের হিসাব রক্ষক। ... লেখক ... মোগলযুগের খেতাব ... [৪৭]
সরখেল	=	সেনাপতি।
সরদার/ সর্দ্দার	=	(ফারসী সর্‌দার) দলপতি, নায়ক। ... প্রধান ব্যক্তি। ... যিনি শিরদাতা নেতা তিনিই সরদার। (দেশের জন্য, দশের জন্য, ধর্মের জন্য যিনি সর্বাগ্রে শিরদানে অগ্রসর হন, তিনিই সর্বজনমান্য এই সরদার)। ... [৪৯] ... ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর কুঠিতে যে সকল তন্তুবায় নিযুক্ত ছিল, তাহাদের উপাধি বংশানুক্রমিকে চলিয়া আসিতেছে।
সন্ধিবিগ্রহিক	=	যুদ্ধ ও শান্তি এবং পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী।
সমাজপতি	=	সমাজের নেতা।
সর্ব্বাধিকারী	=	প্রধান মন্ত্রিপদের পরিচায়ক (নবাবদত্ত)। ... [২২]
সা	=	'সাহু'-র অপভ্রংশ। ... [৮১]

পদবী	উৎপত্তির সূত্র
সাঁই[৩৫]	= 'স্বামী'-এর অপভ্রংশ। … [৮১]
সাউ/ সাহু	= 'সাধু'-র অপভ্রংশ। … [সাহু [৮১]]
সাটী [২৪]	= 'গাঁঞি'-এর নামে।
সাথী	= সঙ্গী, সহচর।
সাধু	= সংস্কৃত শব্দ, অর্থ বণিক। … [৮১]
সানা	= সেনা, সৈন্য, যোদ্ধা।
সানি[১২]	= পাশাপাশি রাজ্য থেকে।
সাহা	= 'সাহু'-র অপভ্রংশ। … [৩৭] … [৮১] … [৮২] … 'সাধু'-র অপভ্রংশ। [সাধু শব্দের একটি অর্থ বণিক। সাধু বাংলায় পদবী। সাধু ওড়িষ্যায় গিয়ে সাউ হয়েছে।]
স্বামী [৩৫]	
সাগর	= সমুদ্রচারী (সগরবংশজাত ?)।
সাঁপুই	= সাক্ষী সাবুদের 'সাবুদ' থেকে এসেছে।
সাফই/ সাফাই	= (আরবী—সাফাই) অপরাধমুক্ত, নির্দ্দোষ, কুলীন।
সাঁফুই	= পরিচ্ছন্ন, খাঁটি বা নির্দ্দোষ।
সাবুই	= সাক্ষী সাবুদের 'সাবুদ' থেকে এসেছে।
সাঁতরা [৮]	= 'সামন্তরাজ'/'সামন্তরায়'-এর অপভ্রংশ। … [৪৯]
সান্ন্যাল [৩২]	= 'গাঁঞি'-এর নামে।
সামন্ত [৮]	= সামন্তচক্রের অধিপতি। … [৪২]
সাহানা	= মুর্শিদকুলী খাঁর সময় সরকারী কর্মে নিযুক্ত ব্যক্তিকে দেওয়া উপাধি। … সিন্ধুপ্রদেশের 'সাহানী' অথবা 'সাহানা' রাগিনী থেকে এসেছে কিনা সংশয় আছে।
সাহানি [১২]	= পাশাপাশি রাজ্য থেকে।
সাধুখাঁ	= জ্ঞানী, সজ্জন। … সাধু অর্থাৎ সওদাগরতার সঙ্গে খাঁ যুক্ত হয়ে।
সাইদার[৫]	= সর্দার।
সাঁওতাল [১৯]	= 'সামতাল'-এর অপভ্রংশ। জাতির নামে পদবী। … 'সাঁওতা' হতে সাঁওতাল। প্রাচীন অঙ্গদেশেই সাঁওতালদের আদি

পদবী		উৎপত্তির সূত্র
সাঁওতাল		বাসস্থান ছিল। পরে তারা যখন মেদিনীপুর জেলার ‘সাঁওতা’ পরগনায় এসে বসবাস শুরু করে তখন তাদের নাম হয় সাঁওতাল।
সার্বভৌম	=	পাণ্ডিত্যসূচক।
সামন্তরাজ/[৮] সামন্তরায়	=	সামন্তচক্রের অধিপতি।
সাকরমল্লিক [২২]	=	হুসেনশাহের অধীনে হিন্দু প্রধান অমাত্যদিগকে দেওয়া উপাধি।
সামন্ত ঠাকুর [৪২]		
সিমলাই [৩২]	=	‘গাঁঞি’-এর নামে।
সূপকার	=	রন্ধনকারী।
সুবাদার	=	প্রদেশের শাসনকর্তা, দেশীয় সৈন্যগণের নেতা।
সূত্রধর	=	সুতো ধরে মাপজোখ করে কাজ করতে হয় বলেই সামাজিক নাম সূত্রধর। ‘সূত্রধর’ কথাটির মধ্যে তাঁদের পেশাগত চরিত্রটি একান্তই ফুটে উঠেছে।
সেন [১]	=	সেনাপতি বলে। … ‘সেনাপতি’-র অপভ্রংশ। … [৩৮]
সেনা	=	‘সেনানায়ক’-এর অপভ্রংশ।
সেনী	=	‘সেনাপতি’-র অপভ্রংশ।
সেকরা	=	সোনারূপার গহনা নির্মাণকারী।
সেনগুপ্ত [৬০]		
সেনাপতি	=	সৈন্যাধ্যক্ষ। … [৪৯]
সেনানায়ক	=	একশত সৈন্যের অধিপতি।
সেহানবীশ	=	মোগলযুগে সরকারী চাকরির পদ।
সোম [৩]	=	উপাস্য দেবতার নামানুসারে। … চন্দ্র অর্থে অথবা ঋগ্বেদীয় বা পৌরাণিক দেবনাম নামের সঙ্গে যুক্ত করার রীতি থেকে কিনা সংশয় আছে।
সোতাপাগধরা	=	কোচবিহারের রাজার রাজদণ্ড যারা বহন করতেন এবং রাজা সিংহাসনে বসলে রাজদণ্ড ধারণ করতেন, তাঁদের সোতা-পাগধরা উপাধি দেওয়া হতো।

পদবী		উৎপত্তির সূত্র
সিং [১২]	=	পাশাপাশি রাজ্য থেকে।
সিনহা [৮২]		
সিন্ধল [২৪]	=	'গাঁঞি'-এর নামে।
সিংহ [১]	=	সিংহ প্রভাব হেতু। ··· শ্রেষ্ঠ ব্যক্তি। সৈনিক বিভাগের কর্মচারীদেরও এই উপাধি দেওয়া হত। ··· মহাপ্রতাপশালী। ··· ৩৩ ··· ৮২
সিয়ারিক [২৪]	=	'গাঁঞি'-এর নামে।
সিংহ চৌধুরী/ [১১]	=	বাঁকুড়া জেলায় সিমলাপালের সামন্তরাজ শ্রীপতি মহাপাত্রের বংশপদবী।
সিংহ হিকিম/		
সিংহ বড়ঠাকুর/		
সিংহ বাবু/		
সিংহ মহাপাত্র		
স্বর্ণকার	=	যে অলংকারাদি গড়ে।
হরকরা	=	পত্রাদি বাহক, পিয়ন।
হস্তীশুর	=	হস্তীবাহিনীর সৈন্যগণ।
হাটি/ হাঁইত	=	'হস্তীশুর'-এর অপভ্রংশ। ··· [৫২]
হাতি	=	'হস্তীশুর'-এর অপভ্রংশ। ··· দীর্ঘদেহী বা বলিষ্ঠ। ··· জন্তুবাচক পদবী [২১]। ··· আসলে পদবীটা হাতি নয়, হাটি। অনেক আগে বাণিজ্যকেন্দ্রের অধিকর্তাকে বলা হতো এবং রাষ্ট্রীয় উপাধি দেওয়া হতো হট্টারিক। সেই হট্টারিকই মুখে মুখে পরিণত হলো হাটিতে।
হাকিম	=	বিচারক।
হাজরা হাজারী	=	সহস্র সৈন্যের অধিনায়ক। ··· (হাজরা=মনসবধারী উপাধি, 'হাজারীর'-র অপভ্রংশ)। ··· মোগলযুগের খেতাব। ··· (হাজরা=শাব্দিক মিল বশত হাজারীকে হাজিরা শব্দের সংগে মিলিয়ে ফেলে হাজরা শব্দের উৎপত্তি)। এক সহস্র সৈন্যের অধিপতি।
হাজারিকা	=	'হাজারী'-র অপভ্রংশ।

৪১ ঙ-বিভাগ

পদবী	উৎপত্তির সূত্র
হালদার	= ‘হাবিলদার’ বা ‘হাওলাদার’ শব্দজ ; সৈন্যাধ্যক্ষ। সহকারী হিসাব রক্ষক।… ৪৪ … ৭৩
হাওলদার [৭৩]	
হালুইকর	= মিঠাইওয়ালা।
হিন্দুমান [৬৫]	
হুই	= ‘হুই’ পদবীটি ‘ভূতি’ শব্দ থেকে এসেছে। অর্থাৎ ভবভূতি, বিভূতি, দেবভূতি জাতীয় নামের শেষাংশ ভূতি দেশজ চেহারা নিয়ে।
হুকুমদার	= আদেশকারী।
হেমব্রম [২৩]	= উদ্ভিদবাচক পদবী।
হোতা [৪]	= যিনি যজ্ঞে দেবতাদের আহ্বান করতেন তাঁকে হোতা বলা হত। … সংস্কৃত হোত্রী থেকে হোতা।
হোম	= ‘সোম’ পদবীর রূপান্তর অথবা হোত্রীর মত যজ্ঞার্থে হোম-ক্রিয়ার সঙ্গে যুক্ত—এই দ্বিবিধ অনুমান করা হয়।
ক্ষত্রপ	= প্রাচীন পারসিক শব্দ ‘ক্ষত্রপাভন’ যার অর্থ প্রাদেশিক শাসনকর্তা।
ক্ষুরি	= যাঁরা ক্ষুরের দ্বারা বেদোক্ত সংস্কার কর্ম করেন।
ক্ষেম [৩]	= বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে।
ক্ষেত্রপাল [৮]	= … জমির শস্যরক্ষাকারী।
ক্ষেত্রকায়স্থ	= জমি জরিপ করে চিঠা লেখা কাজে রত।

(১) পৌরাণিক আখ্যায়—চিত্রগুপ্ত (কায়স্থ) বংশীয় রাজা ধর্মযজ্ঞের এগারজন পুত্র বিদ্যাশিক্ষার জন্য নৈমিষারণ্যে আটজন ঋষির আশ্রমে গমন করেন। যিনি যে ঋষির আশ্রমে গিয়েছিলেন, তিনি সেই ঋষির গোত্র পেলেন ও গুণ ও কর্মের জন্য নিম্নোক্ত পৃথক পৃথক উপাধি লাভ করলেন ঃ—

পুত্রের নাম	ঋষির নাম	গুণ/কর্ম	উপাধি
মতিমন্ত	সৌকালীন আশ্রমে	যশের কারণে	ঘোষ
দাশরথী	গৌতম আশ্রমে	ধনরত্নের কারণে	বসু
অতিক্রান্ত	বিশ্বামিত্র আশ্রমে	মন্ত্রণাকুশলতার কারণে	মিত্র
গুহ্যক	কাশ্যপ আশ্রমে	গুহাতে বাস হেতু	গুহ
দুর্ধর্ষ		সেবায়েত বলে	দাস
দুর্বাক্য	মৌদ্গল্য আশ্রমে	দেবভক্ত বলে	দেব
দুর্বাসা		দাতা বলে	দত্ত
কুথু	ভরদ্বাজ আশ্রমে	করমিত্র বলে	কর
শশাঙ্ক		পালনপ্রিয় বলে	পালিত
পৌলব	বাসুকি আশ্রমে	সেনাপতি বলে	সেন
সহস্রাক্ষ	মুসোল আশ্রমে	সিংহপ্রভাব হেতু	সিংহ

(২) আচার, বিদ্যা, বিনয়, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃতি, তপঃ ও দান এই নয়টি গুণে বিভূষিত ব্রাহ্মণের মূল 'উপাধ্যায়' উপাধির প্রথমে গঙ্গ, চট্টো, বন্দ্য, মুখ নামের যিনি যে গ্রামে বাস বরতেন সেই গ্রামের নাম যুক্ত হয়ে গঙ্গোপাধ্যায়, চট্টোপাধ্যায়, বন্দ্যোপাধ্যায় ও মুখোপাধ্যায় উপাধিতে পরিচিত হন।

[গঙ্গ (বর্ধমান জেলায় বাঁকানদের নিকট)
চট্টো (বর্ধমান জেলায় চাট্তি)
বন্দ্য (বীরভূমের অন্তর্গত বন্দিঘাট)
মুখ (বাঁকুড়া জেলায় অম্বিকা পরগনায় মুকুটী)]

(৩) গুপ্তাধিপত্য বিস্তারের বহুপূর্ব হতেই পশ্চিম ভারত থেকে এ দেশে কায়স্থগণের আগমন হয়েছিল। তাঁরা তাঁদের অধিপতি, ধর্মাচার্যগণের উপাধির অনুকরণে ও তাঁদের উপাস্য দেবতাদের নামে আর নিজ নিজ বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে উক্ত বিভিন্ন উপাধিতে ভূষিত হয়েছিলেন।

[অধিপতিগণের উপাধিতে ঃ (গুপ্ত, বর্মা, বর্ধন, রাণা, রাহুত, শূর)।

ধর্মাচার্যগণের উপাধিতে : (অর্ণব, কীর্তি, দণ্ডী, নাথ, পাল, বন্ধু, ভদ্র, রক্ষিত, শর্ম্মা)। উপাস্য দেবতাদের নামে : (আদিত্য, ইন্দ্র, গণ, চন্দ্র, নাগ, বিষ্ণু, ব্রহ্ম, রুদ্র, সোম)। বীর্যবত্তা বা পারদর্শিতা অনুসারে : (আশ, আইচ, গুণ, তেজ, দাম, ধনু, ধর, নাদ, পীল, বল, বান, মান, যশ, শর, শক্তি, ক্ষেম)]।

(৪) বৈদিক ঋষিরা নানাবিধ যজ্ঞ করতেন। যিনি যজমান অর্থাৎ গৃহস্থের জন্য যাগ বা যজ্ঞ করতেন তাঁকে 'যাজ্ঞিক', 'যাজক' বা 'ঋত্বিক' বলা হত। (ঋতুতে ঋতুতে যজ্ঞ করতেন বলে যাজ্ঞিকের সাধারণ নাম ঋত্বিক)। যজ্ঞ অনুসারে নানা নামের ঋত্বিক ছিল। যিনি দেবতাদের আহ্বান করতেন তাঁকে হোতা ; আগুনে যিনি আহুতি দিতেন তাঁকে অধ্বর্য্য ; যিনি সামগান করতেন তাঁকে উদ্গাতা ; যিনি যজ্ঞের সমস্ত কর্ম পর্যবেক্ষণ করতেন তাঁকে ব্রহ্মা ; পশু যাগে ছয় জন ঋত্বিকের একজনকে 'প্রতি' বলা হত। আর বৈদিক গৃহস্থ অগ্ন্যাধান যজ্ঞ বা হোমে অগ্ন্যাহুতি দিতেন বলে তাঁদিগকে 'অগ্নিহোত্রী' বলা হত।

(৫) দশ বিশ গণ্ডা জেলে মালো জুটিয়ে ত্রিশ চল্লিশটি নৌকা আর পঞ্চাশ ষাটটি জাল নিয়ে যে সকলের হয়ে সর্দারি করে দক্ষিণে (সমুদ্রযাত্রা) নিয়ে যেত মাছ ধরতে তাকে 'সাইদার' বলা হত।

(৬) ভারতরত্ন : এই খেতাব দেওয়া হয় কলা, সাহিত্য ও বিজ্ঞানের উন্নতির ক্ষেত্রে বৈশিষ্ট্যপূর্ণ কাজ এবং উচ্চতম পর্যায়ের জনহিতকর কাজের স্বীকৃতির জন্য।

(৬) পদ্মবিভূষণ : সরকারী কর্মচারীসহ যে কেউ যে কোন ক্ষেত্রে বৈশিষ্ট্যপূর্ণ ও মৌলিক কৃতিত্বের জন্য এই খেতাব পান।

(৬) পদ্মভূষণ : সরকারী কর্মচারীসহ যে কেউ যে কোন বিষয়ে উচ্চ পর্যায়ের বৈশিষ্ট্যপূর্ণ মৌলিক কৃতিত্বের জন্য এই খেতাব পান।

(৬) পদ্মশ্রী : সরকারী কর্মচারীসহ যে কেউ যে কোন বিশেষ ক্ষেত্রে বিশেষ কৃতিত্বের জন্য এই খেতাব পান।

(৭) চতুর্দ্দশ শতাব্দীর প্রথমপাদে সুলতান জলালু-দ-দীনের সময় বৃহস্পতি মিশ্র নামে একজন শ্রেষ্ঠ পণ্ডিত ও রাজনীতিবিদ ছিলেন। তাঁর মনীষা সুলতানের কাছে বিশেষ সমাদৃত হয়েছিল। এবং তাঁর মন্ত্রণায় একাধিক গৌড়েশ্বর উপকৃত হয়েছিলেন। তাই তাঁর উপর পরপর 'কবিচক্রবর্ত্তী—রাজপণ্ডিত—পণ্ডিত-সার্ব্বভৌম—কবিপণ্ডিত চূড়ামণি—মহাচার্য্য—রায়মুকুটমণি' উপাধিগুলি বর্ষিত হয়েছিল।

(৮) আর্যদের পারিবারিক জীবনে কয়েকটি পরিবার নিয়ে একটি গ্রাম হত। গ্রামের অধ্যক্ষকে বলা হত গ্রামণী বা দেশমুখ্য। বিশটি গ্রাম নিয়ে গঠিত হত একটি 'বিশ' বা 'জন'। এই বিশ বা জনের অধিপতিকে বিশপতি বা জনপতি বলা হত। 'বিশপতি বা জনপতি'-র অপভ্রংশই 'বিশই' বা 'জানা'রূপে পদবীতে পরিণত হয়েছে। একটি মণ্ডলের অধিপতিকে 'মণ্ডলপতি' ও 'মাণ্ডলিক' বলা হত। বর্তমানে ইহা 'মণ্ডল' পদবীতে পরিণত হয়েছে। চৌদ্দটি মণ্ডল নিয়ে একটি সামন্তচক্র গঠিত হত। এই সামন্তচক্রের অধিপতিকে বলা হত 'সামন্ত'। এই 'সামন্ত' শব্দই বর্তমানে পদবীতে পরিণত। কয়েকটি সামন্তচক্রের অধিপতিকে সামন্তরাজ বা সামন্তরায় বলা হত। 'সামন্তরায়'-এর অপভ্রংশ 'সাঁতরা' পদবীতে পরিণত হয়েছে। কতকগুলি সামন্তচক্রের অধিপতিকে 'রাজন' বা 'রাণা' বলা হত। ইহা এখন 'রাণা', 'রাজ' ও 'রায়'রূপে পদবীতে পরিণত হয়েছে। যজ্ঞ বা দিগ্বিজয় দ্বারা 'রাজা', 'মহারাণা' বা 'একরাট' হতেন। এই 'মহারাণা' শব্দের অপভ্রংশই 'মান্না' পদবীতে পরিণত হয়েছে। প্রত্যেক মহারাজার রাজসভায় একটি মন্ত্রিসভা, একটি বিচার-পরিষদ এবং একটি সৈন্যবাহিনী ছিল। মন্ত্রিসভার প্রধান মন্ত্রীকে 'মহাপাত্র' ও অন্যান্য মন্ত্রিগণকে 'পাত্র' বলা হত। এই দুটি পদই এখন পদবীতে দেখা যায়। বিচার পরিষদের প্রধানকে 'মণ্ডলপতি', 'মণ্ডলেশ্বর' বা 'মহামাণ্ডলিক' বলা হত। অন্যান্য যাঁরা বিচারে সাহায্য করতেন তাঁদের 'দণ্ডকার' ও 'দণ্ডপতি' বলা হত। 'মণ্ডলেশ্বর' বর্তমানে 'মণ্ডল'রূপে ও 'দণ্ডকার', 'দণ্ডপতি' বা 'দিণ্ডা' পদবীতে পরিণত হয়েছে। বিচার পরিষদের একজন ধারক থাকতেন তিনি বিচারের ভুলত্রুটি সংশোধন করে মণ্ডলেশ্বরের বিচারে সাহায্য করতেন। এই 'ধারক'-এর অপভ্রংশ 'ধর', 'ধারা'/'ধাড়া' পদবীতে পরিণত হয়েছে। শাসন পরিষদের প্রধানকে 'রাজ্যপাল' বলা হত। তাঁর অধীনে 'নগরপাল', 'ক্ষেত্রপাল', 'শাসনমল্ল', 'দৌবারিক', 'প্রতিহার' ও 'পাইক' কাজ করতেন। নগরপাল—'পাল' (রক্ষক), ক্ষেত্রপাল—'খাটুয়া', শাসনমল্ল—'শাঁসমল', প্রতিহার (সম্পদরক্ষাকারী)—'পড়েল' ও 'দৌবারিক' (দ্বার-রক্ষাকারী ও রাজসভায় নিমন্ত্রণকারী)—'দুয়ারী', 'দোয়ারী' প্রভৃতি অপভ্রংশ শব্দগুলি পদবীরূপে পরিণত হয়েছে।

(৯) 'কৌল' কথাটি 'কুল' থেকে উদ্ভূত। উত্তরভারতে 'কৌল' কথাটির উচ্চারণ 'কাউল'। ১০-১১ শতাব্দীতে কাশ্মীরে মৎস্যেন্দ্রনাথ প্রবর্তিত তান্ত্রিক কৌলশাস্ত্রর খুব প্রসিদ্ধিলাভ ঘটে। যে সব ব্রাহ্মণ পণ্ডিত কৌলাচার মত মানতেন তাঁরা নিজেদের 'কৌল' অর্থাৎ 'কাউল' উপাধিতে ভূষিত করতেন।

(১০) পণ্ডিত জহরলাল নেহেরুর এক পূর্বপুরুষ দিল্লীতে এক 'খাল' বা

'নাহার' (ফার্সীশব্দ) এর কাছে থাকতেন বলে লোকে তাঁকে 'নাহারু' বলে ডাকতেন। ক্রমে তাহাই হয়ে যায় 'নেহেরু'।

(১১) সিমলাপাল (বাঁকুড়া) রাজবংশের কুরচিনামা থেকে জানা যায় আনুমানিক ৮৭১ সালে বীরহামচন্দ্রপুরের শ্রীপতি মহাপাত্র (উড়িষ্যার রাজার সেনাপতি) কোন এক কারণে উড়িষ্যা থেকে বাংলায় আসেন। তিনি একা আসেননি। সঙ্গে দলবলও নিয়ে এসেছিলেন। সদলবলে এঁরা দক্ষিণ বাঁকুড়ার জঙ্গল মহলে বসতি স্থাপন করেন। পরে তিনি বিষ্ণুপুরের মল্লরাজার সামন্ত হিসাবে সিমলাপালে রাজ্য স্থাপন করেন। রাজার বড় ছেলে যিনি রাজা বা জমিদার হতেন তাঁর পদবী 'সিংহ চৌধুরী'। মেজ ছেলে 'সিংহ হাকিম'। ছোট ছেলে 'সিংহ বড়ঠাকুর'। এর পরের ছেলে থাকলে সবাই 'সিংহ বাবু'। এখন সে রকম রাজাও নেই, তাঁর রাজ্যও নেই। কিন্তু পদবী ঠিক ধারা বজায় রেখে বয়ে চলছে। মনে হয় শ্রীপতি মহাপাত্র কিংবা তাঁর উত্তরপুরুষেরা 'মহাপাত্র' পদবীর আগে জুড়ে দিয়েছিলেন 'সিংহ' শব্দটি। হয়তো বা শক্তি বোঝাবার জন্যই।

(১২) বাঙলায় প্রচলিত উক্ত পদবীগুলি বাঙলার নিজস্ব পদবী নয়, এ পদবীগুলি পাশাপাশি রাজ্য থেকে এসেছে :—

উড়িষ্যা থেকে :— পাণ্ডা, রথ, মহান্তি, তলাপাত্র, মহাপাত্র, নায়ক, ভক্ত।

বিহার ও উত্তরপ্রদেশ থেকে :—মিশ্র, ঝা, দ্বিবেদী, ত্রিবেদী, চতুর্বেদী, খাটুয়া, শেঠ, গিরিধারী।

আসাম থেকে :— বড়ুয়া, দলুই শর্মা।

গুজরাট ও রাজস্থান থেকে :—রাউত, নাহার, সানি, সাহানি।

পাঞ্জাব থেকে :— সিং, বাজাজ।

(১৩) কেরলের 'কাওড়া'-র আদিবাসী হওয়ায় স্থানের নামে সম্প্রদায়ের নাম হয় 'কাওরা'—ইহাই পদবীতে প্রচলিত হয়।

(১৪) কয়েকটি পরগণা নিয়ে একটি চাকলা হত। শাহজাহনের সময় দেশ চাকলায় বিভক্ত হয়।

(১৫) পাঞ্জাবের 'ডেমারী'-র আদিবাসী হওয়ায় স্থানের নামের অপভ্রংশে জাতির নাম হয় 'ডোম'। আর ইহাই পদবীতে প্রচলিত হয়।

(১৬) পাঞ্জাবের 'বাওড়া'-র আদি অধিবাসী হওয়ায় স্থানের নামের অপভ্রংশে জাতির নাম হয় 'বাউরী'। আর ইহাই পদবীতে প্রচলিত হয়।

(১৭) প্রাচীন ইরানীয় মুচ,—প্রাচীন পারসীক Mocak 'মোচক' শব্দের অর্থ

হাঁটু পর্য্যন্ত চামড়ার জুতা, প্রাচীন ভারতে এই শব্দ গৃহীত হয়; এবং যে 'মোচক' প্রস্তুত করে সে 'মোচিক' নামে পরিজ্ঞাত হয়; এই মোচিক হতে চর্মকার অর্থে আধুনিক 'মোচী', 'মুচি'।

(১৮) পাঞ্জাবের 'মন্ডী'-র আদি অধিবাসী হওয়ায় স্থানের নামের অপভ্রংশে জাতির নাম হয় 'মুন্ডা'। আর ইহাই পদবীতে প্রচলিত হয়।

(১৯) গুজরাটের রাণের 'সামতালপুর'-এর আদি অধিবাসী হওয়ায় স্থানের নামের অপভ্রংশে জাতির নাম হয় 'সাঁওতাল'। আর ইহাই পদবীতে প্রচলিত হয়।

(২০) প্রতি জাতির মধ্যে একটি পেশা নির্দিষ্ট ছিল। জাতিগত পেশা মানুষকে চিহ্নিত করত বা এখনও করে সেই নির্দিষ্ট জাতির লোক হিসেবে। এই পেশাগত নামই পদবীতে রূপান্তরিত।

(২১) হিন্দু সভ্যতার কাছে নতিস্বীকার করে বহু আদিবাসী হিন্দু সমাজে স্থান পাওয়ায় আচার ব্যবহার রীতিনীতির পরিবর্তনের পথ ধরে এদের মধ্যে কেউ কেউ নিম্ন অবস্থা থেকে উন্নীত হয় উন্নত জাতিতে। কিন্তু তাদের অতীতে জীবজন্তু ও বস্তুবাচক পদবীগুলি অক্ষুণ্ণ থেকে যায়।

(২২) হিন্দু কর্ম্মচারীর উপরে অগাধ বিশ্বাস ছিল হুসেন শাহের, রূপ ও সনাতনকেও তিনি বিশ্বাস ও শ্রদ্ধা করতেন, ক্রমে এঁরা প্রধান অমাত্য হলেন, সুলতান তাঁদের উপাধি দিলেন 'সাকরমল্লিক' ও দবীরখাস [সাকরমল্লিক=সর্ব্বাধিকারী বা চীফ্ সেক্রেটারী ও দবীরখাস=প্রাইভেট সেক্রেটারী]।

(২৩) আদিবাসী সমাজের মধ্যে গোত্রের (CLAN) খুব প্রচলন। এই গোত্রের নাম হয়ে থাকে জীবজন্তু, গাছপালার কিংবা কোন জড় পদার্থের নাম থেকে। গোত্রের নামকে ওঁরা পদবী হিসাবে ব্যবহার করে থাকেন। যথা :—

এক্কা (কচ্ছপ) প্রাণীবাচক পদবী
কচ্ছপ (কচ্ছপ) প্রাণীবাচক পদবী
কাচুয়া (কচ্ছপ) প্রাণীবাচক পদবী
কিস্কু (মাছরাঙ্গা) প্রাণীবাচক পদবী
গিধ (শকুন) প্রাণীবাচক পদবী
ডুংডুং (মাছ) প্রাণীবাচক পদবী
ধান (ধান) বস্তুবাচক পদবী
নাগ (সাপ) জীববাচক পদবী
লাকড়া (বাঘ) জন্তুবাচক পদবী
কুজুর (কুচগাছ) উদ্ভিদবাচক পদবী

মিনজ (একরকম মাছ) প্রাণীবাচক পদবী
জজো (তেঁতুল) বস্তুবাচক পদবী
টপ্পো (একরকম পাখী) প্রাণীবাচক পদবী
টিগ্গা (বানর) প্রাণীবাচক পদবী
কিসপোট্টা (শুকরের নাড়িভুঁড়ি) বস্তুবাচক পদবী
কেরকেটা (একরকম পাখী) প্রাণীবাচক পদবী
খালখো (একরকম মাছ) প্রাণীবাচক পদবী
বাখলা (গাছের ছাল) বস্তুবাচক পদবী
মাণ্ডি (একরকম তৃণ) উদ্ভিদবাচক পদবী

কোয়া (কাক) প্রাণীবাচক পদবী
খাঁ-খাঁ (কাক) প্রাণীবাচক পদবী
মুর্মু (সম্বর হরিণ) প্রাণীবাচক পদবী
বারওয়া (বাঘ) জন্তুবাচক পদবী
বাঘওয়ার (বাঘ) জন্তুবাচক পদবী
বেক (লবণ) বস্তুবাচক পদবী
বেসরা (গোসাপ) প্রাণীবাচক পদবী
ধানওয়ার (ধান) বস্তুবাচক পদবী
বারা (বটগাছ) উদ্ভিদবাচক পদবী
বাস্কে (বাসি) বস্তুবাচক পদবী
রাউনা (বাজপাখী) প্রাণীবাচক পদবী
হেমব্রম (বনজগুল্ম) উদ্ভিদবাচক পদবী
লিন্ডা (কেঁচো) প্রাণীবাচক পদবী
সরেন (একরকম পাখী) প্রাণীবাচক পদবী

(২৪) বঙ্গদেশের রাজা আদিশূর—৯৯৯ শকাব্দে পুত্রেষ্টি-যজ্ঞ করবার মানসে কান্যকুব্জ হতে বেদ-শাস্ত্র-বিশারদ পাঁচজন ব্রাহ্মণ ডেকেছিলেন, যাঁদের মধ্যে একজনের নাম ছিল বেদগর্ভ, এই বেদগর্ভের বারটি পুত্র সন্তান হয়েছিল, তদনুযায়ী তাঁদের নন্দী, কুন্দ, গাংগলী, পুংসিক, ঘণ্টা, সিয়ারিক, সাটী, দায়ী, নায়ী, পারী, বালী, সিম্ধল—এই বারটি 'গাঁঞি' নির্দ্ধারিত হল। বঙ্গের কুলীন ব্রাহ্মণ সাবর্ণ গোত্রের এই বারটি 'গাঁঞি' নির্দ্দিষ্ট আছে। (সত্যদর্শন) … অন্যমতে বেদগর্ভের এগারটি পুত্র, তদনুযায়ী তাঁদের গাঙ্গুলী, ঘণ্টেশ্বরী, পালী, বালী, কুন্দনলাল, নন্দিগ্রামী, সিম্ধল, সাণ্ডেশ্বরী, দায়ী, সিয়ারী, নায়ারি—এই এগারটি গাঁঞি (বাঙ্গালী জাতি পরিচয়)।

(২৫) পটে আঁকা দুর্গামূর্তি বড়ঠাকরুন, মেজঠাকরুন ও ছোট ঠাকরুনের মূর্তিগুলিকে মল্লরাজাদের মৃন্ময়ী মন্দিরে আনা হয় এক বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে। জিতাষ্টমী পুজোর রাত কেটে গেলেই ভোর বেলায় কামান দাগা সুরু হয় প্রথমবার। তারপর এক একজন ঠাকরুন আসেন আর গর্জে ওঠে কামানের গুড়ুম গুড়ুম শব্দ। বিষ্ণুপুর থেকে কয়েক মাইল দূরে তাঁরবক গ্রামের মাডড় জাতি এই কামান দাগে বংশানুক্রমিক। 'মহাদণ্ড' কথাটির অপভ্রংশে 'মাডড়' কথাটি এসেছে। পুজো করেন মহাপাত্ররা—সবই মল্লরাজাদের দেওয়া উপাধি।

(২৬) লরেল এক ধরণের গুল্মজাতীয় গাছ। প্রাচীন গ্রীসে লরেল-পল্লবকে গণ্য করা হতো একান্ত পবিত্র ও মঙ্গলসূচক। যুদ্ধে বিজয়ী বীর বা বিজয়ী সেনেটদের মাথায় তখন পরানো হতো লরেলের শিরোভূষণ। লরেলের শিরোপা দিয়ে সম্মান জানানোর এই প্রথাটি সেকেলের বিশ্ববিদ্যালয়েও ছিল। ইংরাজি ব্যাচেলার কথাটিও এসেছে 'ব্যাচ্চা লরেয়ুস' (লরেল ফল) নামের লাতিন শব্দ থেকে। পরীক্ষায় যারা সফল হয়েছে তেমন ছাত্রদের অতীতে ফল সহ লরেল ডালের শিরোপা দেওয়ার রেওয়াজ ছিল। তার থেকে এলো বি. এ. (ব্যাচেলার অফ আর্টস) বি. এস. সি. ইত্যাদি খেতাব। সেকালের চার্চের আওতায় পাদরী সাহেবদের তত্ত্বাবধানে ব্রহ্মচর্য্য পালনের মধ্য দিয়ে লেখাপড়া শিখতে হতো। সে সময় বিয়ে করার

নিয়ম ছিল না। তাই পরবর্তীকালে ব্যাচেলার কথাটির মানে দাঁড়ালো 'অবিবাহিত পুরুষ'।

(২৭) দিনের কারণ যিনি সেই সূর্য্যদেবের কীর্ত্তি অর্থাৎ কার্য্যকলাপ বা করণীয় কর্ম যাঁর দ্বারা সম্পন্ন হয় তাঁকে দিবাকীর্ত্তি কহে (সত্যদর্শন)

(২৮) মহাদেবের কপালে চন্দ্রদেব আছেন বলে তাঁর এক নাম 'চন্দ্রিল' বা 'চন্দ্রশেখর'। বিবাহের গৌরবচনে শিবের নাভি হতে নাপিতের উৎপত্তি বলে কিম্বদন্তী আছে। আবার তাঁদের মধ্যে শিব গোত্রও আছে। সুতরাং শিবের সন্তানকেও 'চন্দ্রিল' বলা যেতে পারে (সত্যদর্শন)

(২৯) বড় বড় জালায় করে অরিষ্ট, আসব, ঘৃত তৈলাদি এবং বটিকাদি, ধাতু প্রভৃতি আয়ুর্ব্বেদীয় ঔষধের পাক, জারণ, মারণাদি কার্য্যে পারদর্শিতা হেতুই তাঁদের 'ভাণ্ডপুট' বলা হয় এবং 'চন্দ্রবৈদ্য'ও বলা হয়ে থাকে। চন্দ্রদেবের একটি নাম 'সোম', আবার 'সোমবৈদ্য'ও আছে। তাহলে 'চন্দ্রবৈদ্য' ও 'সোমবৈদ্য' একার্থবোধক শব্দ। 'বৈদ্য' অর্থে চিকিৎসক, ইহা কোন বর্ণ বা জাতিবাচক শব্দ নহে। এখন যেমন যে কোন বর্ণ বা জাতিই ডাক্তার হতে পারেন, তখন তেমন চিকিৎসা ব্যবসায়ী মাত্রকেই 'বৈদ্য' বলা হত। (সত্যদর্শন)

(৩০) সূর্য্যদেব, ঈশ্বর, একজন মুনি বিশেষ। এই মুনিই অর্থাৎ সবিতা ঋষিই সামবেদের প্রকাশক। অমৈথুন সৃষ্টি রচনার পরে মানবের ধার্ম্মিক, সামাজিক ও নৈতিক পথে প্রবৃত্ত হওয়া নিয়ে পরমাত্মা নিজের জ্ঞান (বেদ) চার ঋষি কর্তৃক প্রকাশ করেন। অগ্নি ঋষি হতে ঋগ্বেদ, সবিতা ঋষি হতে সামবেদ, বায়ু ঋষি হতে যজুর্ব্বেদ, অঙ্গিরা ঋষি হতে অথর্ব্ববেদ প্রকাশিত হয়।...সর্ব্বভূতের প্রসবকর্তা অর্থাৎ উৎপাদক। সূর্য্যচেতন, অচেতন সর্ব্বভূতের সর্ব্বভাবের প্রসবকর্ত্তা অর্থাৎ তা হতেই সমুদয় পদার্থ উৎপন্ন হয়েছে। সবন অর্থাৎ উৎপাদন, পাবন অর্থাৎ সমুদয় পবিত্র করেন বলে তিনি সবিতা শব্দে অভিহিত হন। (সত্যদর্শন)

(৩১) সম্ভবত মাহ্যম বা মজ্ঝিম বলতে মধ্যস্থ ব্যক্তিকে বোঝাতো। তা থেকেই নদী পারাপারকারী নৌকোর মাঝি, এবং দুই রাজ্যের সীমান্তবর্তী এলাকার মধ্যস্থ ব্যক্তি বা প্রধানকে মাঝি বলা হত।

(৩২) আদিশূরের পৌত্র ক্ষিতিশূর ছাপান্নজন ব্রাহ্মণকে ভিন্ন ভিন্ন ছাপান্নটি গ্রাম বাসার্থে দান করেন। যিনি যে গ্রামে বাস করেন তিনি ও তদ্বংশীয়েরা সেই গ্রামের নামানুসারে পরিচিত হন। সেই গ্রামই তাঁদের গ্রামীন বা গাঞি (গাঁই) হয়।

আমাদের চতুষ্পার্শে যে সংখ্যায় বন্দোপাধ্যায়, চট্টোপাধ্যায় দেখা মেলে, সেই

অনুপাতে ছাপান্নটি (মতান্তরে উনষাট) রাঢ়ী পদবীর দেখা মিলে না। সুতরাং অনুমান করা যায় যে এই উনষাট গাঁই পদবী অন্য পদবীর মধ্যে ক্রমে ক্রমে আশ্রয় নিয়েছে। 'গাঁই'-এর নামগুলি যে আদি পদবী তার প্রমাণ : কিছু কিছু গাঞি নাম এখনো পদবী হিসেবে প্রচলিত রয়ে গেছে : যথা—বটব্যাল, কুশারী, দীর্ঘাঙ্গী, গড়গাড়ি, পালধি, সিমলাই, ভট্টশালী, কাঞ্জিলাল, বাপুলী, পুতিতুন্ড। বারেন্দ্র ব্রাহ্মণদের ক্ষেত্রেও বাকচি, লাহিড়ি, মৈত্র, ভাদুড়ী, সান্ন্যাল পদবীগুলি সুপরিচিত। কিন্তু এঁদেরও অন্যান্য গাঞি পদবী বর্তমানে প্রায় অদৃশ্য। সেগুলির মধ্যে আছে চম্পটি, শিহরি, মৎস্যাসি, তোড়ক, খড়খড়ি, ঝম্পটি, গোচন্ড, কাচড়ী, শলে, বলোৎকটা ইত্যাদি একশোটি পদবী। বাকচি, লাহিড়ি, ভাদুড়ি, মৈত্র প্রভৃতি গাঞি নাম যখন পদবী হিসেবে প্রচলিত তখন বাকী গাঞি নামগুলিও যে বারেন্দ্র ব্রাহ্মণদের আদি পদবী ছিল সে বিষয়ে সন্দেহ নেই। বিশেষ করে আতথী, বিশী ইত্যাদি গাঞি নাম যখন পদবী হিসেবে বহাল তবিয়তে রয়েছে। তা হলে অনুমান করতে হয় যে অন্যান্য আদি পদবীগুলি পরিচিত পদবীর মধ্যেই আশ্রয় নিয়েছে। অন্যান্য রাঢ়ী ব্রাহ্মণদের ছাপান্ন বা উনষাটটি এবং বারেন্দ্র ব্রাহ্মণদের একশোটি আদি পদবী, যার অনেকগুলিই দেশজ শব্দ, তা লুপ্ত হয়ে গিয়ে ভাষাগত কৌলিন্য প্রাপ্ত মাত্র কয়েকটি পদবী টিকে রইল কেন ?

প্রসঙ্গক্রমে পাঠকের কৌতুহল নিরসনের জন্য ছাপান্ন বা উনষাটটি রাঢ়ী এবং একশোটির (?) মধ্যে অষ্টানব্বইটি বারেন্দ্র গাঞি-এর নাম দেওয়া হল। যথা :—

রাঢ়ী ব্রাহ্মণ

অম্বুলি (আমরুলী)
আকাশ
কয়রাল (কড়্যাল/কাঁড়িয়াল)
কাঞ্জারি (কাঞ্জ্যাড়ী)
কাঞ্জিলাল
কুন্দ (কুন্দলাল)
কুলভি
কুশারি
কুলকুলি
কুসুমকুলী
কেশরকুনী (কেশরকোনী)
কোয়ারী
গড়গড়ী
গাঙ্গুলী (গাঙ্গোলী)
গুড় (গুড়ী)
ঘণ্টেশ্বরী
ঘোষলী
ঘোষাল
চট্ট (চাটুতি)
চৌৎখন্ডী (চতুর্থী)
ডিন্ডিসায়ী (ডিংসাই)
তৈলবাটী (তৈলহাটী)
দায়ী
দীঘল
দীর্ঘাঙ্গী (দীঘড়ী)
নন্দী (নন্দীয়াল)
নায়ারী (নায়ী/নাঞাড়ী)
পর্কটী (পর্কটী/পাকড়ী)
পলসায়ী (পলসাঞি)
পালী (পালিয়াল)
পালধী (পালধীয়)
পারিহাল (পারি)
পিপ্পলাই
পীতমুন্ড (পীতমুন্ডী)
পুতিতুন্ড
পূর্বগ্রাম
পুংসিক

পোষলী
পোড়ারি
বটব্যাল (বড়াল)
বন্দঘটী (বাঁড়ুরী)
বসুয়ারী
বালী
বাপুলি
ভট্টশালী
ভূরিগ্রামী
মাহিন্ত্যা (মহন্তী)
মাসচটক (মাস)
মুখৈটী (মুক)
মূলগ্রামী
রায়ী
শিশবলাল (শিশবুলী/শিমলাল)
সাণ্ডেশ্বরী
সাহরিক (সাহুড়ী/সাহুড়িয়ান)
সিদ্ধল
সিয়ারী (শিয়াড়/সিহারী)
সিমলায়ী (সিমলা/সিমলাই)
সৈয়ু (সেউ)
হড়

বারেন্দ্র ব্রাহ্মণ

অশ্রুকোটি স্থলে ঘোষকচ্ছ
অক্ষগ্রামী
আতুথী (আতথী)
উন্ধুড়ি (উখড়ি) উন্ধুড়ি-স্থলে উকুড়ি
উচ্ছরখি (ওশ্রুখী)
কপালী (কলাপী) কপালী-স্থলে তুত্তরি
করঞ্জ
কটিগ্রামী স্থলে কটগ্রামী
কাছটি (কাঁচড়ী)
কামেন্দ্র স্থলে কালিন্দী
কালিন্দী
কামকালী
কালিহয়
কালীগ্রামী
কিরল (কিরিণী) কিরল-স্থলে কিরণ
কুক্কুটী (কুর্কটী)
কুড়মুড়ি স্থলে করম্ভ
কেতুগ্রামী
খণ্ডবটী
গঙ্গাগ্রামী স্থলে ভদ্রগামী
গোচ্ছাসি (গোচণ্ডী)—
গোচ্ছাসি স্থলে গোৎসাম
গোগ্রামী
গোস্বালশিব (গোসালাক্ষী)
চকগ্রামী
চতুরাবন্দী
চম্প
চম্পটী
জামরুখী
ঝামাল/ঝম্পটি
টুটুরি স্থলে পুন্দরি
তানুরি (তালড়ী)-
তানুড়ি স্থলে তালুড়ি
তাতোয়ার স্থলে তালোয়ার
তাড়োয়ালবিশী (তড়াল)
তড়োয়ালবিশীস্থলে তটগ্রামী
তোটক (তোড়ক)
দধি
দধিয়াল
দেউলি (দেবলী)
ধুন্ধুড়ি (ধুকড়ি) ধুন্ধুড়ি-স্থলে ধুকুড়ি
ধোসালি স্থলে বিশালা
নইগ্রামী (নৈগ্রামী)
নন্দনাবাসী
নন্দীগ্রামী
নিকড়ি (নিখটী)
নিখটি (নিঘটী)
নিদ্রালী
নেধুড়ি স্থলে কলাপ
পঞ্চবটী
পাকড়ী (পাঁপুড়ী) পাকড়ী-স্থলে পাঁপড়ী
পিপ্পলী
পুতি
পুষান (পুসলা) পুষান-স্থলে পুড়ান
পৌণ্ড্রকালী (পৌণ্ড্রবর্দ্ধনী)
বৎসগ্রামী
বলিহারী (রাণিহারী)
বাল
বালয়ষ্টি (বালয়ষ্টিক)
বীজকুঞ্জ
বেলুড়ি
বেলগ্রামী
বোঢ়গ্রামী (বোড়গ্রামী)
ভট্টশালী

ভাদড়	রাই	সরিয়াল (সাড়িয়াল)—
ভাদুড়ী	রুদ্রবাগছি	সরিয়াল স্থলে কাঞ্চগ্রামী
ভাড়িয়াল	লক্ষ	সহগ্রামী স্থলে সুস্থ গ্রামী
ভীমকালী	লাহোড় (লাহিড়ী)	সাধুবাগছি
মটগ্রামী	লাড়ুলি	সান্যাল (সঞ্জামিনী)
মৎস্যাশী	শরগ্রামী স্থলে ছবিগ্রামী	সাহরি স্থলে শিব
মধ্যগ্রামী স্থলে পারিশ	শাকটি	সিমলী স্থলে শীতলী
মেদাড় স্থলে লেদাড়	শিম্বিবহাল (সিংবহাল)	সিহরী (শিহরী)
মোয়ালি (মৌহানি)	শীতলী স্থলে পুষ্পহাটী	সিংদিয়াড় স্থলে সিংহদিদলক
মোধাগ্রামী (মধুগ্রামী)	শৃঙ্গী (সৃঙ্গী)	সুবর্ণ
মৈত্র	শৃঙ্গ খোর্জার (খর্জ্জরী)	সেতু স্থলে সেতক
যশোগ্রামী স্থলে যগ্রামী	শ্রুতবটী (স্রোতবটী)	ক্ষেত্রগ্রামী
রত্নাবলী	সমুদ্র	

(ক) রাঢ়ী ব্রাহ্মণদিগের উল্লেখিত গাঞি সমূহ ছাড়াও দগ্ধবাটিক/পোড়াবাড়ী, ভূরি/ভূরিশ্রেষ্টিক, মূলী গাঞিগুলিরও উল্লেখ দেখা যায়। ক্ষিতিশূর কর্তৃক দেওয়া গ্রামের নাম ছাপান্নখানির সংগে বাচস্পতি মিশ্র রাঢ়ীয় ব্রাহ্মণগণের আদি পঞ্চ ব্রাহ্মণের উনষাটটি সন্তান স্বীকার করে উনষাটটি গাঞি নির্দেশ করেছেন। উভয় মতের সমন্বয়েই উক্ত তালিকা।

(খ) তিনটি মতের সমন্বয় ঘটছে "বারেন্দ্র ব্রাহ্মণ" সমাজের "গাঞি"-এর উক্ত তালিকায়। প্রথম মতের সংগেই কোন কোন "গাঞি"-এর দ্বিতীয় মত বন্ধনীর মধ্যে রয়েছে। তৃতীয় মত "স্থল"-এর দ্বারা প্রকাশিত। প্রথম ও দ্বিতীয় মতেই পাওয়া যায় উক্ত শরগ্রামী, চকগ্রামী, অশ্রুকোটি, চম্প, সিমলী, ধোসালি, সাহরি, কালিন্দী, চতুরাবন্দী, লাড়ুলি, ঝামাল/ঝাম্পটি, শাকটি, তাতোয়ার, সেতু, নেধুড়ি, কেতুগ্রামী, যশোগ্রামী, গাঞিগুলির পরিবর্তে নূতন বিষোৎকটা, বলগ্রামী পারিস্বামী, আথর্বর্জি, বিশাখা (বিশী), থুড়থুড়ি তাড়োয়াল, জম্বু, বিশ্বগ্রামী, বেতগ্রামী, শীতল, কটগ্রামী ঘোষগ্রামী, তন্দ্রকেলী, নাগাশুর, শিবতটা, বৈশালী, লাউল, ঝাঞো, বৃহতী, বলোৎকটা, ভদ্রামী, বাড়গ্রামী আলস্য, সেতগ্রামী, পুণ্ড্রবর্ধনী, গাঞিগুলির সংযোজনের নির্দেশ।

(৩৩) মূল সংস্কৃত থেকে অপভ্রংশ ঘটিয়ে দুমড়ে মুচড়ে কত শব্দকেই তো আমরা বাংলা শব্দ বানিয়ে নিয়েছি ; অথচ বাঙ্গালীর পদবী দেখলেই অবাক হই কেন ? সেগুলিও তো দেশজ শব্দ বা সংস্কৃতেরই অপভ্রংশ। আবার যেগুলিকে সংস্কৃত

বলে ভাবি, তারও অনেকগুলি আঞ্চলিক ভাষা থেকে গৃহীত। জনৈক ভাষাতাত্ত্বিকের ধারনা সিংহ শব্দটি 'ভোটচীনী' শব্দ থেকে এসে সংস্কৃতে রূপান্তরিত হয়েছে। অথচ আফরিকান কোন কোন ভাষায় সিংহের প্রতিশব্দ 'সিম্বা'। বিশ্বাস করা কঠিন যে আফরিকার গহন অরণ্যেও সংস্কৃত ভাষার অনুপ্রবেশ ঘটেছিল অথবা ভোটচীনী ভাষার। বরং মনে করা চলে আফরিকার সিম্বা কোন সুদূর অতীতে ভারতীয় সিংহ হয়ে গিয়েছিল এবং সংস্কৃত ভাষা তাকে সাদরে গ্রহণ করে সিংহাসনে বসিয়েছিল। সিংহ পদবীর প্রতি মধ্যযুগীয় ক্ষত্রিয় রাজাদের আকর্ষণ সর্বজ্ঞাত, কিন্তু বিদেশীদের সিংহপ্রীতিও কম নয়। লিও টলষ্টয়রা তাকে নাম হিসেবেই ব্যবহার করেছেন। লিও থেকেই লায়ন।...সোয়াশো বা দেড়শো বছর আগে কেনিয়া প্রবাসী ভারতীয় (গুজরাতী) দের কাছ থেকে কেনিয়ার অধিবাসীগণ সংস্কৃত 'সিংহ' শব্দটি গ্রহণ করেন তাঁদের নিজস্ব উচ্চারণে 'সিম্বা-রূপে'।

(৩৪) জীবজন্তুর নাম থেকে পদবী সৃষ্টি হওয়ার কথায় মনে পড়ে মৌর্য সম্রাট অশোককে। ট্রাইবাল বংশোদ্ভূত এই দেবনাম পিয়াদসী অশোককে বলা হয় বিশ্বের শ্রেষ্ঠ সম্রাট, চন্দ্রগুপ্ত মৌর্য বলতেও অবশ্য মৌর্য পদবী বোঝায় না। তবে কোন কোন ঐতিহাসিক মনে করেন সম্রাট অশোক বা তার গোষ্ঠীর লোকেরা নিজেদের 'ময়ূরজ' বা 'ময়ূরজাত' মনে করতেন। অর্থাৎ 'ময়ূর' ছিল তাঁদের টোটেম। মতান্তরে সম্রাট অশোক নাকি ময়ূরের মাংস খেতেন। সে-কারণেও মৌর্য নামকরণ হতে পারে। এখনো ভারতের কোন কোন অঞ্চলে 'মৌর্য' পদবীর দেখা মেলে।

(৩৫) পদবীর সন্ধানে ইতিহাস খুঁজে 'বিষ্ণুশর্মা' বা 'কৃষ্ণস্বামী' জাতীয় নাম পাই। এই 'শর্মা' ও 'স্বামী' কিভাবে পদবীতে রূপান্তরিত হয়েছে তা অজ্ঞাত। এই 'স্বামী'-র বৈষ্ণব রূপান্তর 'গোস্বামী' এবং 'স্বামী'-র অপভ্রংশ থেকেই সাঁই পদবী। যেমন 'গোস্বামী' থেকে গোঁসাই। 'গোঁসাই' পূর্ববঙ্গের আরো পূবে গিয়ে হয়েছেন 'গোহাঁই' ও 'বড় গোহাঁই'। গৌড়ীয় বৈষ্ণব-যুগে ব্রাহ্মণও দাস হতেন, অব্রাহ্মণও হতেন গোঁসাই। বৈষ্ণব ধর্মের প্রভাব হ্রাস পাওয়ার পর বর্ণাশ্রম যখন ফিরে আসে তখন অব্রাহ্মণ 'গোঁসাই'-রা আর ঐ পরিচয়কে পদবীত্ব দেননি।

(৩৬) 'বিষ্ণুশর্মা' বা 'কৃষ্ণস্বামী' জাতীয় নামের শেষাংশ থেকেই পদবী দুটির উৎপত্তি কিনা, গবেষণাসাপেক্ষ। তবে 'চন্দ্রবর্মা' জাতীয় নাম থেকে 'বর্মা' বা 'বর্মন' ক্ষত্রিয় পদবী, যার উত্তর ভারতীয় বর্তমান রূপ 'ভার্মা'।

(৩৭) ভারতের অন্যত্র প্রাপ্ত বৌদ্ধযুগের কিছু কিছু মুদ্রা ও শিলালেখেও কিছু নাম পাওয়া যায়, যার শেষাংশ একমাত্র বাঙালীর পদবীর সঙ্গে অভিন্ন। সুদূর সৌরাষ্ট্রে পাওয়া মুদ্রাগুলি থেকে জেমস প্রিন্সেস ব্রাহ্মী হরফের পাঠোদ্ধার

করতে গিয়ে যে নামগুলি পেয়েছিলেন, তারমধ্যে আছে বিজয়মিত (বিজয় মিত্র) রুদ্রসহ, বিশ্বসহ, অগ্নিদাম, বীরদাম ইত্যাদি। এই 'সহ' বা তার পরবর্তী সংশোধিত 'পাঠসহী' থেকেই কি 'সাহা' পদবী ? 'দাম' পদবীর বর্তমান অপভ্রংশ 'দাঁ'।

(৩৮) এক সময়ে ভারতবর্ষ থেকে ব্রাহ্মণ্যধর্ম প্রায় সম্পূর্ণ লোপ পায়। বৌদ্ধ ও জৈনধর্মই সর্বত্র প্রভাব বিস্তার করে। বুদ্ধের নির্বাণোত্তর প্রায় এক হাজার বছর ছিল বৌদ্ধ সংস্কৃতির স্বর্ণযুগ। এ-সময় অধিকাংশ ব্রাহ্মণও বৌদ্ধ হয়ে গিয়েছিলেন। অন্ততঃ অধিকাংশই বৌদ্ধ সংস্কৃতির দ্বারা প্রভাবিত হয়েছিলেন। বাংলাদেশে পরে বৌদ্ধ জৈন ধর্ম লুপ্ত হলেও সম্ভবত তার অন্তঃসলিলা প্রভাবের ফলে পুরাতন যুগের নামকরণের প্রথা অপরিবর্তিত থেকে যায়। পুত্র পৌত্রাদি-ক্রমে নামের অন্তিম অংশ একই রাখার প্রবণতা শুধু সেকালেই নয় একালেও ছিল। নাথ-প্রসাদ-প্রসন্ন-কুমার-চন্দ্র শব্দগুলি এখনও বাঙালীর নামের মধ্যমাংশ। পদবীবর্জিত উদয় শঙ্কর নামের শেষাংশ যেভাবে বিশেষত্ব অর্জন করেছে, মধ্যযুগেও সেই ভাবেই কোন গৌরবান্বিত পূর্বপুরুষের নামের শেষাংশকে পুরুষানুক্রমে ধরে রাখার চেষ্টা থেকে অধিকাংশ পদবীর সৃষ্টি। অতি প্রাচীনদের মধ্যে তাদের উৎস সন্ধান করা অর্থহীন। অন্তনাম থেকে গড়ে ওঠা পদবীর মধ্যে যেগুলির নীহাররঞ্জন রায়ের 'বাঙালীর ইতিহাসে' উল্লেখ আছে, সেগুলি হল : দত্ত, পাল, মিত্র, নন্দী, বর্মন, দাস, ভদ্র, সেন, দেব, ঘোষ, কুণ্ড, পালিত, নাগ, চন্দ্র, দাম (দাঁ), ভূতি, বিষ্ণু, যশ, শিব, রুদ্র। কিন্তু প্রকৃতপক্ষে প্রায় সমস্ত সংস্কৃত শব্দের পদবীই নামের অন্তিমাংশ থেকে গড়ে উঠেছে।

অষ্টম শতাব্দীতেও এই পদবীগুলি কোন জাতি বিশেষের সম্পত্তি ছিল না। অনেক ক্ষেত্রেই নামের দুইটি অংশ যুক্তভাবে লেখার পরিবর্তে বিচ্ছিন্নভাবে লেখা রীতি হয়ে দাঁড়ায়। ফলে অন্তিমাংশ গুরুত্ব পেতে শুরু করে এবং পরিবার বা বংশের পরিচয় হয়ে দাঁড়ায়। আধুনিক কালেও দেখা গেছে শিবনাথ ঘোষ বা কালিপ্রসাদ সেন ইংরেজদের ত্রি-মাত্রিক নামের অনুসরণে (জর্জ বার্নার্ড শ বা জি. বি. এস) নিজেদেরও এস. এন. ঘোষ বা কে. পি. সেন বানিয়ে তোলেন। এবং সেইজন্যই 'শিবনাথ' হয়ে যান 'শিব নাথ' এবং 'কালিকাপ্রসাদ' হন 'কালিকা প্রসাদ' অর্থাৎ নাথ-চন্দ্র-প্রসাদ-প্রসন্ন-কুমার ইত্যাদি মধ্যমাংশ ইংরেজদের নামের প্রভাবে বিযুক্তভাবে লেখা শুরু হয়েছিল। কিন্তু ভাষাচেতনার ফলে তা পুনরায় যুক্তভাবে লেখা প্রবর্তিত হয়েছে, যদিও মধ্যমাংশ লুপ্ত করে দেওয়ার দিকেই অতি আধুনিক ঝোঁক।

(৩৯) উত্তরভারতে ব্রাহ্মণদের আদি পদবীর সন্ধানে গেলে দেখা যাবে 'শর্মা' ও

'স্বামী' অনেক ক্ষেত্রেই বিদায় নিয়ে শিক্ষাগত উপাধি তার স্থান দখল করে নিয়েছে। অর্থাৎ একালে নামের শেষে বি. এ, এম.-এ, লেখার মত তারা বেদপাঠের বিজ্ঞাপন দিতেন। পণ্ডিত, দ্বিবেদী, ত্রিবেদী, চতুর্বেদী ও শাস্ত্রী উপাধিগুলি ছিল ডিগ্রি ডিপ্লোমার সমতুল্য। আরেকটি উপাধি ছিল উপাধ্যায়। সম্ভবত ছোটখাটো টোলের শিক্ষক ছিলেন পণ্ডিত, উচ্চ শিক্ষার যাঁরা অধ্যাপনা করতেন তাঁরা ছিলেন উপাধ্যায়। একটি বেদ যিনি পাঠ করেছেন তিনি ছিলেন পণ্ডিত, দুটি বেদ পাঠে দ্বিবেদী, তিনটি বেদ পাঠে ত্রিবেদী, চারটি বেদপাঠে চতুর্বেদী। কিন্তু বংশ পরম্পরায় এগুলি যে পদবী হয়ে গেল তার অর্থ কিন্তু এমন নয় যে পুরুষানুক্রমে তাঁরা সকলেই বেদ বিশারদ ছিলেন। পূর্বপুরুষের কোন একজনের পাণ্ডিত্যকে পদবীতে ধারণ করলেও পরবর্তীকালে তার বংশধরেরা যে একেবারে অশিক্ষিত হতে পারে তার প্রচুর দৃষ্টান্ত বাংলাদেশের গ্রামগঞ্জেও পাওয়া যাবে। অন্যদিকে, পণ্ডিত বা দ্বিবেদী পদবী হয়ে যাওয়ার পর সেই বংশের সন্তান হয়তো চারখানা বেদেই পারদর্শী হয়ে উঠেছিলেন। কিন্তু পদবীটির দ্বিবেদী থেকে চতুর্বেদীতে রূপান্তর ঘটেছিল কিনা তা জানা সম্ভব নয়। তবে আর্যাবর্ত থেকে ক্রমশ এই পদবীগুলি যতই ব্রাত্য পূর্ব ভারতে অগ্রসর হয়েছে ততই তা অপভ্রংশ হয়ে দেশজ রূপ নিয়েছে। বিহারে তাই পণ্ডিত হয়ে গেলেন পাণ্ডে, দ্বিবেদী দুবে, ত্রিবেদী হলেন তেওয়ারী, চতুর্বেদী হলেন চৌবে। আর উপাধ্যায় হলেন ওঝা বা ঝা। এই ওঝা আমাদের বাংলা দেশেও পদবী হিসেবে প্রচলিত ছিল। রামায়ণ রচয়িতা কৃত্তিবাস ওঝার নামেই তার প্রমাণ। এই 'ওঝা' আবার সংক্ষিপ্ত হয়ে শুধু 'ঝা'।

(৪০) **লৌকিক শব্দকোষ মতে :—**

ভট্টাচার্য =বিভিন্ন বংশের পরিচয় দাতা ছিলেন ভট্ট। আদি পদবী ভট্ট, তার সঙ্গে আচার্য করে ভট্টাচার্য।

বাড়ব/বাড়বি/ ='বন্দোপাধ্যায়'-এর আদি গাঞি নাম অর্থাৎ পদবী বাড়ব, বাড়োরি/বড়ুয়া বাড়ব থেকে বাড়বি, তা থেকেই সম্ভবত বাড়োরি এবং বড়ুয়া।

চট্টোপাধ্যায় =আদি পদবী চাটুতি।

গঙ্গোপাধ্যায় =আদি পদবী গাঙ্গুর।

মনু সংহিতা মতে :—

আচার্য =যে ব্রাহ্মণ উপনয়ন দিয়া শিষ্যকে কল্প (যজ্ঞ বিদ্যা) ও রহস্য উপনিষেধের সহিত বেদশাস্ত্র অধ্যায়ন করান, মুনিগণ তাঁহাকে আচার্য বলেন।

উপাধ্যায়=যিনি জীবিকার জন্য বেদের একাংশ মাত্র কিংবা বেদাঙ্গ অধ্যয়ন করান, তাঁহাকে উপাধ্যায় বলা হয়।

(৪১) সংস্কৃত 'উপাধ্যায়' বিহারে ও বঙ্গদেশে ওঝা হয়ে দাঁড়ায়। দেশজ উচ্চারণের ফলে ঃ—

বাড়ুজ্যে='বড়ু' বা 'বাড়ব'-এর সঙ্গে ওঝা যুক্ত হয়ে বাড়ুওঝা, তা-থেকে বাড়ুজ্যে।

মুখুজ্যে='মুখুটি'-র সঙ্গে ওঝা যুক্ত হয়ে মুখুওঝা, তা-থেকে মুখুজ্যে।

চাটুজ্যে='চট্ট' বা 'চাটুতি'-র সঙ্গে ওঝা যুক্ত হয়ে চাটুওঝা', তা-থেকে চাটুজ্যে।

(৪২) গুপ্তোত্তর যুগে যে-সব রাজকর্মচারী ভূমিদান পেত তাঁরা 'সামান্ত ঠাকুর' প্রভৃতি উপাধি গ্রহণ করতো। এর মধ্যে সব চেয়ে বেশি ব্যবহৃত উপাধি ছিল 'সামন্ত'। এর আদি অর্থ ছিল প্রতিবেশী, পরে পরিবর্তিত হয়ে অধস্তন শাসক হয়ে দাঁড়ায়।

(৪৩) চৌথহারী বা চৌথ আদায়কারী শাসক বা রাজপ্রতিভূ বোঝায় এই পদবীটিতে। হারী বা হরণ শব্দের মূল অর্থ আদায় করা। সুতরাং চৌথহারী শব্দটির উচ্চারণ বিকৃতি থেকেও চৌধুরী পদবীর উদ্ভব হয়ে থাকতে পারে। চৌথ বা এক-চতুর্থাংশ কর আদায়ের রীতি মহারাষ্ট্রীয় উদ্ভাবন নয়, এটি অতি প্রাচীন রীতি। প্রাক মোগল যুগে রাজা বা সম্রাট ব্রাহ্মণ ও ক্ষত্রিয়দের বৌদ্ধ ও জৈন শ্রমণদের অগ্রহার ভূমি দান করতেন। অর্থাৎ দান গ্রহিতা আগ্রহারিক বা অগ্রহারী নিযুক্ত হতেন। প্রদত্ত ভূমির উপসত্ব ভোগ করা বা তার উৎপন্ন শস্য থেকে সর্বাগ্রে রাজস্ব বা কর আদায় করার অধিকার দেওয়া হত আগ্রহারিকদের। তাঁদের দায়িত্ব ছিল সেই অর্থে মন্দির বা বৌদ্ধ বিহার বা স্তূপ, জৈন তীর্থকেন্দ্র ইত্যাদির রক্ষণাবেক্ষণ, পূজা অনুষ্ঠানাদির ব্যয় নির্ব্বাহ, শান্তিরক্ষা শিক্ষাকেন্দ্র পরিচালনা ও আয়-ব্যয়ের হিসাব রাখা। রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা হ্রাস পেয়ে এই পদবীটি হয়ে দাঁড়ায় রাজস্ব আদায়ের অর্থাৎ চৌথ আদায়কারীর পদ। চৌথহারী থেকেই এভাবে হিন্দী 'চৌধরী' পদবী। তা-থেকে বাংলা 'চৌধুরী'। তবে অনুমান মাত্র।

(৪৪) 'হালদার' শব্দের প্রকৃত অর্থ জানা যায় না। সরলার্থে এটিকে গ্রহণ করা যায় না। কারণ ব্রাহ্মণ পদবী ত্যাগ করে এই পদবী গ্রহণের পিছনে নিশ্চয় তৎকালীন কোন মর্যাদাবোধ ছিল। সুতরাং লাঙ্গল বা নৌকোর হালের সঙ্গে হালদারের কোন যোগসূত্র নেই।

(৪৫) ইংরেজ সরকারের দেওয়া খেতাব। এগুলির জন্য সেকালে অনেকেই

প্রলুব্ধ ছিলেন। কিন্তু তাঁরা উপাধিগুলি নামের প্রথমেই ব্যবহার করতেন, পদবীতে পরিণত করেননি।

(৪৬) মনে হয় বিশ্বাবসু, পৃথিবসু জাতীয় নাম থেকেই এসেছে। তবে গ্রামের নাম থেকেও এই পদবীটি এসে থাকতে পারে। মুর্শিদাবাদের একটি গ্রামের নাম ছিল 'বসু', বর্তমানে নাম 'বসুয়া' এবং এই গাঞি নাম থেকেই ব্রাহ্মণদের গাঞি নাম বা পদবী 'বসুয়ারী'।

(৪৭) মোগল আমলের রাষ্ট্রীয় প্রতিনিধি। একালেও দেখা যাবে হিন্দীভাষীরা সরকারী আমলাদের সম্মান প্রদর্শনের জন্য 'সরকার' বলে সম্বোধন করেন।

(৪৮) যদুনাথ সরকারের একটি মন্তব্য : আমার পরিচিত জনৈক বাঙালী লেখক তাঁহার গ্রন্থে লিখিয়াছেন, বারেন্দ্র ব্রাহ্মণ ভাদুড়ী বংশ চম্বল নদীর দক্ষিণে (আগ্রা ও গোয়ালিয়ারের মাঝামাঝি) ভাদাত্তর প্রদেশ হইতে আসিয়াছিল এবং তাঁহাদের আদি পুরুষ সেখানে সামন্ত ছিলেন। তিনি যদি দিল্লীর বাদশাহদের ইতিহাস পড়িতেন, তবে অতি সহজেই জানিতে পারিতেন যে ভাদত্তরীয়া একটি ক্ষত্রিয় রাজপুত বংশ, ব্রাহ্মণ নহে। তাঁহাদের অনেকে বাদশাহদের মনসবদার ছিলেন। ভাদুড়ী পদবীর উৎস অবশ্য বলা হয় ভাদড় গ্রাম। প্রথমে উল্লেখিত দাবীটি ছিল নিসন্দেহে ব্যক্তিগত।

(৪৯) বহু অভিজাতসূচক পদবী আছে। ডঃ কামিনীকুমার রায়ের লৌকিক শব্দকোষ হতে এই ধরনের পদবী : অধিকারী, আঢ্য, কীর্তি, কোঙার, ভদ্র, যশ, শীল, সর্দার, সাঁতরা, সেনাপতি, দিকপতি ইত্যাদি। কিন্তু এর মধ্যে যশ, ভদ্র, কীর্তি নামের শেষাংশ থেকে এসেছে, যদিও পরে তা অভিজাতসূচক হয়ে দাঁড়িয়েছে। যশ একটি বাঙালী পদবী, এর সঙ্গে মহারাষ্ট্রীয় যোশীর কোন সম্পর্ক নেই। যে ব্রাহ্মণেরা জ্যোতিষশাস্ত্রে সুপণ্ডিত ছিলেন, তাঁরা ছিলেন যোশী। মধ্যযুগের বাঙলার ইতিহাসে পাওয়া যায় ললিতযশ, বিষ্ণুযশ, অনন্তযশ নামগুলি। আবার ব্রাহ্মণদের মধ্যে আছে মহাযশ বা মহাযশা বংশ।

(৫০) খড়্গ থেকেই হয়তো খাঁড়া। জাতখড়্গ, দেবখড়্গ প্রভৃতি নাম পাওয়া যায় বাংলার ইতিহাসে। আবার বৃত্তিবাচক রাজকর্মচারীদের পদ 'খন্তরক্ষক' পদ থেকে খাঁড়া এসে থাকতে পারে। খন্ত ছিল ভুক্তির অন্তর্গত ক্ষুদ্র অঞ্চল। মৌজা তুল্য।

(৫১) সমাজদার ও সমাদ্দার কিন্তু একই পদবী। এটি সমাজপতি বা মণ্ডলের সমর্থক।

(৫২) 'হাটি' পদবীর ইংরেজী বানান দেখে অনেকে এটিকে হাতি মনে

করেন। ইতিহাসে রাষ্ট্রীয় পদবাচক উপাধি পাওয়া যায় হট্টারিক। পরম হট্টারিক। বাণিজ্যকেন্দ্রের অধিকর্তা। শ্রীঅতুল সুর বলিছেন, আর্যভাষী আদি আলপাইন গোষ্ঠীর যাঁরা বাণিজ্য করতে এসেছিল তাঁরা নিজেদের পরিচয় দিত হট্ট। তা থেকে আমাদের হাট-বাজার।......কয়েকটি গ্রাম-নামের শেষেও হাটি শব্দটি আছে। যথা পত্রহাটি, ভাণ্ডারহাটি, আদারহাটি ইত্যাদি, ইতিহাসে দুজন বিদুষী মহিলার নাম পাওয়া যায়। একজন হটি বিদ্যালঙ্কার, অন্যজন হটু বিদ্যালঙ্কার। এই দুই মহিলার হটি ও হটু নামের মধ্যে হাটি পদবীর স্মৃতি-চিহ্ন থাকা সম্ভব।

(৫৩) আলাপী শব্দ থেকে। রাজারা তৎকালে মহিলা গাল্পিকও নিয়োগ করতেন, যাদের নাম ছিল 'আলাপনী' গল্প বলার বৃত্তি থেকে অথবা অর্থবানের আড্ডায় বেতন-ভুক সঙ্গী 'আলাপী' থেকে 'আলু' পদবী।

(৫৪) কোন সীমানা অঞ্চলের রক্ষক বা অধিকর্তা। দিক বলতে অঞ্চল বা প্রদেশকে বোঝায়। আবার ইন্দ্র, অগ্নি, যম, নির্ঋতি, বরুণ, বায়ু, কুবের, ঈশান, ব্রহ্মা, অনন্ত (নারায়ণ) এই দশজন হলেন দশ দিকের দিকপতি বা দিকপাল।

(৫৫) প্রামাণিক পদবীর মধ্যেই প্রমাণপত্র উপস্থিত। অর্থাৎ সাক্ষী। বিবাহ থেকে সুরু করে যে-কোন গুরুত্বপূর্ণ বিষয়ের সামাজিক সাক্ষ্য রাখা হত, কারণ লেখালেখির ব্যাপারটা ছিল সীমিত। আমাদের বিবাহ অনুষ্ঠানে পুরোহিত ও প্রামাণিক থেকে নিমন্ত্রিত ইতরজন অবধি সকলেই সাক্ষী।

(৫৬) নীচুতলার লোকদের গ্রাম শিরোমণিরা একালেও 'দাস' পদবী দান করেন। কিন্তু এই দাস শব্দটি ভৃত্যবাচক হয়ে উঠলো কি ভাবে? প্রাগার্য 'দাস'-রা নিজেদের দাস নামেই হয়তো পরিচয় দিতো। ঋগ্বেদে দিবোদাস নাম পাওয়া যায়। তৎকালে আরেকটি নাম সু-দাস অর্থাৎ এই জনগোষ্ঠী হয়তো নিজেদের দেবতার দাস হিসেবে পরিচয় দিতো। কিন্তু আর্যভাষীরা তাদের আজ্ঞাবহতে পরিণত করেছিল বলেই দাস শব্দটিরই অর্থ হয় ভৃত্য বা ক্রীতদাসোপম। ঠিক এই ধরণের একটি দৃষ্টান্ত হল স্লেভ শব্দটি। হিট্টাইটরা স্লাভদের যুদ্ধে বন্দী করে এনে ক্রীতদাসে পরিণত করে, ফলে স্লেভ শব্দের অর্থ দাঁড়ায় ক্রীতদাস। বিনয় বশত নিজকে আমি আপনার দাস থেকেও তাদের নামকরণ হয়ে থাকতে পারে। গৌড়ীয় বৈষ্ণব যুগের 'দাস' শব্দ অন্য ব্যঞ্জনা লাভ করে। সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে মালাই ভাষায় এই জাতীয় বিনয় দেখানো হয় 'সায়া' শব্দে যা এসেছে 'সহায়' শব্দ থেকে। অর্থাৎ আমি আপনার সহায়। বাঙালীর পদবীর হাটেও সহায় এবং বন্ধু অপ্রাপ্য নয়।

(৫৭) পায়রা শব্দটি কিন্তু কবুতর নয়। এটির ভিন্নরূপ পয়রা ও পরড়্যা। একদা অনেকেই হয়তো কোলকাতায় অলিতে-গলিতে পয়রা গুড়ের ডাক শুনেছেন। শীতের প্রথমেই তার বড়ই কদর। খেজুর গাছের রস থেকে গুড় বানাতে হলে, গাছটির গুঁড়ি খানিকটা কেটে কলসী ঝুলিয়ে দিতে হয়তো অনেকেই দেখেছেন। রীতি হল তিন দিন পর পর কাটা যাবে ও রস গ্রহণ চলবে। তারপর তিনদিন বিশ্রাম। এই বিশ্রামের পর প্রথম যে দিন আবার কাটা হয়, তার রস থেকেই পয়রা গুড় তৈরী হয়। অর্থাৎ 'পহেলা' বা 'পয়লা' শব্দ থেকেই 'পয়রা' পরে 'পয়ড়্যা' বা 'পায়রা'।

(৫৮) 'রাণা' তো রাজপুত ইতিহাসে সুবিখ্যাত। একদা জাতীয়তায় তাঁদের কাহিনী আমাদের উদ্দীপনা জাগাতো। কিন্তু এটি তাঁদের পদবী ছিল না, নামের আগে বীর বা রাজা অর্থে ব্যবহৃত হত। নেপালে ব্যবহৃত হয় নামের শেষে। প্রায় পদবীই। কিন্তু বাঙ্গালীর 'রাণা' রাঢ়ের স্থাননাম রায়না থেকেই এসে থাকতে পারে। একটি অবাঙালী পদবীও আছে 'রায়না'। রাণা ৫ম-৭ম শতাব্দীর 'রাণক' অধস্তন রাজপদ থেকেও এসে থাকতে পারে।

(৫৯) গোত্র প্রবর্তকের বা প্রবরের নাম থেকেও বহু পদবীর সৃষ্টি হয়েছে। ভারতের অন্যত্র তার প্রচলনও আছে। যথা : কাশ্যপ, বাৎস্য, দেবল, চ্যবন, ভার্গব, বশিষ্ঠ, কৌশিক, গর্গ প্রভৃতি। লক্ষ্য করলে দেখা যাবে বাঙালীর কোন কোন দেশজ পদবী এই সব গোত্র নামেরই অপভ্রংশ। অব্রাহ্মণদের মধ্যে তার প্রচলনের কারণ গোত্র সব জাতির মধ্যেই আছে।

প্রসঙ্গক্রমে পাঠকের কৌতূহল নিরসনের জন্য সাঁইত্রিশটি গোত্র ও উনসত্তরটি প্রবরের নাম দেওয়া হলো। যথা :—

গোত্র	কাঞ্চন	জৈমিনি	ভরদ্বাজ
	কাশ্যপ	পরাশর	মৌদ্গল্য
অত্রি	কাত্যায়ন	বশিষ্ঠ	শক্তিত্র
অব্য	কাণ্বায়ন	বাৎস্য	শাণ্ডিল্য
অগস্ত্য	কৌণ্ডিল্য	বাসুকি	শুনক
অনাবৃকাক্ষ	কৌশিক	বিষ্ণু	সাঙ্কৃতি
আত্রেয়	কৃষ্ণাত্রেয়	বিশ্বামিত্র	সাবর্ণ
আঙ্গিরস	গর্গ	বৈয়াঘ্যপদ্য	সৌকালিন
আলম্বায়ন	গৌতম	বৃদ্ধি	সৌপায়ন
কাণ্ব	জমদগ্নি	বৃহস্পতি	

প্রবর	উর্ব্য	জামদগ্ন্য	ভরদ্বাজ
	কপিল	জৈমিনি	ভার্গব
অত্রি	কাণ্ব	দধীচি	ভৃগু
অব্য	কাশ্যপ	দেবল	মারীচি
অগস্ত্য	কাণ্বায়ন	দেবরাজ	মাণ্ডব্য
অনন্ত্য	কুরু	নৈধ্রুব	শক্তি
অপ্সার	কৌৎস	পরাশর	শাণ্ডিল্য
অব্যাহ	কৌণ্ডিল্য	পার্ব্বন	শাতাতপ
অরোত্রি	কৌরব	বলি	শাকটায়ন
অশ্বত্থ	কৌশিক	বশিষ্ট	শালঙ্কায়ন
অসিত	কৌশুভ	বশিষ্ঠ	শুনক
অক্ষোভ্য	কৌষিক	বাসুকি	শৌনক
অজামীঢ়	গাগ্য	বার্হস্পত্য	সাংখ্য
আত্রেয়	গার্গ্য	বিষ্ণু	সাঙ্কৃতি
আঙ্গিরস	গৌতম	বিশ্বামিত্র	সারস্বত
আপ্লুবৎ	গৃৎসমদ	বৃদ্ধি	স্তিমিক
আলম্বায়ন	চ্যবন	বৃদ্ধাঙ্গির	সৌকালিন
উতথ্য	জমদগ্নি	বৃহস্পতি	

(৬০) দাশগুপ্ত বা সেনগুপ্ত—ইতিহাস বলে, এই যুগ্ম পদবীর প্রস্তুতিকরণ ও প্রচলন রীতিমত আধুনিক। এমন কি 'দাশ' বানানটিও। বহুবিধ প্রয়োগের কথা বাদ দিলে 'দাস' শব্দের আভিধানিক অর্থ 'ভৃত্য', 'দাশ' শব্দের সরলার্থ ধীবর। সুতরাং ধরে নিতে হবে শব্দার্থের সংগে পদবীর সম্পর্ক নেই। 'দাস' পদবীধারীরা ভৃত্য নয়, 'দাশ' পদবীও ধীবরত্ব প্রকাশ করে না।

(৬১) নদীয়ারাজেরা এঁদের মেদিনীপুর থেকে নদীয়ায় নিয়ে আসেন এবং 'রণসিংহ' পদবী দেন।

(৬২) অগ্রদ্বীপ (বর্ধমান জেলা) গ্রামে মহাপ্রভুর পার্ষদ 'গোবিন্দ ঘোষ'-এর পদবী হয় 'ঘোষ ঠাকুর'। অগ্রদ্বীপের বৈষ্ণবেরা অনেকে 'ঘোষ ঠাকুর' পদবী ব্যবহার করেন।

(৬৩) মহাপ্রভু প্রবর্তিত নব বৈষ্ণব ধর্মের লৌকিক উপশাখা লোকায়ত ধর্ম 'কর্তাভজা' সম্প্রদায়ের গুরুর বংশানুক্রমিক উপাধি 'দেবপাল মোহান্ত'।

(৬৪) নব বৈষ্ণব ধর্মের লৌকিক উপশাখা 'বলাহাড়ী' বা 'বলরামী' সম্প্রদায়ের অনেকের 'বলরামী' পদবী।

(৬৫) নব বৈষ্ণব ধর্মের লৌকিক উপশাখা 'সাহেবধনী' সম্প্রদায়ভুক্ত কাজী মৌলা বক্স নিজের নামের পদবী হিসাবে 'হিন্দুমান' ব্যবহার করতেন। অর্থাৎ হিন্দু ও মুসলমান-এর মিলিত পদবী। অবশ্য, আর কোনও পরিবার এই পদবী ব্যবহার করেন নি।

(৬৬) ভারতেশ্বরী ভিক্টোরিয়ার রাজত্বকালে সুবর্ণজয়ন্তী উপলক্ষে ইংরাজী ১৮৮৭ সালে প্রাচ্যশিক্ষায় লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিতগণকে সম্মানিত করিবার জন্য এই উপাধি দানের প্রবর্তন করা হয়।

(৬৭) নবাবী আমলে ভূমি ও রাজস্বকার্যে নিযুক্ত হলে এই উপাধি পেতেন।

(৬৮) 'কুণ্ড' শব্দটির মূল দ্রাবিড় ভাষায় নিহিত। 'কুণ্ডা' কথাটিও, সামান্য পরিবর্তিতরূপে, একই উৎস থেকে উদ্ভূত। আধুনিক বাংলায় (কুণ্ড কথাটির প্রচলিত অর্থ কিন্তু গর্ত) 'কুণ্ডু' কথাটি এই দলগত হলেও বাঙালী সমাজের একাংশের কুলগত পদবী হিসাবেই বেশী পরিচিত।

(৬৯) সংস্কৃত 'রাজন' শব্দ থেকে উদ্ভূত 'রায়'। মুসলমান আমলের রায়রায়ান বা ব্রিটিশ আমলের রায়সাহেব ও রায়বাহাদুর উপাধি অনেকের কাছে সম্মানার্হ ছিল।

(৭০) সরকারী খেতাব। রাজতুল্য সম্ভ্রান্ত কর্মচারীকে দেওয়া হত। কোন কোন স্থলে নরপতি অর্থে ব্যবহৃত হয়।

(৭১) সংস্কৃত 'রাজা' থেকে 'রাণা' এসেছে। কিন্তু উত্তর ভারত বা পূর্ব ভারতের রাণারা সাধারণ লোক। কোন কালে এদের সঙ্গে রাজা বা রাজক্ষমতার যোগ চিহ্ন খুঁজে পাওয়া যাচ্ছে না।

(৭২) সংস্কৃত 'রাজন্যক' থেকে 'রাণক' শব্দের উৎপত্তি। বল্লালসেনের তাম্রশাসনে 'রাণক' শব্দের উল্লেখ রয়েছে। রামশরণ শর্মা 'ভারতের সামন্ততন্ত্র' গ্রন্থে লিখেছেন, এরা রাজাকে সামরিক ব্যাপারে সাহায্য করত। রাজার সামন্তদের মধ্যে রাণকের স্থান ছিল খুব উচুতে। অনুদানপত্রে রাণীর পরেই এদের স্থান দেওয়া হয়েছে। 'রাণক' উপাধি শুরুতে রাজপরিবারের সদস্যদের দেওয়া হত, কিন্তু পরে ব্রাহ্মণদেরও এই উপাধি দেওয়া হয়।

(৭৩) হালদার শব্দের তিনটি অর্থ হতে পারে। (১) হাল অর্থাৎ লাঙ্গল চালক অর্থাৎ চাষী। (২) হাল অর্থাৎ নৌকার কর্ণচালক অর্থাৎ কাণ্ডারী বা মাঝি এবং (৩) হালদার অর্থাৎ বিশেষ কোন কাজ বা দায়িত্বের ভারপ্রাপ্ত ব্যক্তি। আরবী

শব্দ হাব্‌লদার থেকেও শব্দটা আসা সম্ভব। উচ্চপদস্থ সামরিক কর্মচারীকে হাওলদার বলা হত। এখনও সামরিক ও পুলিশ বিভাগে শব্দটির প্রচলন আছে।

(৭৪) নদীনালা খাড়ি-সমুদ্রের দেশে ব্যাপক সহাবস্থান থেকে এটা অনুমান করা স্বাভাবিক যে, এদের পূর্বপুরুষদের পেশা ছিল নৌচালনা। এদের কেউ যাত্রা করতেন শ্যাম, কম্বোজ, যবদ্বীপ, ব্রহ্মদেশ, সিংহল প্রভৃতি দেশে নৌযানের চালক হিসাবে, কেউ বা কাছাকাছি নদীনালা খাড়ি-সমুদ্রে মাছ ধরতেন বা খেয়া মাঝির কাজ করতেন।

(৭৫) রাঢ়ী ব্রাহ্মণদের পদবী সবই গ্রামঘটিত নয়। অধিকাংশ 'গাঞি' নামই গ্রামের সংগে সম্পর্ক-বিরহিত। যথার্থ গাঁই-পদবী হল চম্পটি, চোতখণ্ডী, কেশরকুনি।

(৭৬) এই পদবীর মধ্যে নিহিত আছে একটি লুপ্ত গ্রামনাম 'পাকড়াস' (>পর্কটাবাস ; বৈদিক প্লক্ষ=অবৈদিক 'পর্কট', 'পর্কটী')।

(৭৭) গাঙ্গুলি এসেছে 'গঙ্গাকুলিক' থেকে, যাঁরা গঙ্গার ধারে বাস করতেন। এটা স্থান-সম্পর্কিত নাম বটে কিন্তু কোন নির্দিষ্ট স্থাননাম নয়।

(৭৮) এগুলি গ্রামনাম থেকে আসেনি। যে ব্রাহ্মণ মহাপণ্ডিত রাজসভায় হাতির ঘেরায় সোনার ঘড়ায় করে ঢালা জলের অভিষেক দ্বারা সংবর্ধিত হতেন তিনি 'গজঘটা-বন্দ্যঘটীয়' বলে বিখ্যাত হতেন। এই বাক্যাংশটির সংক্ষিপ্ত রূপ হল 'বন্দিঘাটি'। এটি পদবীরূপে গৃহীত হয়েছিল। "বন্দিঘাটির" বিকৃত রূপ 'বাঁড়ির'। তাতে 'জী' (<জীব) যোগ করে হল বাঁড়রজি>বাঁড়ুজ্জে, ইংরেজীতে Banerji। তেমনি যে ব্রাহ্মণপণ্ডিত পরিব্রাজকের মতো ছিলেন তাঁরা খ্যাতি পেয়েছিলেন 'চাটবৃত্তি' বলে। এর থেকেই 'চাটুতি'—এই পদবীর উৎপত্তি। চাটুতি+জী>চাটুজ্জে। 'মুখুজ্জে' এসেছে প্রাচীনতর 'মুখুটি' থেকে। এ নামটির উৎপত্তি সম্ভবতঃ 'মুখভট্ট' (অর্থাৎ প্রধান পুরাণ-পাঠক) থেকে।

(৭৯) কবিকঙ্কণ মুকুন্দ বলে গেছেন যে বারেন্দ্র ব্রাহ্মণদের গাঁই নেই, গোত্র আছে। একথা মুকুন্দের সময়ে সত্য ছিল, এখন সর্বাংশে সত্য নয়। বারেন্দ্র ব্রাহ্মণের মধ্যেও গাঁই অর্থাৎ গ্রামঘটিত পদবী দেখা দিয়েছে। যেমন, ভাদুড়ী (<ভদ্রবট+ -ইক)।

(৮০) সরকারের অথবা জমীদারের ক্ষুদ্র মহালের রাজস্ব আদায়কারী কর্মচারী। মোগল রাজত্বে প্রাদেশিক প্রধান রাজার কর্মচারীদের সিকদার বলা হত।

(৮১) বিশেষ বিশ্বস্ততা জ্ঞাপনার্থ 'সাধু' এই সংজ্ঞা রাজদত্তই হউক বা

সমাজদত্তই হউক, চলিয়া আসিতেছে, তাহারই অপভ্রংশে 'সাহু' এবং তাহা হইতে সাহা বা 'সা' হইয়াছে। পারশী ভাষাতেও 'সাই' বা 'সা' শব্দ উচ্চ সম্মানের উপাধিব্যঞ্জক।

(৮২) ইংরেজ আগমণের পর পদবীর ইংরেজীয়ানা ফ্যাশান হয়ে উঠেছিল। এই সাহেবী ঢঙ আনার ফলেই সেকালে লাহা হয়েছিল Law, সাহা Shaw, পাল Paul, দাঁ যদিও মূলতঃ ছিলেন দাম, কিন্তু হয়েছিলেন Dawn, বসু বোস হলেন, কিংবা উচ্চারণে বাসু, পদমর্যাদা বাড়লে একালেও সিংহ হয়ে যান সিন্‌হা, দত্ত হন ডাট। সেকালেও চন্দ্র হয়েছিলেন চন্দার, মিত্র মিটার। রায়কে এখন রয় দেখি, কিংবা সাহেবের মুখে রে, ঠাকুর তো সকলেই জানি ট্যাগোর হয়েছিলেন। ব্যানার্জি, চ্যাটার্জি, মুখার্জি তো স্থায়ী রূপ পেয়ে গেছে। আসলে চাটুয্যা, বাঁড়ুয্যা থেকে চাটুজ্যে বাঁড়ুজ্যে ইংরেজের মুখেই হয়তো চ্যাটার্জি ব্যানার্জি হয়ে যায়।

(৮৩) পশ্চিমবঙ্গে গোয়ালাদের মধ্যে এই পদবীটি দৃষ্ট হয়। ইহা বংশগত নয়, বৃত্তিমূলক। এঁদের পূর্বপুরুষরা লোহ-পিতলের কড়াই তৈরি করিতেন তাই তৈরির সময় 'কড়কড়' শব্দের উৎপত্তি হেতু স্থানীয়লোকেরা ইহাদের 'কড়কড়ি' বলিয়া ডাকিতেন। সেই হেতু পদবীর স্থান লোকের কথায় বা মুখে 'কড়কড়ি'-তে রূপ পাইয়াছে।

(৮৪) কদম বৃক্ষের নাম। আদিবাসী (সাঁওতাল) উৎসব-প্রিয়। বর্ষার সমাগমে কদম পাতা ও কদমফুলে মাথা সজ্জিত করিয়া সাঁওতাল যুবকযুবতীরা নৃত্যগীত করেন এবং পরস্পরের মধ্যে প্রাক্-বিবাহ ব্যবস্থা পাকা করিয়া থাকেন। এককথায় পাকাদেখা পর্বটি অনুষ্ঠিত হইয়া থাকে। কদম শব্দের ভিন্ন অর্থ 'পা' অর্থাৎ জোর কদম। যাঁহারা জোর কদমে যাতায়াতে পটু, হয়তো কোন জমিদার বা ভূস্বামী ইঁহাদের কদম উপাধি দেন।

(৮৫) আয়ুর্বেদশাস্ত্রে বলা হইয়াছে 'কপাট' অর্থ শিরোহস্থি। মস্তকের অস্থি অর্থাৎ দেহের অত্যন্ত প্রয়োজনীয় অংশ। এই অর্থে বোধ হয় ইঁহারা সমাজে মাথার মণি। অন্য অর্থে আয়ুর্বেদ শাস্ত্রে দীক্ষিত পুরুষ।

(৮৬) বর্ধমান অঞ্চলে বাগদীদের মধ্যে এই পদবীটি পাওয়া যায়। গেঁটে অর্থ গাটযুক্ত (লাঠি) বেশ দীর্ঘ ও ঋজু। ইহাদের দৈহিক গড়ন বেশ পেটানো লোহার মত শক্ত ও মজবুত। গেঁটে লাঠি ইহাদের জীবিকার প্রধান অঙ্গ। জমিদার প্রভৃতির নিকট ইহারা লাঠিয়াল নামে পরিচিত।

(৮৭) ঘুরপাক পদবীধারীদের জীবিকা নদীতে নৌকা লইয়া 'ঘুরে ঘুরে পাক' খাইয়া স্রোতের প্রতিকূলে বা অনুকূলে মাছ ধরা। ইহাদের কাজের ধরন 'ঘুরে

ঘুরে পাক' খাওয়া হইতে লোকের মুখে মুখে 'ঘুরপাক' শব্দটি প্রচার হয়। পরে পদবীতে আশ্রয় পায়!

(৮৮) চিয়াড় [চি-চৌ=চতুর্—আড়=আর (হি-বেধনাস্ত্র), চেয়াড়ও হয়] চতুর্মুখ বান বিশেষ। যাঁহারা বাঁশের চেঁচাড়ি (চেয়াড়/চিয়াড়) তৈরী করিতে অভ্যস্ত এবং ব্যবহারে পটু। পেশায় দক্ষ। এই অর্থে 'চেয়াড়' শব্দটি পদবীতে স্থান লইয়াছে।

(৮৯) বেতের অনুরূপ। শিবের গাজনে সন্ন্যাসীরা (ভক্তরা) বেতের ছড়ি ব্যবহার করিয়া থাকেন। উদ্দেশ্য অশুভ শক্তি বিতাড়ন। অনুরূপ 'হো' জাতিরা গ্রাম্য দেবতার বার্ষিক পূজানুষ্ঠানের সময় গৃহশান্তি, উত্তমবৃষ্টি, উত্তম ফসল এবং শিশুদের মঙ্গলের জন্য ভূত তাড়ানোর উদ্দেশ্যে ধর্মের গাজনের মতোই শোভাযাত্রা বের করে। সেই সময় তাদের হাতে থাকে একগাছা ছড়ি। ইহাও হইতে পারে যে নবাব ইহাদের 'ছড়ি' তুলিয়া দেন অপরাধীকে শাস্তি দিবার জন্য। সেই থেকে শব্দটি পদবীতে দাঁড়াইয়াছে।

(৯০) চলতি বাংলায় একটা কথা আছে 'ঢ্যাড়া দেওয়া' অর্থাৎ রাজার বা জমিদারের কোন আদেশ ঢোল বাজিয়ে জনসমক্ষে প্রচার করা। ইঁহারা কি প্রচারবিভাগের অধিকর্তা? আবার ইহাও হইতে পারে ইঁহারা ধনাঢ্য ও বিত্তশালী ব্যক্তি। তাই 'ঢোল' উপাধি ইঁহাদের উপর বর্তাইয়াছে। কেননা 'ফুলে ফেঁপে ঢোল হয়েছে' (অর্থ=কৌলিন্যে) প্রবাদটির চল আছে। শব্দটি বাদ্যযন্ত্রের অন্তর্ভুক্ত হইতে পারে।

(৯১) 'তাপ' শব্দের অপভ্রংশ। বর্ধমান জেলায় উগ্রক্ষত্রিয়ের মধ্যে এই পদবীটি দেখতে পাওয়া যায়। প্রাচীনকালে ইহাঁরা সামরিক বিভাগে বিশেষ দক্ষতার পরিচয় দিয়েছিলেন, পরে সৈনিক বৃত্তিতে যথেষ্ট সুনাম অর্জন করেন। নিজেদের মধ্যে 'তা' (=তাপ), জিয়াইয়া রাখিয়া অন্যের তাপকে দমন করিতেন। অর্থাৎ কোন রাজা বা জমিদারের অধীনস্থ প্রজারা বিদ্রোহ ও অস্থিরচঞ্চল হইলে ইঁহারা তাহাদের সমুচিত শাস্তি দিতেন।

(৯২) 'দই' পদবীধারী ব্যক্তিটি মিষ্টি দ্রব্যাদির দোকান করিতেন। এবং ইঁহাদের দোকানে দই-এর খুব নামডাক ছিল, এবং দোকানী দই-পাতায় বেশ নাম করিয়াছিলেন। ফলে বংশগত পদবীর স্থান অধিকার করে বৃত্তিগত পদবী। লোকের মুখে মুখে 'দই' কথাটি ছড়িয়ে পড়ায় উহারা 'দই' পদবী ব্যবহার করতে থাকেন।

(৯৩) বহুগুণসম্পন্ন ব্যক্তি। বহবঃ গুণাঃ বর্ত্তন্তে যস্মিন=বহুগুণাঃ। [হেমবতীনন্দন বহুগুণা জানাইয়াছেন যে তাঁহারা বাংলাদেশ হইতে উত্তর প্রদেশে

কয়েক পুরুষ আগে আসেন, এবং উর্ধ্বতন পুরুষরা কবিরাজী চিকিৎসা করিতেন। কবিরাজী চিকিৎসার মধ্যে বহুগুণের আকর দেখা যায় অর্থাৎ নানান বিষয়ে তাঁহাদের অভিজ্ঞতা ও জ্ঞান থাকা দরকার।

(৯৪) Etymologically, means a husband, master, lord etc. In certain inscriptions found in the Ganjam District of Orrisa this expression (i. e. বল্লভ) and expressions like বল্লভ-দুর্লভ have been found. From the context of such records it appears that term বল্লভ represented a high rank among the court-officials. It probably denoted the rank of a noble, a baron, or Superintendent.

(৯৫) হিন্দু রাজাদের আমলে 'পট্টকিল' উপাধি দেওয়া হতো রাজানুগ্রহীদের। জমি ভোগ করার অধিকারপত্র হল পট্ট। যারা পেত তারা পট্টকিল। ঐ পট্টকিল শব্দটিই পরে পদবী হয়ে গেল ঐ সব বংশে। ধীরে ধীরে বাংলায় 'পট্টকিল' হয়ে গেল 'পটল', দক্ষিণ ভারতে যা 'পাতিল' আর পশ্চিম ভারতে যার রূপ 'প্যাটেল'।

